২। ধরো একটি সমাজে দুটি জিনিষ তৈরী হয়— একটি সামরিক দ্রব্য (বন্দুক) এবং একটি ভোগ্য দ্রব্য (মাখন)।

(ক) বন্দুক ও মাখনের জন্য অর্থনীতির উৎপাদন সম্ভাবনা রেখা এঁকে দেখাও। সুযোগ ব্যয়-এর তত্ত্ব ব্যবহার করে এই রেখাটির আকার (Shape) ব্যাখ্যা কর। (খ) একটি বিন্দু দেখাও যা এই অর্থনীতির পক্ষে পাওয়া কখনো সম্ভব নয়, এমন একটি বিন্দু দেখাও যা পাওয়া সম্ভব (feasible) কিন্তু অদক্ষ (inefficient)। গ) ধরো এই

অর্থনীতিতে দুটি রাজনৈতিক দল আছে — একদল হচ্ছে 'হক' (যারা বেশী সামরিক উৎপাদন চায়) এবং অন্যদল হচ্ছে 'ডাভ' (যারা কম সামরিক উৎপাদন চায়)। এমন একটি বিন্দু দেখাও তোমার উৎপাদন সম্ভাবনা রেখাতে যা 'হক'-রা চাইবে এবং এমন একটি বিন্দু দেখাও যা ডাভেরা চাইবে। (ঘ) যদি একটি প্রতিবেশী দেশ তার সামরিক উৎপাদন কমিয়ে দেয় তাহলে 'হক' এবং 'ডাভ' দুদলই তাদের অভিপ্রেত বন্দুক উৎপাদন একই পরিমানে কমিয়ে দেবে। তাহলে কোন দল শান্তির প্রতীক হিসাবে বেশী মাখন উৎপাদন করবে? বুঝিয়ে বল। ২+১+১+২

৩। নিম্নলিখিত বক্তব্যগুলি সত্য নাকি মিথ্যা তা যুক্তিসহ আলোচনা কর :

(ক) "যদি একটি দেশের সবকটি দ্রব্য উৎপাদনের ক্ষেত্রেই চরম সুবিধা থাকে, তাহলেও বাণিজ্য থেকে দুটি দেশেরই লাভ হতে পারে"। (খ) "যদি বাণিজ্য একটি দেশের পক্ষে ভাল হয়, তবে তা দেশের সকলের পক্ষেই ভালো হবে"। ৩+৩

৪। ধরা যাক একটি ডিমের বাজার আছে। নিম্নলিখিত ঘটনাগুলির ক্ষেত্রে যোগান বা চাহিদা নির্ধারণকারী কোন বিষয় প্রভাবিত হচ্ছে তা চিহ্নিত কর। প্রতিটি ক্ষেত্রে যোগান অথবা চাহিদার হ্রাস বা বৃদ্ধি নির্দেশ কর।

(ক) মুরগী-দের খাবারের দাম কমলো। (খ) একটি ডাক্তারি গবেষণাতে দেখা গেল ডিম খাওয়া স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক। (গ) ডিম উৎপাদনকারী সংস্থার সংখ্যা বৃদ্ধি পেল। ২+২+২

৫। (ক) এক ব্যক্তি জামাকাপড়ের ওপর আয়ের এক তৃতীয়াংশ ব্যয় করে। আয়গত স্থিতিস্থাপকতা কত হবে? (খ) সরলরৈখিক চাহিদা রেখা $q = a - bp\,(a, b > 0)$ মধ্যবিন্দুতে চাহিদার দামগত স্থিতিস্থাপকতা নির্ধারণ কর। ২+৪

৬। (ক) ক্রেতা এবং বিক্রেতার ওপর কর কখন সমতুল্য হবে? (খ) সরকার যদি বিলাসবহুল গাড়ির উপর ২৫,০০০ টাকা কর বসায়, তবে ক্রেতার দাম ২৫,০০০ টাকা বাড়বে, ২৫,০০০ টাকার বেশি বাড়বে, ২৫,০০০ টাকার কম বাড়বে? ব্যাখ্যা কর। ৩+৩

৭। ধরা যাক্ টায়ারের বাজারে

চাহিদার সমীকরণ $Q^D = 700\text{-}P$

যোগানের সমীকরণ $Q^S = -500 + 15P$

ভারসাম্য দাম = 70 টাকা

ভারসাম্য পরিমাণ = 625

ধরা যাক্ টায়ারের চাহিদার উপর ৫ টাকা কর বসানো হল, টায়ারের নতুন চাহিদার সমীকরণ

$$Q^D = 700 - (P+5)$$

বিক্রেতা যে দাম পাবে, ক্রেতা যে দাম দেবে এবং 'মৃতভার ক্ষয়' (deadweight loss) নির্ধারণ কর। $১^১/_৩ + ১^১/_৩ + ৩$

৮। নিম্নলিখিত মোট উপযোগীতার তালিকা দেখে প্রশ্নের উত্তর দাও :

ভোগ্য পরিমাণ	০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মোট উপযোগীতা	০	৮	১৩	১৭	২০	২২	২৩	২৩	২২	২০

(ক) একটি মোট উপযোগীতার রেখা এঁকে দেখাও। এবং তার থেকে প্রান্তিক উপযোগীতার রেখা এঁকে দেখাও। (খ) অর্থের প্রান্তিক উপযোগীতা (λ) যদি ০.৫ হয়, তাহলে প্রান্তিক উপযোগীতা রেখা থেকে চাহিদা রেখা এঁকে দেখাও। (গ) প্রতি ইউনিট জিনিষের দাম যদি ৪ টাকা হয় তবে ভারসাম্য উৎপাদন পরিমাণের সমাধান বার কর। ২+২+২

৯। ধরা যাক একটি শহরে একটি আতসবাজি প্রদর্শনী হচ্ছে। এই শহরের বাসিন্দা তিন জন। প্রস্তাবিত আতসবাজি প্রদর্শনীর জন্য ক ১০০ টাকা দিতে রাজি, যেখানে খ ও গ যথাক্রমে ৩০ ও ২০ টাকা দিতে রাজি। আতসবাজি প্রদর্শনীর মোট খরচ ১২০ টাকা।

(ক) শহরের কোন বাসিন্দা কি একক ভাবে আতসবাজি প্রদর্শনীর পুরো খরচ দিতে রাজি থাকবে? (খ) আতসবাজি প্রদর্শনীর খরচ যদি শহরের বাসিন্দাদের মধ্যে সমানভাবে ভাগ করা হয়, শহরের বাসিন্দাদের সংখ্যাগরিষ্ঠ কি প্রদর্শনীর পক্ষে ভোট দেবে? ব্যাখ্যা কর। (গ) একটি লেনদেন বর্ণনা কর যেটি থেকে শহরের তিন বাসিন্দারই সুবিধা হবে। ২+২+২

[English Version]

Group – A

1. Answer **any five** questions : 4×5

(a) What is opportunity cost? Find out the opportunity cost of a policy to reduce global warming. 2+2

(b) Explain two main causes of market failure giving an example of each (c) Explain what is meant by a good being "excludable" and "rival in consumption". Is a pizza excludable and / or rival in consumption? (d) Explain the signs of cross price elasticity of demand for substitute and complementary goods. (e) "The tax burden collected in the form of revenue by the Government coustitutes a net loss to

the society". True, false or uncertain? Explain. (f) Suppose the environment deteriorates due to increaing pollution. What are the policies available to correct this problem? Which one do you prefer? (g) Over the past 20 years, technological advances have reduced the cost of computer chips. How do you think this affected the market for computers? For computer software? For typewriters? 2+1+1

(h) Are the externilities associated with public goods generally positive or negative? Use examples to illustrate your answer.

Group – B

Answer *any five* questions 6×5

2. Imagine a society that produces a military good 'guns' and a consumer good 'butter'. (a) Draw a production possibility frontier for guns and butter. Using the concept of opportunity cost, explain its shape. (b) Show a point that is impossible for the economy to achieve. Show a point that is feasible but inefficient. (c) Imagine that the society has two political parties called the Hawks (who want a strong military) and the Doves (who want a smaller military). Show a point on your production possibility frontier that the Hawks might choose and a point the Doves might choose. (d) Imagine that a neighbouring country reduces the size of its military. As a result, both the Hawks and Doves reduce their desire production of guns by the same amount. Which party would get the bigger 'peace dividend' measured by the increase in butter production? Explain. 2+1+1+2

3. Are the following statements true or false? Justify your answer. (a) "Two countries can achieve gains from trade even if one of the countries has an absolute advantage in the production of all goods". (b) "If trade is good for country, it must be good for everyone in the country". 3+3

4. Consider the market for eggs. For each of the events listed below, identitfy which of the determinants of supply or demand are affected. Also indicate whether supply or demand increases or decreases in each case. (a) The price of food for hens falls. (b) A medical study indicates that eating eggs is hazardous to health. (c) The number of egg-producing farms increases. 2+2+2

5. (a) A person always spends one third of his income on clothing. What is his income elasticity of demand? (b) Find out the elasticity at the midpoint of the linear demand curve

$$q = a - bp \ (a,b > 0).$$ 2+4

6. (a) When are taxes on buyers and taxes on sellers equivalent? (b) If the Government imposes a Rs.25,000 tax on luxury cars, will the price paid by consumers rise by more than Rs.25,000, less that Rs. 25,000 or exactly Rs. 25,000? Explain. 3+3

7. (a) Suppose that the market for tyres is described by the following demand and supply eqations. $Q^D = 700 - P, Q^S = -500 + 15P$. Equilibrium price = Rs. 75 , Equilibrium quantity = 625. Now suppose that a tax of Rs.5 is placed on buyers of tyers, so that the new demand equation is $Q^D = 700 - (P+5)$. Calculate the price received by sellers, the price paid by buyers and the deadweight loss. 1½+1½+3

8. Consider the following total utility schedule :

Quantities Consumed	0	1	2	3	4	5	6	7	8	9
Total Utility	0	8	13	17	20	22	23	23	22	20

(a) Draw a total utility schedule and derive the MU schedule from it. (b) If the MUof money (λ) is 0.5, plot the demand curve from the MU schedule. (c) Find the equilibrium quantity demanded if the price of the commodity is Rs.4 per unit. 2+2+2

9. Consider a three-person city that is considering a fireworks display. A is willing to play Rs. 100 for the proposed fireworks display, while B and C are willing to pay Rs.30 and Rs.20 respectively. The cost of the fireworks display is Rs.120. (a) Will any single citizen provide for the display on his or her own? (b) If the cost of the fireworks display is divided equally among the citizens, will a majority vote in favour of the display? Explain. (c) Describe a transaction that would benefit all three citizens. 2+2+2

FIRST PAPER – 2012

(GROUP – B)

(Macroeconomic Principle)

Full Marks – 50

বিভাগ — ক

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৪×৫

১। ধরা যাক একটি দেশের ভোক্তারা একটি নির্দিষ্ট দ্রব্যের ঝুড়ি ভোগ করে যাতে আছে 4 একক A দ্রব্য ও 2 একক B দ্রব্য। 2005, 2006 ও 2007 সালে A দ্রব্যের দাম হল যথাক্রমে Re.1, Rs.2 এবং Rs.3। সেই একই সালের জন্য প্রতি একক B দ্রব্যের দাম হল যথাক্রমে Rs.2, Rs.3 এবং Rs.4।

(i) 2005 সালকে ভিত্তি বছর ধরে নিয়ে প্রতি বছরের জন্য CPI হিসাব কর। (ii) এই CPI ব্যবহার করে, মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩+১

২। (ক) ধরা যাক GDP হল Rs. 5,000। দেশের নাগরিকরা বিদেশ থেকে উপাদানের অর্থপ্রদান হিসাবে পায় Rs.150। বিদেশী নাগরিকরা উপাদানের অর্থপ্রদান হিসাবে এই দেশ থেকে পায় Rs. 90। GNP-র মূল্য নির্ণয় কর।

(খ) যদি মহিলারা অধিকতর সময় দাম পাওয়া যায় — এমন পেশায় নিযুক্ত থাকেন — আর স্বল্পতর সময় বিনা দামের বাড়ির কাজে শ্রম দেন — তাহলে মোট আভ্যন্তরীণ উৎপাদন কিভাবে প্রভাবিত হবে? ব্যাখ্যা কর। ২+২

৩। নিম্নলিখিত তথ্য থেকে জাতীয় আয় ও ব্যক্তিগত খরচযোগ্য আয় নির্ধারণ কর ঃ

	Rs. Cr.এ	
বাজার দাম অনুযায়ী মোট দেশীয় আয়	=6000	
বিদেশ থেকে প্রাপ্ত নীট আয়	=–75	
অবচয়	=800	
পরোক্ষ কর	=700	
করপোরেট লাভ	=1,200	
বন্টিত লভ্যাংশ	=600	
ব্যক্তির হস্তান্তর আয়	=1,300	
ব্যক্তিগত কর	=1,500	২+২

৪। যদি C = 500 + 0.75 Y হয়, তবে যখন Y = 2,000 , তখন S-এর মান নির্ধারণ কর। যদি বন্যার কারণে Y কমে 1,600 হয়, তবে C আর S কিভাবে, কতটা প্রভাবিত হবে? ২+২

৫। 'ভোগ অপেক্ষক বরাবর আয় ভোগের থেকে বেশী বদলায়' — ইহা MPC এবং MPS এর জন্য কি বোঝায়? ৪

৬। ধরা যাক একটি অর্থনীতিতে দুধরনের শ্রম বাজার আছে — একটি উৎপাদক (manufacturing) শ্রমিকদের ও সেবা (service) শ্রমিকদের। শুরুতে ধরা যাক কোনটাই শ্রমিক সংঘবদ্ধ নয়।

(i) যদি manufacturing-এর শ্রমিকরা সংঘবদ্ধ হয়, তাহলে তার কি প্রভাব manufacturing-এর মজুরি ও শ্রমের উপর পড়বে? (ii) কিভাবে manufacturing-এর শ্রমের বাজারের পরিবর্তনগুলি service-এর শ্রম বাজারের ভারসাম্য মজুরি ও শ্রমকে প্রভাবিত করবে? ২+২

৭। ধরা যাক, আমানতের ক্ষেত্রে প্রয়োজনীয় সংরক্ষণ অনুপাত 0.12 এবং অতিরিক্ত জমার পরিমাণ শূন্য। নগদ অর্থের মোট চাহিদার পরিমাণ, আমানতের 0.3 গুণ।

(i) যদি মোট জমার পরিমাণ Rs.40 বিলিয়ন হয়, তবে অর্থের যোগানের মাত্রা কত? (ii) যদি খোলাবাজারে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Rs.1 বিলিয়ন মূল্যের সরকারী ঋণপত্র ক্রয়করে তবে, অর্থের যোগানের কি পরিমাণ পরিবর্তন হয়? (সংরক্ষণ অনুপাত Rs.0.12) ২+২

৮। (ক) যদি সুদ-হার =10% হয় আর দুবছর জীবন সমন্বিত একটি মূলধনী সম্পদের বার্ষিক আয় প্রথম বছরের জন্য Rs.1,100/- আর দ্বিতীয় বছরের জন্য Rs.2,420/- হয় — তাহলে মূলধনী ব্যয় = Rs.2,850/- হলে বিনিয়োগ প্রকল্পটি কি লাভজনক হবে? যদি ব্যয় বৃদ্ধি পেয়ে Rs.3,000/- হয় — তখন কি হবে? ২+২

বিভাগ — খ

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। কিভাবে অর্থনীতিবিদরা একটি অর্থনীতির সার্বিক উন্নতির সাফল্যকে পরিমাপ করে? কোন্ কোন্ কর্মপন্থাকে উন্নয়নের হাতিয়ার করে এই লক্ষ্য পূরণ করা সম্ভব? ৩+৩

১০। Potential GDP এবং Real GDP-র মধ্যে পার্থক্য দেখাও। GDP ফাঁক-এর গুরুত্ব বোঝাও। ৩+৩

১১। প্রত্যাশিত ও অপ্রত্যাশিত মূল্যবৃদ্ধির মধ্যে পার্থক্য নিরূপণ কর। এই দুই মূল্যবৃদ্ধি কি কি অর্থনৈতিক ফলাফল হতে পারে? ২+৪

১২। উৎপাদনশীলতার চারটি নির্ধারণকারী বিষয় উল্লেখ কর ও বোঝাও। ৬

১৩। বিদেশী বিনিয়োগের ফলে একটি অর্থনীতির দীর্ঘকালীন বৃদ্ধির প্রক্রিয়া কিভাবে প্রভাবিত হয়? ৬

১৪। (ক) কীভাবে সামাজিক নিরাপত্তা, অর্থের বাজার এবং কাগজী সম্পদের বৃদ্ধি ব্যক্তিগত সঞ্চয়ের হারকে প্রভাবিত করে? (খ) MPC + MPS = 1, ইহা কি সবসময় এবং সবক্ষেত্রে সত্য? — ব্যাখ্যা কর। ৪+২

১৫। অর্থনীতিতে বেকারত্বের উপর নিম্নলিখিত নীতিগুলি কী প্রভাব ফেলতে পারে?

(i) সরকার দ্বারা প্রদত্ত বেকারত্ব বিমা (ii) সরকার দ্বারা নির্ধারিত ন্যূনতম মজুরি আইন। ৩+৩

১৬। (i) ব্যাঙ্ক আমানতের পরিমাপের সংজ্ঞা দাও। (ii) 'অর্থ গুণকের পরিমাপ বৃদ্ধি পায়, যখন ব্যাঙ্কের প্রত্যাশিত সংরক্ষণ অনুপাত এবং জনসাধারনের প্রত্যাশিত নগদ অনুপাত হ্রাস পায়'— ব্যাখ্যা কর। ২+৪

[English Version]

Section – A

Answer **any five** questions : 4×5

1. Let the consumers in a country have a fixed basket of goods containing 4 units of commodity A and 2 units of commodity B. The prices of A are Rs.1, Rs.2 and Rs.3 in 2005, 2006 and 2007 respectively. The per unit prices of B are Rs.2, Rs.3 and Rs.4 respectively for the same years. (i) Considering 2005 as the base year, compute the CPI in each year. (ii) Using CPI, determine the inflation rate over the years. 3+1

2. (a) Suppose GDP is Rs.5,000. Domestic residents receive factor payments from abroad of Rs.150. Foreigners receive Rs.90 as factor payments from this country. What is the value of GNP.

(b) If women work more hours in paid jobs and fewer hours in unpaid household work, how will the GDP be affected? Explain. 2+2

3. Calculate the national income and the personal disposable income from the following information :

	in Rs. Crore
GDP at market price	=6000
Net Factor income from abroad	=–75
Depreciation	=800
Indirect taxes	=700
Corporate profits	=1,200
Dividend	=600
Transfar payments to persons	=1,300
Personal taxes	=1,500

2+2

4. If $C = 500 + 0.75\,Y$, find S when Y = 2,000. When due to floods, Y falls to 1,600, how are C and S affected? 2+2

5. 'Along the consumption function income changes more than consumption' — What does this imply for MPC and MPS? 4

6. Consider an economy with two labour markets – one for manufacturing workers and one for service workers. Suppose initially that neither is unionzed. (i) If manufacturing workers form a union, what impact on the wages and employment in manufacturing would you predict? (ii) How would these changes in the manufacturing labour market affect the equilibrium wage and employment in the service sector labour market? 2+2

7. Suppose that the required reserve ratio is 0.12 for deposits and there are no excess reserves. Suppose also that the total demand for currency is equal to 0.3 times deposit. (i) If the total reserves are Rs.40 bilion, what is the level of money supply? (ii) By how much does money supply change if the RBI buys government bonds worth Rs.1 billion in the open market? (keep the required reserve ratio at 0.12). 2+2

8. If the rate of interest is 10% and the annual yields for a capital asset (with two year life span) are Rs.1,100/- and Rs.2,420/- for the first and the second period respectively, Is the investment project profitable when the cost of the project is Rs.2,850? What happens when the cost rises to Rs.3000/-? 2+2

Section – B

Answer **any five** questions 6×5

9. How do economists evalute the success of an economy's overall performance? What are the policy instruments by which the goals can be achieved? 3+3

10. Distinguish between potential GDP and real GDP. Explain the importance of GDP gap. 3+3

11. Distinguish between the anticipated and unanticipated inflation. What are the economic effects of these two inflations? 2+4

12. List and describe four determinants of productivity. 6

13. How may the invesment from abroad affect the long run growth process of an economy? 6

14. (a) How do social security, financial markets and a rapid growth in paper wealth influence the personal savings rate? (b) Is it true mat MPC+MPS= 1, always and everywhere? Explain. 4+2

15. What will be the effect of following policies on unemployment in the economy? (i) Unemployment insurence provided by the government (ii) Minimum wage law set by the government. 3+3

16. (i) Define the size of bank deposits. (ii) 'The size of the money multiplier is greater, the smaller is bank's desired reserve ratio and the smaller is the public's desired cash ratio'. Explain. 2+4

SECOND PAPER – 2012
GROUP–A
(Statistics for Economics)
Full Marks – 50

বিভাগ — ক

১। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৫

(ক) নিম্নের প্রতিটি তথ্য পরিবেশনের জন্য কি প্রকার চিত্র অঙ্কন করবে?

(অ) কোনো একটি বিশেষ ফার্মের গাড়ীর মাসিক বিক্রয় (২০১০ সালে) (আ) কোনো বিস্তৃতির (distribution) সংখ্যাগুরু মান (ই) দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রতি খাতের মোট ব্যয়ের শতকরা হার (ঈ) কোন বিস্তৃতির চতুর্থকের মান (Quartile)।

(খ) নিম্নলিখিত ক্ষেত্রগুলি বিচার করো ঃ

(অ) যেখানে কিছু চরম মান বেশীরভাগ মানের থেকে পৃথক (আ) কোনো সারিবদ্ধ বিস্তৃতি যেখানে একটি বা উভয় (প্রারম্ভিক বা শেষোক্ত বা উভয়) শ্রেণীহ মুক্ত।

এই দুটি ক্ষেত্রে কেন্দ্রীয় প্রবণতার কোন্ পদ্ধতি গ্রহণ করবে ও কেন?

(গ) যখন তামাকের মূল্য 50% বৃদ্ধি পায় তখন জীবনযাত্রার সূচক সংখ্যা একজন ধূমপানকারীর ক্ষেত্রে 5% বৃদ্ধি পায় যাতে সে পূর্বোক্ত ভোগ এক রাখতে পারে। তামাকের মূল্য পরিবর্তনের পূর্বে তার জীবনযাত্রার ব্যয়ের কতখানি অংশ তামাকের ক্ষেত্রে নির্ধারিত ছিল?

(ঘ) $n = 10, \sum x^2 = 400, \bar{x} = 7$ ঃ এই তথ্যগুলি কি গ্রহণযোগ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(ঙ) X ও Y দুটি চলকের নিম্নলিখিত মানগুলি প্রদত্ত ঃ

X:	–3	–2	–1	0	1	2	3
Y:	9	4	1	0	1	4	9

দেখাও যে সহপরিবর্তন সূচক $r_{xy} = 0$। সহপরিবর্তন সূচক শূন্য হওয়ার কারণ কি?

(চ) কোনো একটি টেলিভিশন রিয়্যালিটি শো-এ 250 জন অংশগ্রহণকারী ছিল। এর মধ্যে 100 জন লাল রংয়ের পোশাক, 80 জন নীল রং-এর পোশাক ও অবশিষ্ট জন সবুজ রংয়ের পোশাক পছন্দ করেন। সম্ভাবনা নির্দেশ করো ঃ

(অ) নীল পোশাক পরিহিত অংশগ্রহণকারীরা প্রথম ও দ্বিতীয় পুরস্কার জয় করে। (আ) একজন নীল পোশাক পরিহিত অংশগ্রহণকারী প্রথম পুরস্কার ও একজন সবুজ পোশাক পরিহিত অংশগ্রহণকারী দ্বিতীয় পুরস্কার জয় করে।

(ছ) একটি সমসম্ভব অবিচ্ছিন্ন চলকের এবং তার সম্ভাবনা ঘনত্ব অপেক্ষকের সংজ্ঞা দাও।

(জ) রাশিবিজ্ঞানে স্বাভাবিক বিস্তৃতির গুরুত্ব নির্দেশ করো।

বিভাগ — খ

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৬×৫

২। (ক) '2' মানের সাপেক্ষে প্রথম দুটি ভ্রামক হ'ল 4 এবং 65। এর মধ্যক বা গড় ও সম্যক চ্যুতি নির্ধারণ করো। (খ) ক্রুড্ (crude) জন্মহার কাকে বলে। ৪+২

৩। শিল্পবিরোধ মীমাংসা ও মীমাংসার পূর্বের নিম্নলিখিত তথ্যের সাপেক্ষে (i) মজুরির বিস্তৃতির তারতম্য (ii) মীমাংসার পূর্ব ও পরবর্তী মজুরির বিস্তৃতির সিমেট্রি (symmetry) নির্ধারণ কর ঃ

	পূর্ব	পরবর্তী	
মজুরের সংখ্যা	3000	2900	
গড় মজুরী (Rs)	220	230	
মধ্যমা মজুরী (Rs)	250	240	
সম্যক চ্যুতি (Rs)	30	26	৩+৩

৪। (ক) আয় বিস্তৃতির ক্ষেত্রে লোরেঞ্জ রেখার ধারণা ব্যাখ্যা কর।

(খ) "$5x$ ও $(-3y)$ এবং x ও y এর মধ্যে সহগতি সহগাঙ্ক সংখ্যাগতভাবে সমান।" — ঠিক না ভুল? যুক্তি দাও। ৪+২

৫। একটি প্রতিযোগীতামূলক পত্র উপস্থাপনায় নয়জন প্রতিযোগীর, দুইজন বিচারকের কাছে প্রাপ্ত নম্বরগুলি নিম্নে দেওয়া হল ঃ

প্রতিযোগী	:	1	2	3	4	5	6	7	8	9
A বিচারকের নম্বর	:	45	60	32	45	32	32	58	56	47
B বিচারকের নম্বর	:	51	51	38	54	54	38	62	58	38

Spearman-এর র‍্যাঙ্ক সহ-পরিবর্তন গুণাঙ্ক নির্ণয় কর। ৬

৬। (ক) সম্ভাবনার Axiomatic approach টি বর্ণনা কর। (খ) একটি শহরে দুটি সংবাদপত্র X এবং Y প্রকাশিত হয়। একটি সমীক্ষা থেকে দেখা যায় যে শতকরা 16 জন X সংবাদপত্রের পাঠক। শতকরা 14 জন Y সংবাদপত্রের পাঠক। শতকরা 5 জন উভয় সংবাদপত্রের পাঠক। যে কোন একজন সমসম্ভবভাবে নির্বাচিত ব্যক্তি (randomly selected) সম্পর্কে নিম্নলিখিত দুইটি সম্ভাবনা নির্ণয় কর।

(অ) সে কোন সংবাদপত্রই পাঠ করে না। (আ) সে কেবলমাত্র Y সংবাদপত্রটি পাঠ করে। ২+৪

৭। (ক) জোড়াভিত্তিক ও পারস্পরিক স্বাধীনতার মধ্যে পার্থক্য নির্দেশ কর।

(খ) ২০১৩ সালে অধ্যক্ষ পদের জন্য তিনজন প্রার্থী থাকবেন — ডঃ ব্যানার্জী, ডঃ সিং ও ডঃ সেন। এদের নিয়োগ সম্ভাবনার হার হল যথাক্রমে 4 : 2 : 3; বলেজে কো-এডুকেশনের সম্ভাবনা যদি ডঃ ব্যানার্জী অধ্যক্ষ নিযুক্ত হন তাহলে 0.3; ডঃ সিং এর ক্ষেত্রে 0.5 ও ডঃ সেনের ক্ষেত্রে 0.8।

(অ) ২০১৩ সালে কো-এডুকেশন হবে তার সম্ভাবনা নির্ণয় কর। (আ) যদি ২০১৩ সালে কো-এডুকেশন হয় তাহলে ডঃ সেন অধ্যক্ষ হবেন তার সম্ভাবনা কি? ৩+৩

৮। কোনো বিচ্ছিন্ন সমসম্ভব (discrete random) চলক X-এর সম্ভাবনা ভর অপেক্ষক ঃ

ভর বিন্দু (x)	:	0	1	2	3	4	5	6	7
P(X=x)	:	0	k	2k	2k	3k	k^2	$2k^2$	$7k^2+k$

(ক) k ধ্রুবকের মান নির্ণয় কর (খ) $P(x<6)$ কত? ৩+৩

৯। (ক) পয়সন নিবেশনের গড় ও সম্যক চ্যুতি ভ্রামক উৎপাদন অপেক্ষক (m.g.f) এর সাহায্যে নির্ণয় করো।

(খ) স্বাভাবিক নিবেশন কে (normal distribution) স্ট্যান্ডার্ডাইডজ্ আকারে প্রকাশ কর। ৪+২

[English Version]

Section – A

1. Answer **any five** questions : 4×5

(a) What kind of diagrammatic representations would you consider appropriate to depict the following facts : (i) The monthly sales of cars of a particular firm during 2010. (ii) The mode of a distribution. (iii) The percentage share of each sector in total outlay during tenth five year plan. (iv) In finding out the quartile value of the distribution. (b) Consider the cases : (i) where there are few extreme values markedly different from majority of values. (ii) a grouped frequency distribution where one or both of the terminal classes are open. Which measures of central tendency should be used and why? (c) When the cost of tobacco was increased by 50%, the cost of living index of a certain hardened smoker had increased by 5% to maintain his former scale of consumption. What percentage of his cost of living was due to buying tobacco, before the change in price? (d) Are the data $n = 10$, $\sum x^2 = 400$, $\bar{x} = 7$, consistent? Give reasons for your answer.

(e) Two variable X and Y take the following values :

X:	–3	–2	–1	0	1	2	3
Y:	9	4	1	0	1	4	9

Show that correlation coeffcient r_{xy} is 0. What is the reasons for the correlation coefficient being zero?

(f) Among the 250 candidates participated in a TV reality show, 100 candidates preferred red coloured dress, 80 candidates preferred blue coloured dress and the rest perferred green dress. What is the probability that (i) candidates wearing blue dresses will win both the first and second prizes? (ii) a candidate wearing blue dress will win the first prize and a candidate wearing green dress the second?

(g) Define a continuous random variable and its probability density function.

(h) State the importance of normal distribution in statistics.

Section – B

Answer ***any five*** questions 6×5

2. (a) The first two moments about the value 2 are 4 and 65. Find its mean and standard deviation. (b) What is crude birth rate? 4+2

3. You are given the position in a factory before and after the settlement of an industrial dispute. Comment on (i) the variability of the distribution of wages and (ii) the symmetry of the distribution of wages before and after dispute :

	Before	After
No of workers	3000	2900
Mean wage (Rs)	220	230
Median wage (Rs)	250	240
Standard Deviation (Rs)	30	26

3+3

4. (a) Explain the concept of Lorenz curve as representation of distribution of income. (b) The correlation coefficient of $5x$ and $-3y$ is numerically the same as the correlation coeffcient between x and y. True or false? Give reasons. 4+2

5. 9 competitors on paper presentation were marked by the two judges A and B as follows :

Competitors	:	1	2	3	4	5	6	7	8	9
Marks by Judge A	:	45	60	32	45	32	32	58	56	47
Marks by Judge B	:	51	51	38	54	54	38	62	58	38

Find Spearman's rank correlation coefficient. 6

6. (a) Describe the Axiomatic approach to probablity. (b) Two newspaper X and Y are published in a city. It is estimated from a survey that 16% read X, 14% read Y and 5% read both the newspapers. Find the probability that a randomly selected person (i) does not read any newspaper. (ii) read only Y. 2+4

7. (a) Distinguish between pairwise independence and mutual independence. (b) In 2013 there will be three candidates for the position of principal in a college – Dr. Banerjee, Dr. Singh and Dr. Sen : whose chances of getting the appointment are in the proportion 4 : 2 : 3 respectively. The probality that Dr. Banerjee if selected would introduce co-education in the college is 0.3. The probability of Dr. Singh and Dr. Sen doing the same are respectively 0.5 and 0.8. (i) What is the probability that there will be co-education in the college in 2013? (ii) If there is co-education in the college in 2013 what is the probability that Dr. Sen is the Principal? 3+3

8. X is a discrete random variable having the following probability mass function :

Mass points (x) :	0	1	2	3	4	5	6	7
P(X = x)	0	k	2k	2k	3k	k^2	$2k^2$	$7k^2+k$

(a) Determine the constant k (b) find P(x < 6). 3+3

9. (a) Find mean and standard deviation of Poisson distribution using moment generating function. (b) Express normal distribution in standardized form. 4+2

SECOND PAPER–2012
(GROUP–B)
(Mathematics for Economics)
Full Marks–50

বিভাগ - ক

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও 8×৫

১। নিম্নলিখিত সমীকরণগুলির কোন্‌টি অপেক্ষক এবং কোন্‌টি অপেক্ষক নয় তা উল্লেখ কর ঃ

(ক) $y = x^2$ (খ) $y^2 = x$ (গ) $y = 10$ (ঘ) $y = 3x + 2$ ১+১+১+১

২। প্রথম ও দ্বিতীয় ডেরিভেটিভের সাহায্যে নিম্নলিখিত অপেক্ষকটির একটি খসড়া লেখচিত্র অঙ্কণ কর – 8

$f(x) = x^3 - 3x$,

৩। কোন উপযোগিতা অপেক্ষকের আংশিক ডেরিভেটিভগুলি দ্রব্যের প্রান্তিক উপযোগিতা নির্ধারণ করে। $U = x_1 x_2$ উপযোগিতা অপেক্ষকটির ক্ষেত্রে প্রান্তিক উপযোগিতাগুলি নির্ণয় কর এবং দ্রব্য 1-এর পরিবর্তনের ফলে ঐ দ্রব্যের প্রান্তিক উপযোগিতা কিভাবে পরিবর্তিত হয় পরীক্ষা কর। দেখাও যে, কোন একটি দ্রব্যের পরিবর্তনের ফলে অন্য দ্রব্যটির প্রান্তিক উপযোগিতা পরিবর্তনের পরিমাণ একই থাকে — এটি কোন্ দ্রব্যটিকে প্রথমে নেওয়া হয়েছে তার উপর নির্ভর করে না। ১+১+২

৪। $q = -5p + 100$ চাহিদা-রেখাটির বিন্দুস্থ স্থিতিস্থাপকতা নির্ণয় কর যখন দাম Rs.5, দ্রব্যের দাম Rs.5 থেকে Rs.6 হলে চাহিদার গড় স্থিতিস্থাপকতাও নির্ণয় কর। ২+২

৫। (ক) দেওয়া আছে যে, $A = \begin{bmatrix} -1 & 5 & 7 \\ 0 & -2 & 4 \end{bmatrix}$

দেখাও যে $AI = IA = A$.

প্রতিটি ক্ষেত্রে আইডেন্টিটি (Identity) ম্যাট্রিক্সের বিস্তার (dimension) নির্দেশ কর।

(খ) দেওয়া আছে যে, $B = \begin{bmatrix} 6 & -12 \\ -3 & 6 \end{bmatrix}$

তুমি কি B^{-1} নির্ণয় করতে পার? না পারলে, কেন পারনা? ৩+১

৬। ল্যাগ্রাঞ্জ গুণক উপায়টি ব্যবহার করে নিম্নলিখিত চরমমান সংক্রান্ত সমস্যাটির সমাধান কর ঃ 8

Maximize xy subject to $2x + y = M$. ($x, y, M > 0$)

৭। একটি সরলরৈখিক প্রোগ্রামিং-এ 'বেসিক ফিজিবল' সমাধান বলতে কি বোঝ? 8

৮। একটি দুই-ব্যক্তি-শূন্য-যোগফল গেমে খেলোয়াড় A'র পে-অফ (pay-off) ম্যাট্রিক্সটি দেওয়া আছে।

		খেলোয়ার B		
		1	2	3
খেলোয়াড় A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

খোলোয়াড় B এর সাপেক্ষে একটি সরলরৈখিক প্রোগ্রামিং মডেল (Linear Programming Model) গঠন কর। ৪

বিভাগ — খ

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। 500 জন ছাত্রছাত্রীর উপর একটি সমীক্ষা থেকে নিচের তথ্যগুলি পাওয়া যায় ঃ

বিষয়	ছাত্রছাত্রীর সংখ্যা
রসায়নবিদ্যা	329
পদার্থবিদ্যা	186
রাশিবিজ্ঞান	295
রসায়নবিদ্যা ও পদার্থবিদ্যা	83
রসায়নবিদ্যা ও রাশিবিজ্ঞান	217
পদার্থবিদ্যা ও রাশিবিজ্ঞান	63

কতজন ছাত্রছাত্রী (a) তিনটি বিষয়ই নিয়েছে ? (b) রসায়নবিদ্যা নিয়েছে কিন্তু রাশিবিজ্ঞান নেয়নি ? (c) রসায়নবিদ্যা নিয়েছে কিন্তু পদার্থবিদ্যা অথবা রাশিবিজ্ঞান নেয়নি ? ২+২+২

১০। নিম্নলিখিত অপেক্ষকটির স্থির (stationary) মানগুলিকে স্থানীয় সর্বোচ্চ মান, স্থানীয় সর্বনিম্ন মান এবং ইনফ্লেক্সনাল মান হিসেবে শ্রেণীবিভাগ কর।

$$f(x) = x^3 - 3x^2 + 5$$ ২+২+২

১১। একটি সমমাত্রিক অপেক্ষকের উদাহরণ দাও। দেখাও যে, এই অপেক্ষকটি অয়লারের উপপাদ্যটি মান্য করে। ২+৪

১২। নিচের উৎপাদন অপেক্ষকটির একটি সমোৎপাদন রেখার (উৎপাদন অপেক্ষকের লেভেল রেখা) সমীকরণটি লেখ।

$$q = 100K^{0.25} L^{0.75}$$

দেখাও যে, এই সমোৎপাদন রেখাটি নিম্নমুখী এবং উত্তল। সমোৎপাদন রেখাটির একটি খসড়া লেখচিত্র অঙ্কন কর। ১+৩+২

১৩। নিম্নলিখিত আন্তর সমীকরণটি সমাধান কর ঃ

$$Y_{t+2} - 2Y_{t+1} + 2Y_t = 1,\ Y_0 = 3,\ Y_1 = 4$$ ৬

১৪। নিম্নলিখিত সরলরৈখিক প্রোগ্রামিং সমস্যাটি বিবেচনা কর ঃ

সর্বোচ্চ কর $Z = 40x_1 + 30x_2$

বাধাস্বরূপ আছে

$$x_1 \le 16$$
$$x_2 \le 8$$
$$x_1 + x_2 \le 24$$

এবং $x_1, x_2 \ge 0$

চিত্রের সাহায্যে সমাধান কর। সম্ভাব্য (Feasible) সমাধান, মূল (basic) সমাধান এবং মূল সম্ভাব্য (Basic Feasible) সমাধানগুলির উল্লেখ কর। ৬

১৫। একটি দুই-শিল্পবিশিষ্ট অর্থনীতিতে এটি জানা আছে যে ১নং শিল্প তার নিজের পণ্যের ১০ শতাংশ এবং ২নং পণ্যের ৬০ শতাংশ ব্যবহার করে ১ টাকা মূল্যের ১নং পণ্যটি তৈরী করে, ২নং শিল্প তার নিজের পণ্যের কিছুই ব্যবহার করে না কিন্তু ৫০ শতাংশ ১নং পণ্য ব্যবহার করে ১ টাকা মূল্যের ২নং পণ্যটি তৈরী করে. মুক্ত ক্ষেত্রটি ১০০ লাখ টাকার ১নং পণ্য এবং ২০০ লাখ টাকার ২নং পণ্য চাহিদা করে।

(i) উপাদান-সহগ ম্যাট্রিক্সটি এবং নির্দিষ্ট উপাদান-পণ্য ম্যাট্রিক্স সমীকরণটি লেখ। (ii) ১ টাকার মূল্যের ১নং পণ্য এবং ২নং পণ্য — দুটিই উৎপন্ন করার জন্য সাধারণ উপাদানটির টাকার নিরিখে পরিমাণ নির্ধারণ কর। ৪+২

১৬। নিম্নলিখিত 'গেম'-টির সবকটি ন্যাশ ভারসাম্য সমাধান নির্ণয় কর। ৬

		Strategy of Player B		
		Left	Centre	Right
Strategy of Player A	Top	1, 0	1, 3	3, 0
	Middle	0, 2	0, 1	3, 0
	Bottom	0, 2	2, 4	5, 4

[English Version]

Section – A

Answer *any five* questions 4×5

1 Mention which of the following equations are functions which are not. (a) $y = x^2$ (b) $y^2 = x$ (c) $y = 10$ (d) $y = 3x + 2$ 1+1+1+1

2. Use first derivative and second derivative of the following function to sketch the graph of the function : $f(x) = x^3 - 3x$ 4

3. For any utility function the first partial derivatives give the marginal utilities of the respective goods. Given the utility function $U = x_1 x_2$, find the marginal utilities and examine how marginal utility of good 1 changes with change in consumption of it. Verify that the change in the marginal utility of one good due to change in the other good is the same, no matter which good is chosen first. 1+1+2

4. Given the demand function $q = -5p + 100$, find the point elasticity of demand when price is Rs.5. Also find the arc elasticity of demand if price changes from Rs.5 to Rs.6. 2+2

5. (i) Given $A = \begin{bmatrix} -1 & 5 & 7 \\ 0 & -2 & 4 \end{bmatrix}$.

Show that $AI = IA = A$. Indicate the dimension of identity matrix used in each case.

(ii) Given $B = \begin{bmatrix} 6 & -12 \\ -3 & 6 \end{bmatrix}$

Can you find out B^{-1}? If not, why? 3+1

6. Use the Lagrange Multiplier method to solve the following optimization problem :

Maximize xy subject to $2x + y = M$. $(x, y, M > 0)$. 4

7. What do you mean by a basic feasible solution in a linear programming problem? 4

8. Below is given the pay-off matrix of player A in a two-person zero sum game.

		player B		
		1	2	3
player A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

Construct a Linear Programming model with respect to player B. 4

Section – B

Answer *any five* questions 6×5

9. A survey of 500 students taking one or more courses in Chemistry, Physics and Statistics during one semester revealed the following numbers of students in the indicated subjects :

Chemistry	329	Chemistry and Physics	83
Physics	186	Chemistry and Statistics	217
Statistics	295	Physics and Statistics	63

How many students were taking (a) all three subjects (b) Chemistry but not Statistics (c) Chemistry but not Physics or Statistics? 2+2+2

10. Classify the stationary values of the function $f(x) = x^3 - 3x^2 + 5$ as local maximum, local minimun and inflexional values. 2+2+2

11. Give one example of a homogeneous function. Verify Euler's theorem for this function. 2+4

12. Find the equation of an isoquant (level curve of a production function) for the production function $q = 100K^{0.25} L^{0.75}$, where K and L are level of capital and labour respectively . Show that the isoquant is decreasing and convex function. Draw the sketch of the isoquant. 1+3+2

13. Solve the following difference equation :

$Y_{t+2} - 2Y_{t+1} + 2Y_t = 1$, $Y_0 = 3$, $Y_1 = 4$

14. Consider the following LPP :

Maximize $Z = 40x_1 + 30x_2$

Subject to

$$x_1 \leq 16$$
$$x_2 \leq 8$$
$$x_1 + x_2 \leq 24$$

and $x_1, x_2 \geq 0$

Solve it graphically. In so doing indicate the feasible solutions, the basic solutions and the basic feasible solutions. 6

15. In a two-industry economy, it is known that industry I uses 10 per cent of its own product and 60 per cent of commodity II to produce a rupee's worth of commodity I; industry II uses none of its own product but uses 50 percent of commodity I to produce a rupee's worth of commodity II; the open sector demands 100 lakh rupees of commodity I and 200 lakh rupees of commodity II.

(i) Write down the input-coefficient matrix and the specific input-output matrix equation.

(ii) Derive the rupee amount of the primary input used in producing a rupee's worth, each of commodity I and commodity II. 4+2

16. Locate all the Nash equilibrium solutions for the following game: 6

		Strategy of Player B		
		Left	Centre	Right
Strategy of Player A	Top	1, 0	1, 3	3, 0
	Middle	0, 2	0, 1	3, 0
	Bottom	0, 2	2, 4	5, 4

THIRD PAPER – 2012
Group – A
Full Marks – 50
অধ্যায় — ক

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৩

(ক) আয়ের বৃদ্ধির ফলে সর্বদাই বেশি পরিমাণ দ্রব্যের প্রতি পছন্দ সৃষ্টি হবে - তুমি কি সহমত? ৪

(খ) বিশ্রাম যখন একটি দ্রব্য, তখন শ্রমের যোগান রেখার আকৃতি কেমন হবে বলতে পার? যদি কোনো অলৌকিক ঘটনাবলে দিনের সময়সীমা 24 ঘন্টার বদলে 30 ঘন্টায় দাঁড়ায়, তবে এই ঘটনা বাজেটের বাধ্যবাধকতার উপরে কী রকম প্রভাব ফেলবে? ২+২

(গ) নিম্নলিখিত উক্তিগুলি ঠিক না ভুল, তা সংক্ষিপ্ত যুক্তিসহ উল্লেখ কর ঃ

(অ) স্বল্পকালীন গড় মোট ব্যয় কখনোই দীর্ঘকালীন গড় মোট ব্যয় অপেক্ষা কম হয় না। (আ) দীর্ঘকালীন মোট ব্যয় রেখা যদি ঋজুরেখ হয়, তবে তৎসংলগ্ন গড় এবং প্রান্তিক ব্যয় সর্বদাই হ্রাস পাবে। ২+২

(ঘ) একটি উৎপাদন প্রতিষ্ঠানের বিস্তার পথ কি সর্বদা ঋজুরেখ হয়? উৎপাদন প্রতিষ্ঠানের বিস্তার পথকে কি ভোক্তার দাম সাপেক্ষ ভোগ-রেখার প্রতিরূপ বলা চলে? ৩+১

(ঙ) দাম-স্থিতিস্থাপকতার পার্থক্যের ফলে দাম-পৃথকীকরণ সম্ভব হয় না। ব্যাখ্যা কর। ৪

(চ) স্ট্যাকেলবার্গ-এর সমস্থিতি (Equilibrium)-কে কি ন্যাশ-সমস্থিতি বলা যায়? সংক্ষেপে যুক্তি দাও। ৪

(ছ) নির্দিষ্ট একটি উপকরণের মালিকের পরিপ্রেক্ষিতে দেখতে গেলে অর্থনৈতিক খাজনা কেন পরিবর্তনশীল হয়? ৪

(জ) বহিঃস্থ প্রভাবসমূহের (Externalities) মূল উৎসগুলি কী কী? প্রত্যেকটি উৎসই প্রতিযোগিতামূলক বাজারের দক্ষ চলনকে কেন প্রতিহত করে, তা সংক্ষেপে উল্লেখ কর। ২+২

অধ্যায় — খ

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৬×৫

(ক) বিক্রম নিজের দুধ-সহযোগে কফিপানের সাপ্তাহিক বাজেট ধার্য করেছে 18 টাকা। সে চারভাগ কফির সঙ্গে একভাগ দুধ মিশিয়ে কফি তৈরি করে। এক আউন্স কফির দাম 1 টাকা আর এক আউন্স দুধের দাম 50 পয়সা। C আর M যথাক্রমে কফি আর দুধের পরিমাণ সূচিত করে। (অ) বিক্রমের বাজেট রেখার সমীকরণ নির্ধারণ কর। (আ) সপ্তাহে বিক্রম কী পরিমাণ কফি ও কতখানি দুধ কেনে, তা নির্ধারণ কর। (ই) তিনটি নিরপেক্ষতা রেখা সহ বিক্রমের বাজেট রেখা আঁক এবং বিক্রমের সেরা পছন্দের বিন্দুটি E দিয়ে সূচিত কর তার বাজেট রেখার উপরে। ২+২+২

(খ) একজন ভোক্তা মাসে 3 কে.জি. আটার বিনিময়ে 1 কে.জি. চিনি পেতে আগ্রহী। চিনির দাম আটার দামের দ্বিগুণ। ভোক্তার কি আটার ব্যবহার কমিয়ে চিনির ব্যবহার বাড়ানো উচিত? নাকি সে চিনির ব্যবহার কমিয়ে আটার ব্যবহার বৃদ্ধি করবে? ৬

(গ) (অ) এক একর জমি যখন তিনজনে চাষ করছে, তখন শ্রমের গড় উৎপাদনশীলতা হল 150 বুশ্‌ল্ গম। যখন চতুর্থ জন কাজে এল, তখন শ্রমের প্রান্তিক উৎপাদনশীলতা হল 75 বুশ্‌ল্ গম। চারজন শ্রমিকের মোট উৎপাদন কত? (আ) দীর্ঘকালীন গড় ব্যয় রেখাতে উৎপাদনের সর্বনিম্ন দক্ষ মাত্রা কোনটি? (ই) নিম্নলিখিত উৎপাদন অপেক্ষকগুলি আয়তনজনিত প্রতিদানের বিধিতে ক্রমবর্ধমান না সমহার না ক্রমহ্রাসমান, তা নির্ণয় কর ঃ

(এক) $Q = 300K + 25L$ (দুই) $Q = 50K^{0.3} + L^{0.5}$

(ঘ) পূর্ণ প্রতিযোগিতামূলক শিল্পে কোন প্রতিষ্ঠানের দীর্ঘকালের ব্যয় অপেক্ষকটি হল ঃ $C(q) = q^3 - 60q^2 + 1500q$

(অ) যদি প্রতিষ্ঠানটি $p = 975$ টাকা দামে উৎপাদিত দ্রব্যসমূহ বিক্রয় করে, তবে মনাফা সর্বোচ্চকরণের জন্য প্রতিষ্ঠানটি কি পরিমাণ দ্রব্য উৎপাদন করবে? (আ)

(অ) নং উত্তরে নির্দেশিত প্রতিষ্ঠানের উৎপাদনের পরিমাণ কি শিল্পের ভারসাম্য সাথে সামঞ্জস্যপূর্ণ? (ই) যদি শিল্পটি স্থির গড় ব্যয় সম্পন্ন হয়, তবে শিল্পটি দীর্ঘকালীন যোগান অপেক্ষক নির্ণয় কর। ২+৪

(ঙ) (অ) দাম পৃথকীকরণে ব্যাপৃত এক একচেটিয়া কারবারী যে-দুটি বাজারে পণ্য বিক্রয় করে সে-দুটি শ্রেষ্ঠসম্ভব স্থিতিস্থাপকতা 4 এবং 2। একচেটিয়া কারবারি দুটি বাজারে যে দাম চাইবে, তাদের অনুপাত নির্ণয় করতে পার? (আ) একচেটিয়া কারবারি যে চাহিদা অপেক্ষকের সম্মুখীন হয়, তা হল $Q = 10 - P$ এবং সে যে মোট ব্যয় অপেক্ষকের সম্মুখীন, তা হল $TC = 4Q$। যথার্থ দাম-পৃথকীকরণ অনুসরণের জন্য একচেটিয়া কারবারিকে কি পরিমাণ মুনাফা অর্জন করতে হবে। ৩+৩

(চ) ডুয়োপলি বাজারে চাহিদা অপেক্ষকটি হল : $Q = 20 - P$, যেখানে Q = দুটি ফার্মের মোট বিক্রয়ের পরিমাণ। ফার্মদুটির ব্যয় অপেক্ষক হল : $C_i = 8q_i$; $i = 1, 2$ (অ) যদি ফার্ম দুটি যোগসাজস করে একচেটিয়া কারবারির মত আচরণ করে তবে শিল্পের উৎপাদন ও মুনাফা কেমন হবে? (আ) কুর্ণো ভারসাম্য অবস্থায় দাম ও উৎপাদনের পরিমাণ কেমন হবে? মুনাফার পরিমাণ কেমন হবে? (ই) যদি 1 নং ফার্ম স্ট্যাকেলবার্গ অনুগামী (Leader) ফার্ম হিসেবে এবং 2 নং ফার্ম স্ট্যাকেলবার্গ অনুগামী ফার্ম হিসেবে আচরণ করে, তবে অগ্রগামী ফার্মের ভারসাম্য উৎপাদন ও মুনাফার পরিমাণ কেমন হবে? ২+২+২

(ছ) কল্যাণমূলক অর্থনীতির প্রথম মূল তত্ত্বটি ব্যক্ত কর। এই তত্ত্বের পিছনে যৌক্তিকতা (intuition) উল্লেখ কর। ২+৪

(জ) ধরা যাক $q = L^3 + 5L^2 + 215\ L$ হল একটি পূর্ণাঙ্গ প্রতিযোগী শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন অপেক্ষক। (অ) যদি $w = 45$ টাকা হয় এবং $p = ২$ টাকা হয়, তবে শিল্প প্রতিষ্ঠানটির মুনাফা সর্বোচ্চায়ন শ্রমনিয়োগ নির্ধারণ কর। (আ) শ্রমের বাজারে যদি ন্যূনতম মজুরি 45 টাকার উপরে নির্ধারিত হয়, তবে শিল্প প্রতিষ্ঠানের আচরণ কেমন হবে? ৪+২

[English Version]

SECTION – A

1. Answer *any five* questions : 4×5

(*a*) An expansion in income will always lead to the choice of a higher amount of commodity. Do you agree ? 4

(*b*) Can you account for the shape of the labour supply curve if leisure is an inferior good? Suppose that by some miracle the number of hours in the day increased from 24 hours to 30 hours. How would this affect the budget constraint? 2+2

(*c*) State with brief reasoning whether the following statements are true or false: (*i*) Short-run average total cost is never less than the long-run average total cost (*ii*) If the long-run total cost curve is linear, the corresponding average and marginal costs will decline continuously. 2+2

(*d*) Is the firm's expansion path always linear? Can you call an expansion path a producer's counterpart of a consumer's price consumption curve? 3+1

(*e*) Different elasticities do not make price discrimination feasible. Explain. 4

(*f*) Is Stackelberg equilibrium a Nash equilibrium? Argue in brief. 4

(*g*) Why could economic rent be variable with respect to the owner of a specific resource ? 4

(*h*) What are the major sources of market failure? State briefly why each of them prevents a competitive market from operating efficiently? 2+2

SECTION – B

2. Answer *any five* questions : 6×5

(*a*) Vikram budgets Rs. 18/- a week for his coffee with milk consumption throughout the week. He prepares his coffee with 4 parts of coffee to one part of milk. Coffee costs Re 1 per oz and milk Rs. 0.50 per oz. C and M denote quantities of coffee and milk respectively.

(*i*) Obtain the equation of Vikram's budget line. (*ii*) Determine the quantities of coffee and milk which Vikram purchases weekly. (*iii*) Draw Vikram's budget line with three is difference curves and represent his best choice point by E on the budget line. 2+2+2

(*b*) A consumer is willing to trade 1kg of sugar for 3kgs of atta per month. The price of sugar is twice that of atta. Should the consumer reduce his consumption of atta and increase sugar consumption or should he reduce his consumption of sugar and increase atta consumption ? 6

(*c*) (*i*) The average product of labour when three workers farm an acre of land is 150 bushels of wheat and the marginal product, when fourth worker is employed, is 75 bushels. What is the total output with four workers? (*ii*) What is the minimum efficient scale of production in long-run average cost? (*iii*) Determine whether the following production functions exhibit increasing, decreasing or constant returns to scale:

Ⓐ $Q = 300K + 25L$

Ⓑ $Q = 50K^{0.3}L^{0.5}$ 2+2+2

(*d*) A firm in a perfectly competitive industry has the following long run cost function $C(q) = q^3 - 60q^2 + 1500q$

(*i*) If the firm can sell its output at p = Rs. 975, how much will it produce to maximise profit? (*ii*) Is the output of the firm in (*i*) compatible with industry equilibrium? (*iii*) If the industry is that of constant average cost, derive the equation for the long run supply curve of the industry. 2+2+2

(*e*) (*i*) A discriminating monopolist sells in two markets with elasticities equal to 4 and 2 at the optimum. Can you obtain the ratio of the prices changed in the two markets? (*ii*) A monopolist faces a demand curve $Q = 10 - P$ and has a total cost function $TC + 4Q$. To practice perfect price discrimination, how much profit should the monopolist earn? 3+3

(*f*) The demand function in a duopoly market is $Q = 20 - P$, where Q is the total output sold by the two firms. The firms have cost functions $C_i = 8q_i$; $i = 1, 2$.

(*i*) If the firms collude to act as a monopolist, what will be the industry output and profit? (*ii*) What will be the price and outputs in a Cournot equilibrium? What will be the profits? (*iii*) If firm 1 acts as a Stackelberg leader and firm 2 as a Stackelberg follower, what will be the leader's output and profit in equilibrium? 2+2+2

(*g*) State the First Fundamental theorem of Welfare Economics. Mention the intuition behind the theorem. 2+4

(*h*) Let $q = L^3 + 5L^2 + 215L$ be the production function of a perfectly competitive firm.

(*i*) For w = Rs. 45 and p = Rs. 3, find the profit maximising employment of the firm. (*ii*) How would the firm behave if a minimum wage higher than Rs. 45 is imposed in the labour market? 4+2

THIRD PAPER – 2012

Group – B

Full Marks – 50

বিভাগ - ক

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও

১। একটি দেশে যদি অর্থের প্রচলন বেগ স্থির থাকে, প্রকৃত আয় 5% হারে বৃদ্ধি পায়, অর্থের পরিমাণ 14% হারে বৃদ্ধি পায় এবং আর্থিক সুদের হার 11% হয়, তাহলে প্রকৃত সুদের হার কি? ৪

২। ধরা যাক বার্ষিক সামগ্রিক চাহিদা যদি হয় $AD = 50 + 0.9Y$, যেখানে Y = বার্ষিক মোট জাতীয় উৎপাদন। এই অবস্থায় মজুত ভাণ্ডারে দৈনিক অনিচ্ছাকৃত পরিবর্তনের হার নির্ণয় কর, যখন উৎপাদকের পরিকল্পিত আয় হল : (*i*) Y = 450 এবং (*ii*) Y = 600 ৪

৩। কিভাবে এবং কেন স্বয়ম্ভূত ব্যয়ের বৃদ্ধির জন্য ভারসাম্য আয় তার থেকে বেশী পরিমাণে বৃদ্ধি পায়? ৪

৪। ধরা যাক একটি দেশ তার মুদ্রার অবমূল্যায়ন করে 12% হারে, আবার একই সময় অভ্যন্তরীণ দামসূচককে 10% হারে বাড়িয়ে দেয়, তাহলে প্রকৃত অবমূল্যায়ন কতখানি হল? একইভাবে যদি দামসূচক 15% বৃদ্ধি পেত তবে কি হত? ৪

৫। দ্রব্য উৎপাদন বৃদ্ধির জন্য অর্থের যোগান বৃদ্ধির ক্ষেত্রে সরকার একটি প্রযোজিত নীতি গ্রহণ করেছে। এই অর্থ যোগান বৃদ্ধির ফলে, যে-বিষয়ে উৎপাদকেরা জ্ঞাত নয়, দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে।

(*i*) এই দামবৃদ্ধির ফলে উৎপাদকদের প্রতিক্রিয়া কেমন হবে বলে তুমি মনে কর? (*ii*) তুমি মনে কর যে (*i*) নং প্রশ্নের উত্তরে উৎপাদকের গৃহীত সিদ্ধান্ত দীর্ঘকাল স্থায়ী হবে? ২+২

৬। নয়া-ক্রুপদী বিনিয়োগ মডেলের সাহায্যে মূলধনের পরিসেবামূল্য, মূলধনের খরচ এবং বিনিয়োগের উপর নিম্নলিখিত প্রতিটি বিষয়ের প্রভাব ব্যাখ্যা কর : (*i*) মুদ্রাস্ফীতি রোধকারী আর্থিক নীতি বাস্তব সুদের হারে বৃদ্ধি ঘটায়, (*ii*) ভূমিকম্পের ফলে মূলধন সঞ্চিতির একটি অংশ বিনষ্ট হয়। ২+২

৭। সোলো মডেলের জনসংখ্যা বৃদ্ধির ফলে মোট উৎপাদনে স্থিতিশীল অবস্থাযুক্ত সম্প্রসারণ হলেও শ্রমিক পিছু উৎপাদন বৃদ্ধি হয় না। তুমি কি মনে কর যে উৎপাদন অপেক্ষকে ক্রমবর্ধমান বা ক্রমহ্রাসমান মাত্রাজনিত প্রতিদান প্রতিফলিত হলেও এটি সত্য হবে? ব্যাখ্যা কর। ৪

৮। সরকার 12 বিলিয়ন টাকা পরিমাণ কর বৃদ্ধি করেছে। যদি প্রান্তিক সঞ্চয় প্রবণতা 0.6 হয়, তবে

(*i*) জাতীয় সঞ্চয় এবং (*ii*) বিনিয়োগের উপর কি প্রভাব পড়বে? ২+২

বিভাগ - খ

যে কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

৯। ধরা যাক, কেন্দ্রীয় ব্যাংক টাকার যোগান বৃদ্ধি করেছে —

(i) IS-LM রেখা ব্যবহারের মাধ্যমে এর ফলে সুদের হার ও উৎপাদনের উপর সৃষ্ট প্রভাব ব্যাখ্যা কর। (ii) AD-AS রেখা ব্যবহারের মাধ্যমে এর ফলে দ্রব্যমূল্যের উপর সৃষ্ট প্রভাব ব্যাখ্যা কর। ৩+৩

১০। লেনদেনের জন্য এবং ফাটকা কারবারের জন্য টাকার চাহিদার মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। এর মধ্যে কোনটি অর্থের পরিমাণ তত্ত্বে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে এবং কিভাবে? ২+৪

১১। (i) সাধারণ কেইন্‌সীয় মডেলের তুলনায় IS-LM মডেলে কেন সরকারি ব্যয়বৃদ্ধির ফলে সৃষ্ট উৎপাদন বৃদ্ধি অপেক্ষাকৃত কম হবে তা ব্যাখ্যা কর। (ii) তুমি কি মনে কর যে IS-LM মডেলে টাকার নিরপেক্ষতা বিনষ্ট হয়? সংক্ষেপে ব্যাখ্যা কর। ৪+২

১২। অভিযোজিত এবং যুক্তিযুক্ত প্রত্যাশার পার্থক্য নির্ণয় কর। যুক্তিযুক্ত প্রত্যাশার সাপেক্ষে 'ফিলিপ্স রেখা' বর্তমান থাকে কিনা তা ব্যাখ্যা কর। ২+৪

১৩। চিরস্থায়ী আয় অনুমানটি ব্যক্ত কর। এই বিষয়টি কি ভোগকারীর আচরণের বিষয়ে কোন অভিজ্ঞান নির্দেশ করে? ২+৪

১৪। বমল-টবিন মডেল অনুযায়ী কোনো ব্যক্তি কতবার ব্যাংকে গমন করবে তা কোন্ বিষয়ের উপর নির্ভর করবে? এই সিদ্ধান্ত টাকার চাহিদাকে কিভাবে প্রভাবিত করে? ৩+৩

১৫। ধরা যাক, RBI কঠোর আর্থিক নীতি প্রণয়ন করেছে। এর ফলে নিম্নলিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে ভারতের রপ্তানি বাণিজ্যের উপর কি প্রভাব পড়বে —

(*i*) স্থির মুদ্রা বিনিময় হার এবং (*ii*) পরিবর্তনশীল মুদ্রা বিনিময় হার। ৩+৩

১৬। সংক্ষিপ্ত টীকা লেখ :

(*i*) স্বাভাবিক কর্মহীনতার হার। (*ii*) টবিন-এর 'q' ৩+৩

[English Version]

SECTION – A

Answer ***any five*** question

1. In a country the velocity of money is constant. Real GDP grows by 5% per year, the money stock grows by 14% per year and the normal interest rate is 11%? What is the real interest rate? 4

2. Suppose the annual level of aggregate demand is given by AD = 50+ 0.9Y where Y = annual GDP

Find out the amount of daily rate of involuntary change in inventory, when producers planned income level is,

(i) Y = 450 and (ii) Y = 600 4

3. Explain why and how an exogenous increase in autonomous expenditure by a given amount raises equilibrium output by a larger amount. 4

4. Suppose that a country devalues its currency by 12%, but at the same time domestic prices rise by 10%. What real devaluation has been achieved? What if prices have risen by 15%? 4

5. Government undertakes an unannounced policy to increase money supply in order to increase output. This increase in money supply, about which producers are unaware of, leads to an increase in price of the commodities. (*i*) How do you think that the producers would react to the increase in price? (*ii*) Do you think that the decision of the producers taken in (*i*) Would be sustained in the long run? 2+2

6. Use the neoclassical model of investment to explain the impact of each of the following on the rental price of capital, the cost of capital and investment. (*i*) Anti-inflationary monetary policy raises the real interest rate. (*ii*) An earthquake destroys part of the capital stock. 2+2

7. In the Solow model, population growth leads to steady-state growth in total output, but not in output per worker. Do you think this would still be true if the production function exhibited increasing or decreasing returns to scale? Explain. 4

8. The government raises taxes by Rs. 12 billion. If the marginal propensity to save is 0.6, what happens to (*i*) national savings and (*ii*) investment. 2+2

SECTION – B

Answer ***any five*** questions :

9. Suppose the Central bank increases money supply. (i) Using IS-LM diagram, explain what happens to the interest rate and output. (ii) Using AD-AS diagram, explain what happens to the price level. 3+3

10. Explain the difference between transaction and speculative demand for money. Which one of these play an important role in the quantity theory of money and how? 2+4

11. (*i*) Explain why the increase in output due to increase in government expenditure would be less under the IS-LM model than under the simple Keynesian model. (*ii*) Do you think that the IS-LM framework violates the neutrality of money? Briefly explain. 4+2

12. Differentiate between adaptive and rational expectations. Explain whether Phillips Curve holds under rational expectations. 2+4

13. State Permanent Income Hypothesis. Does the above explain pieces of evidence ragarding consumption behaviour ? 2+4

14. According to the Baumol-Tobin model, what determines how often people go to the bank? What does this decision have to do with money demand? 3+3

15. Suppose that the RBI embarks on a tight money policy. What is the likely impact on India's exports under (i)fixed exchange rate and (ii) flexible exchange rate? 3+3

16. Write short notes on : 3+3

(*i*) Natural Rate of Unemployment. (*ii*) Tobin's 'q'.

FOURTH PAPER – 2012
(Group – A)
(Development Theory)
Full Marks – 50

বিভাগ — ক

১। যে-কোন **দশটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০

(ক) 'মানব উন্নয়ন সূচক' পরিমাপের জন্য যে সব চলককে গ্রাহ্য করা হয় সেগুলি উল্লেখ কর। (খ) 'ভারদ্রুন নিয়ম' বলতে কি বোঝ? (গ) 'সক্ষমতার' প্রেক্ষিতে অর্থনৈতিক উন্নয়নের সংজ্ঞা দাও। (ঘ) বহনক্ষম/স্থিতিশীল উন্নয়ন বলতে কি বোঝ? (ঙ) গড় মূলধন-উৎপাদন অনুপাত (ACOR) ও প্রান্তিক মূলধন-উৎপাদন অনুপাতের (ICOR) পার্থক্য উল্লেখ কর। (চ) 'শিক্ষণ রেখা'র তাৎপর্য কি? (ছ) 'যুবা নির্ভরশীলতার হার' কাকে বলে? (জ) আন্তর্জাতিক বাণিজ্যে গতিশীল লাভ কি? উদাহরণ দাও। (ঝ) 'অগ্রবর্তী সংযোগ প্রভাব' বলতে কি বোঝ? একটি উপযুক্ত উদাহরণ দাও। (ঞ) অর্থনৈতিক দ্বৈতবাদ-এর বিভিন্ন ধরণগুলি কি কি? (ট)

টডারের শ্রম-স্থানান্তর' মডেলের দুটি মুখ্য বৈশিষ্ট্য উল্লেখ কর। (ঠ) 'দারিদ্র্য-ব্যবধান অনুপাত' ধারণাটি কি? (ড) বিশ্বায়িত সরকারি দ্রব্য বলতে কি বোঝ? (ঢ) লরেঞ্জ সঙ্গতি' বলতে কি বোঝ? (ণ) পরিবেশগত 'কুজনেটস্ রেখা' কি?

বিভাগ — খ

যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও

২। (ক) অর্থনৈতিক সমৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে পার্থক্য নিরূপণ কর।

(খ) তুমি কি মনে কর যে, কোন দেশের মাথাপিছু আয়কে সেই দেশের অর্থনৈতিক উন্নয়নের যথার্থ সূচক হিসাবে গণ্য করা যায়? যুক্তি নির্দেশ কর। ৪+৬

৩। (ক) কোন দেশের অর্থনৈতিক উত্তরণ সম্পর্কে ক্লার্ক-ফিশার প্রদত্ত মতামত উল্লেখ কর।

(খ) 'কৃষি উৎপাদিকা বৃদ্ধির ক্ষেত্রে ভূমি সংস্কার নীতি একটি প্রয়োজনীয় শর্ত হলেও পর্যাপ্ত শর্ত নয়' — ব্যাখ্যা কর। ৪+৬

৪। (ক) প্রচ্ছন্ন বেকারত্ব পরিমাপ সম্পর্কিত উদ্বৃত্ত শ্রমের স্থিতিশীল ও গতিশীল ধারণা দুটি ব্যাখ্যা কর।

(খ) একটি ধ্রুপদী দ্বৈত অর্থনীতি মডেলের সাহায্যে শ্রম উদ্বৃত্ত অর্থনীতিতে শিল্পায়ন ও গ্রাম-শহর প্রচরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ৪+৬

৫। অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে রস্টোর স্তর-ভিত্তিক তত্ত্বটির সমালোচনা পূর্বক আলোচনা কর। ১০

৬। বর্তমান এবং ভবিষ্যৎ-এর মধ্যে স্পষ্ট পছন্দ যদি-না আমরা স্থির করি তাহলে অত্যধিক জনাকীর্ণ দেশগুলির ক্ষেত্রেও অধিক শ্রমপ্রধান উৎপাদন-কৌশলের সমর্থনে অপরিবর্তনীয় পছন্দ স্থির করা সম্ভব নয়— এই মত পরীক্ষা কর। ১০

[English Version]
Section – A

1. Answer **any ten** questions: 2×10

(a) Mention the variables that are taken into consideration for measuring Human Development Index (HDI). (b) What is Verdoorn's Law? (c) Define economic development in terms of 'Capability'. (d) What do you mean by sustainable development? (e) Distinguish between Average Capital-Output Ratio (ACOR) and Incremental Capital-Output Ratio (ICOR). (f) What is the implication of 'Learning Curve' ? (g) What is 'youth dependency ratio' ? (h) What is dynamic gain from trade? Give an example. (i) What do you mean by 'forward

linkage' ? Give a suitable example. G) What are the different types of economic dualism? (k) State any two basic characteristics of the Todaro-Migration model. (l) How could you define Poverty-Gap Ratio (PGR) ? (m) What do you mean by global public goods? (n) What is Lorenz Consistency? (o) What is Environmental Kuznets' curve?

Section – B

Answer **any three** questions:

2 (a) Distinguish between the notions of economic growth and economic development. 4

(b) Do you think that per capita income of any country can be considered as the proper index of economic development of that country? Give reasons. 6

3. (a) Mention the Fisher-Clark views regarding the economic transition of a country. 4

(b) 'Land reform may be considered as a necessary condition for increasing agricultural productivity. but this cannot be treated as the sufficient condition' – Explain. 6

4. (a) Explain the concept of static and dynamic surplus of labour with respect to the estimation of disguised unemployment. 4

(b) Examine the process of industrialization and rural-urban migration in a labour surplus economy by using a classical dual economy model. 6

5. Critically analyse Rostow's stage theoretic approach towards economic development. 10

6. Examine the view that it is not possible to make an invariable choice in favour of more labour-intensive techniques even in the over-populated countries unless we make explicit choice between the present and the future. 10

FOURT PAPER – 2012

(Group – B)

Full Marks – 50

বিভাগ — ক

১। যে-কোন **দশটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০

(ক) ভারতের পরিকল্পনার যে-কোন দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। (খ) পঞ্চাশের দশকে ভারতের অর্থনীতির কাঠামোগত বাধাগুলি কি কি ছিল? (গ) নেহরু-মহালানবিশ পরিকল্পনার ব্যর্থতার দুটি মুখ্য কারণ লেখ। (ঘ) ষাটের দশকের শেষে কৃষিক্ষেত্রে উন্নতির জন্য যে নতুন কৌশল নেওয়া হয়েছিল তার অবলম্বিত ব্যবস্থাগুলি

কি কি? (ঙ) ভারতে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য যুক্তিগুলি কি তা লেখ। (চ) ভারতে ভূমিসংস্কারের যে-কোন দুটি উদ্দেশ্য উল্লেখ কর। (ছ) 1991 সালে নতুন অর্থনৈতিক নীতি গৃহীত হওয়ার পর উন্নয়ন রণকৌশল কীভাবে পরিবর্তিত হয়েছে? (জ) ভারতে খাদ্যশস্যের বিক্রীত উদ্বৃত্ত ও বিক্রয়যোগ্য উদ্বৃত্তের মধ্যে পার্থক্য কি? (ঝ) ভারতে শিল্পক্ষেত্রে লাইসেন্সিং নীতি নেওয়ার কারণগুলি কি কি? (ঞ) MRTP আইনটি কি? (ট) ভারতে গ্রামীণ কর্মসংস্থানের জন্য ভারত সরকার কর্তৃক গৃহীত দুটি প্রকল্পের উল্লেখ কর। (ঠ) NSSO কর্তৃক ব্যবহৃত বেকারত্বের ধারণাগুলি আলোচনা কর। (ড) সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে সৃষ্ট সমস্যার একটি কারণ উল্লেখ কর। (ঢ) ভারতের অর্থনীতিতে আমদানি প্রতিস্থাপনের পক্ষে যুক্তিগুলি কি কি? (ণ) ভারতে কৃষিক্ষেত্রে দামনীতির মূল উদ্দেশ্যটি কি?

বিভাগ — খ

যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও

২। ভারতে ব্রিটিশ আমলের অর্থনীতি কীরূপ ছিল তা সংক্ষেপে ব্যক্ত কর। ব্রিটিশ রাজত্বে ভারতীয় অর্থনীতিতে স্থিতাবস্থা বা মন্দাজনিত সংকট ছিল বলে কি তুমি মনে কর? আলোচনা কর। ৬+৪

৩। কৃষিজোতের আয়তন ও উৎপাদনশীলতার সম্পর্কের মূল বিষয়গুলি আলোচনা কর। তুমি কি মনে কর যে জোতের আয়তন ও উৎপাদনশীলতার মধ্যে সম্পর্কটি মাত্রা নিরপেক্ষ? ব্যাখ্যা কর। ৫+৫

৪। ভারতে পরিকল্পনা রূপায়ণের শুরুতে কি ধরনের উন্নয়নের উদ্দেশ্য এবং তা রূপায়ণের কৌশল ছিল তা ব্যাখ্যা কর। এই উদ্দেশ্য এবং কৌশল কি কারণে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে পরিবর্তন করা হল? ৫+৫

৫। নিম্নলিখিত বিষয়গুলির উপর সবুজ বিপ্লবের প্রভাব আলোচনা কর ঃ ৩+৩+৪

(ক) উৎপাদিকা শক্তি, (খ) কর্মসংস্থান, (গ) বণ্টন ও দারিদ্র্য।

৬। ভারতে ১৯৮০-এর দশকে মুদ্রাস্ফীতির চাপ সৃষ্টির প্রধান কারণগুলি কি ছিল? আলোচনা কর। ১০

[English Version]

Section – A

1. Answer any ten questions: 2×10

(a) Mention any two characteristics of Indian planning. (b) What were the structural constraints of Indian economy during fifties? (c) State two main reasons for the failure of the Neheru-Mahanalobis plan. (d) What were the measures of new strategy of agricultural development during the late sixties? (e) State the basic arguments of

Fifth Five Year Plan. (t) State any two objectives of land reform in India. (g) How did the development strategy change following the adoption of New Economic Policy in 1991 ? (h) Distinguish between the concepts of Marketed Surplus and Marketable Surplus of food grains in India. (i) What were the reasons behind introducing industrial licensing policy in India? G) What is MRTP act? (k) Mention any two schemes implemented by the Govt. of India for generating rural employment in India. (1) Discuss the concepts of unemployment used by the National Sample Survey Organisation (NSSO) (m) State one cause of the crisis of Indian economy during 7th plan. (n) What are the arguments in favour of import substitution Policy in Indian economy? (o) What was the main objective behind the price policy in agriculture in India.

Section – B

Answer *any three* questions

2 Give a brief account of economic conditions that prevailed in India during the British rule. Do you think that Indian economy was in a state of stagnation during the British Colonial rule? Discuss. 6+4

3. Explain the basic issues relating to farm-size and productivity. Do you think that the relation between farm size and productivity is scale-neutral? Explain. 5+5

4. Describe the rationable behind the adoption of India's development objective and strategy in the early phases of planning. Why and how was the development objective modified during the fifth plan period? 5+5

5. Discuss the effects of Green Revolution on the following aspects : (a) Productivity. (b) Employment. (c) Distribution and poverty. 3+3+4

6. What were the principal causes of inflationary pressure in India during 1980s ? Discuss. 10

C. U.
ECONOMICS (HONOURS) QUESTION PAPERS—2013
(Part – I & II)
Part – I
FIRST PAPER – 2013
(Group – A)
(Macroeconomics Principle)
Full Marks – 50

বিভাগ — ক

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৫

(ক) সাধারণ সম্পদের দু'টি উদাহরণ দাও। খোলা বাজারে সাধারণ সম্পদের ব্যবহার সাধারণত দক্ষ ব্যবহারের চেয়ে বেশি না কম? ২+২

(খ) একটি উদাহরণ দাও যেখানে এক ব্যক্তির কোন একটি কাজে চূড়ান্ত সুবিধা আছে ও আরেক ব্যক্তির আপেক্ষিক সুবিধা আছে। ৪

(গ) করবৃদ্ধি পেলে 'মৃতভার ক্ষতি' (Dead-weight loss) এবং 'করবাবদ আয়'-এর কী হয়? ২+২

(ঘ) ব্যক্তি-মালিকানাধীন বাজার কি সবসময় বাহ্যিকতার সমস্যা সমাধান করতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১+৩

(ঙ) "দাম নিয়ন্ত্রণের দক্ষতা ব্যয় (efficiency cost) আছে"। — উক্ত বক্তব্যটি বেঁধে দেওয়া সর্বোচ্চ দামের ধারণা ব্যবহার করে ব্যাখ্যা কর। ৪

(চ) 'নিখরচায় উপভোগকারী' (Free- rider) বলতে কী বোঝায়? একজন ব্যক্তি কি রাষ্ট্রীয় দ্রব্য ভোগ করার ক্ষেত্রে নিখরচায় উপভোগকারী হতে পারে? ২+২

(ছ) সর্বোচ্চ আইনী দাম (Maximum legal price) যদি ভারসাম্য দামের কম হয় তবে তা কিভাবে দ্রব্যের পরিমাণকে প্রভাবিত করে? যদি সর্বোচ্চ আইনী দাম ভারসাম্য দামের বেশি হয় তাহলে তোমার উত্তর কিভাবে বদলাবে? ২+২

(জ) পরিবেশদূষণ রোধ করতে অর্থনীতিবিদ্‌রা কেন অন্যান্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থার তুলনায় সংশোধনকারী কর বেশী পছন্দ করেন? ৪

বিভাগ — খ

যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৬×৫

২। নিচের ছকটিকে দু'জন প্রাথমিকভাবে বিচ্ছিন্ন ব্যক্তি A এবং B-এর মাছ ও চাল তৈরির প্রয়োজনীয় সময় (ঘণ্টায়) দেওয়া হয়েছে। দেখাও যে দু'জনেই বিনিময় এবং বিশেষায়ণের থেকে লাভ করতে পারে। কোন্ ব্যক্তির কোন্ দ্রব্য উৎপাদনের ক্ষেত্রে বিশেষায়ণ হচ্ছে তা চিহ্নিত কর।

ব্যক্তি	প্রতি কেজি মাছ তৈরীর প্রয়োজনীয় সময়	প্রতি কেজি চাল তৈরীর প্রয়োজনীয় সময়
A	5	12
B	3	4

৪+২

৩। একটি অর্থনীতি কল্পনা কর যেখানে দু'টিমাত্র দ্রব্য উৎপাদিত হয় — কম্পিউটার ও মোবাইল ফোন। কম্পিউটার ও মোবাইল ফোন উৎপাদনের জন্যে অর্থনীতিটির সমস্ত সম্পদ ব্যবহৃত হলে দু'টি দ্রব্যের যে বিভিন্ন উৎপাদন সমন্বয় সম্ভব তা নীচে দেওয়া আছে।

কম্পিউটারের সংখ্যা (একশোয়)	মোবাইল ফোনের সংখ্যা (হাজারে)
0	40
1	39
2	36
3	30
4	20
5	0

(ক) উপরের সারণীটি থেকে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর।

(খ) তোমার ছবিতে অপ্রাচুর্য, কারিগরী দক্ষতা এবং সুযোগ ব্যয়-এর বিন্দুগুলি চিহ্নিত কর।

(গ) উৎপাদন সম্ভাবনা রেখাটি কী কারণে বাইরের দিকে স্থান পরিবর্তন করতে পারে? ১½+৩+১½

৪। চারজন কক্ষসঙ্গী পরিকল্পনা করেছে যে তারা একটি সপ্তাহান্তে তাদের ডর্মিটরিতে পুরানো সিনেমা দেখে কাটাবে এবং তারা তর্ক করছে ক'টি সিনেমা তারা দেখবে। নিম্নে প্রতিটি সিনেমা দেখার জন্যে কে কত দাম দিতে ইচ্ছুক তা দেখানো হল ঃ

	রুবী	গৌরী	সোহিনী	রাকা
প্রথম সিনেমা	7/-	5/-	3/-	2/-
দ্বিতীয় সিনেমা	6/-	4/-	2/-	1/-
তৃতীয় সিনেমা	5/-	3/-	1/-	0/-
চতুর্থ সিনেমা	4/-	2/-	0/-	0/-
পঞ্চম সিনেমা	3/-	1/-	0/-	0/-

(ক) একটি ডর্মিটরিতে সিনেমা দেখানো কি রাষ্ট্রীয় দ্রব্য? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(খ) যদি একটি ফিল্ম সিডির ভাড়া ৪ টাকা হয় তাহলে মোট উদ্বৃত্ত সর্বাধিককরণের জন্য কক্ষসঙ্গীদের ক'টি সিডি ভাড়া করা উচিত?

(গ) তারা যদি (খ)-এর প্রশ্নের উত্তরমাফিক কাম্য সংখ্যা পছন্দ করে এবং সিডির ভাড়া সমানভাবে ভাগ করে নেয়, তাহলে প্রতিজন সিনেমা দেখে কতটা করে উদ্বৃত্ত ভোগ করে? ২+২+২

৫। নিম্নলিখিত প্রত্যেকটি দৃষ্টান্তের ক্ষেত্রে চাহিদা ও যোগানের চিত্রের সাহায্যে দেখাও কিভাবে প্রতিযোগিতামূলক বাজারে ভারসাম্য দাম ও পরিমাণ এগুলির দ্বারা প্রভাবিত হয়। প্রতিক্ষেত্রে চাহিদা-রেখা না যোগান-রেখার পরিবর্তন হচ্ছে তা বোঝাও ঃ

(ক) সরকার আইসক্রিমের উপর কর বসালো যা উৎপাদকদের দিতে হয়। আইসক্রিমের বাজারে এর কী প্রভাব পড়বে?

(খ) ভারত ও বাংলাদেশ বস্ত্রের প্রধান উৎপাদক। ভারতের বস্ত্রশিল্পের শ্রমিকরা ধর্মঘট করবে ঠিক করল। ভারতীয় বস্ত্রের বাজারে এর কী প্রভাব পড়বে?

(গ) বাংলাদেশীয় বস্ত্রের বাজারে (খ)-এর অংশে বর্ণিত ঘটনার প্রভাব কী? ২+২+২

৬। (ক) আইসক্রিমের বাজারে চাহিদার স্থিতিস্থাপকতা ½। যদি আইসক্রিমের যোগান কমার কারণে দাম 10% বাড়ে, চাহিদার পরিমাণ কতটা কমবে?

(খ) মাছের চাহিদার আয়গত স্থিতিস্থাপকতা 2। যদি ক্রেতাদের আয় 10% বাড়ে, তাহলে মাছের চাহিদার পরিমাণ কতটা বাড়বে? ৩+৩

৭। ধর সরকার সংবাদমাধ্যম ও অন্যান্য উপায়ে জনগণকে ধূমপানের ক্ষতির বিষয়ে সচেতন করছে। একই সঙ্গে, তামাক উৎপাদনকারীদের সহায়ক মূল্যের সুবিধা (Price Support Programme) দেওয়া হচ্ছে যাতে তামাকের দাম বাজারের ভারসাম্য দাম থেকে বেড়ে যাচ্ছে। চাহিদা-যোগানরেখার সাহায্যে দেখাও যে সিগারেটের ভোগ এবং দাম কিভাবে প্রভাবিত হচ্ছে? ৬

৮। একটি অগ্নিনির্বাপক যন্ত্রের বাজার কল্পনা কর ঃ

(ক) অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহার কেন ধনাত্মক বাহ্যিকতা (positive externality) প্রকাশ করে?

(খ) এই বাজারের চাহিদা রেখা, সামাজিক-মূল্যরেখা, যোগানরেখা ও সামাজিক-ব্যয়রেখা এঁকে দেখাও। — ভারসাম্য উৎপাদনের স্তর এবং দক্ষ উৎপাদনের স্তর চিহ্নিত কর।

(গ) দক্ষতা বৃদ্ধির জন্য সরকারের কি এক্ষেত্রে কিছু করণীয় আছে? ১+৩+২

৯। নিচে চার-ভোক্তার চুলকাটার জন্য ব্যয় ক্ষমতা দেওয়া হল ঃ

A : Rs. 7/-, B : Rs. 2/-, C : Rs. 8/-, D : Rs. 5/-

নিচে চারটি চুলকাটার সংস্থার চুলকাটার দাম দেওয়া হল ঃ

সংস্থা 1 : Rs. 3/-, সংস্থা 2 : Rs. 6/-, সংস্থা 3 : Rs. 4/-, সংস্থা 4 : Rs. 2/-

একটি সংস্থা মাত্র একজনেরই চুল কাটতে পারে।

(ক) দক্ষতার জন্য ক'জনের চুল কাটা হবে?

(খ) কোন্ কোন্ সংস্থা চুল কাটবে এবং কোন্ কোন্ ভোক্তার চুল কাটা হবে?

(গ) সর্বোচ্চ সমষ্টিগত উদ্বৃত্ত কত? ২+২+২

[English Version]

Group – A

1. Answer *any five* questions : 4×5

(a) Give two examples of Common Resources. Is the free market use of common resources generally greater or less than the efficient use? 2+2

(b) Give an example in which one person has an absolute advantage in doing something but another has a comparative advantage. 4

(c) What happens to the Dead-weight loss and Tax Revenue when tax is increased? 2+2

(d) Can the private market always solve the problems posed by externality? Justify your answer. 1+3

(e) "Price control has efficiency costs." – Explain this statement by using the case of price ceiling. 4

(f) Explain what is meant by the term "free-rider". Can an individual be a free-rider while consuming a public good? 2+2

(g) How does a maximum legal price below the equilibrium price affect output? How would you change your answer if the maximum legal price is set above the equilibrium price? 2+2

(h) Why do economists prefer Corrective Taxes to regulations as a way to reduce the environmental pollution? 4

Group – B

Answer *any five* questions 6×5

2. The following table shows the hours needed to produce fish and rice for two mutually isolated people, A and B. Show that the two can gain from Exchange and Specialisation. Identify which person specializes in producing which product.

Person	Hours needed to produce a Kilo of Fish	Hours needed to produce a Kilo of Rice
A	5	12
B	3	4

+2

3. Imagine an economy that produces only two goods : Computers and Mobile Phones. If the economy uses all its resources to produce computers and mobile phones then the various combinations of the two products it can produce are shown below :

Number of Computers (in hundreds)	Number of Mobile Phones (in thousands)
0	40
1	39
2	36
3	30
4	20
5	0

(a) Draw a PPF from the above table. (b) In your diagram show Points of Scarcity, Technical Efficiency, Opportunity Costs. (c) What can cause the PPF to shift out? $1\frac{1}{2}+3+1\frac{1}{2}$

4. Four room-mates are planning to spend the weekend in their dormitory watching old movies, and they are debating how many to watch. Here is their willingness to pay for each film:

	Ruby	Gouri	Sohini	Raka
First Film	Rs. 7/-	Rs. 5-	Rs.3/-	Rs. 2/-
Second Film	Rs.6/-	Rs.4/-	Rs. 2/-	Re. 1/-
Third Film	Rs. 5-	Rs.3/-	Re. 1/-	0
Fourth Film	Rs.4/-	Rs.2/-	0	0
Fifth Film	Rs.3/-	Re. 1/-	0	0

(a) Within a dormitory room is the showing of a movie a Public Good? Why or why not?

(b) If it costs Rs. 8/- to rent a film CD, how many CDs should the room-mates rent to maximise total surplus?

(c) If they choose the optimal no. from (b) and then split the cost of renting CDs equally, how much surplus does each obtain from watching the movies? 2+2+2

5. For each of the following scenarios, use a supply and demand diagram to illustrate the effect on the equilibrium price and quantity in a competitive market. Explain whether there is a shift in the demand curve or the supply curve in each case.

(a) The government introduces tax on ice cream which is paid by producers. What is the effect in the ice cream market?

(b) India and Bangladesh are major producers of textiles. Textile workers in India decide to go on strike. Show the effect on the market for Indian textiles.

(c) Show the effect on the situation described in (b) on the market for Bangladeshi textiles. 2+2+2

6. (a) If the elasticity of demand for ice cream were $\frac{1}{2}$, how much would quantity demanded fall if a decrease in supply raised the price by 10 per cent?

(b) If the income elasticity of demand for fish were 2, how much would the quantity demanded increase if buyers' income rose by 10 per cent? 3+3

7. Suppose that government initiates media campaigns and labelling requirements aiming at making the public aware of cigarette smoking. At the same time, the tobacco farmers are provided with Price Support Programme raising the price of tobacco above the equilibrium price. Using demand-supply diagrams show how these programme affect cigarette consumption and price of cigarettes? 6

8. Consider the market for fire extinguishers:

(a) Why might fire extinguishers exhibit positive externalities?

(b) Draw a graph of the market for fire extinguishers, labelling the Demand Curve, the Social-value Curve, the Supply Curve and the Social-cost Curve. Indicate the market equilibrium level of output and the efficient level of outputs.

(c) Can the government do anything to enhance efficiency in this situation? 1+3+2

9. There are four consumers willing to pay the following amounts for haircuts:

A: Rs. 7/-, B: Rs. 2/-, C : Rs. 8/-, D : Rs. 5/-

There are four hair cutting businesses with the following costs:

Firm 1 : Rs. 3/-, Firm 2 : Rs. 6/-, Firm 3 : Rs. 4/- Firm 4 : Rs. 2/

Each firm has the capacity to produce only one hair cut.

(a) For efficiency, how many hair cuts should be given?

(b) Which businesses should cut the hair and which consumers should have their haircut?

(c) What is the maximum possible total surplus? 2+2+2

FIRST PAPER – 2013
(Group – B)
(Macroeconomics Principle)
Full Marks – 50

বিভাগ — ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৪×৫

১। গম, ময়দা, রুটি ও স্যান্ডউইচ থেকে মোট বিক্রয়লব্ধ অর্থ হল যথাক্রমে 23, 53, 110 এবং 190। অর্থনীতিতে যদি শুধুমাত্র উপরিউক্ত চারটি দ্রব্যই উৎপাদিত হয় — তাহলে প্রমাণ কর যে অর্থনীতিতে মোট মূল্য-যুক্তের পরিমাণ যথাক্রমে মোট বিক্রয়মূল্য ও উৎপাদনী উপাদানের মোট আয়ের সমান। ৪

২। নিম্নলিখিত তথ্য একটি 'A' অর্থনীতির :

বছর	দ্রব্য X-এর দাম (Rs.)	X-দ্রব্যের পরিমাণ	দ্রব্য Y-এর দাম (Rs.)	Y-দ্রব্যের পরিমাণ
2005	10	200	8	75
2006	14	200	10	75
2007	14	350	10	125

(ক) 2005 কে base বছর ধরে Nominal GDP, Real GDP এবং GDP deflator হিসাব কর।

(খ) গত বছরের তুলনায় 2006 এবং 2007-এর এবং nominal, real এবং GDP deflator -এর শতকরা পরিবর্তন হিসাব কর। প্রতিটি বছরের ক্ষেত্রে কোন্ চলকের পরিবর্তন হয় না? কেন?

(গ) অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য কি 2006 বা 2007 সালে বৃদ্ধি পেয়েছে? কেন?

$১\frac{১}{২}+১\frac{১}{২}+১$

৩। প্রমাণ কর যে — "ব্যক্তিগত সঞ্চয় ও সরকারী সঞ্চয়ের যোগফল ব্যক্তিগত বিনিয়োগ ও বিদেশী বিনিয়োগের যোগফলের সমান।" ৪

৪। শেষ কয়েক দশকে, মহিলারা বেশী ঘন্টা বেতনযুক্ত সময় কাটিয়েছেন এবং স্বল্পসময় অবেতনযুক্ত বাড়ীর কাজ করেছেন।

(ক) এই ধরনের কাজের ঘন্টা বাড়লে কীভাবে GDP-র প্রভাব পড়বে?

(খ) কেন পরিমাপিত GDP-র পরিবর্তন উৎপাদনের প্রকৃত পরিবর্তনকে বাড়িয়ে দেখাচ্ছে তা ব্যাখ্যা কর। ২+২

৫। 2013 সালের মোট সঞ্চয়কে (S) নিম্নলিখিত সমীকরণ দিয়ে বোঝানো হয়েছে।

$S = 70 + 0.2\ Y_p$ যেখানে Y_p হল 2011 এবং 2012 সালের আয়ের ভরযুক্ত

(weighted) গড়। 2011 ও 2012 সালের আয় যথাক্রমে 3,000 এবং 4,000 হলে আর 2012 সালের আয়ের উপর গুরুত্ব (weight) যদি 0.75 হয় — তাহলে

(ক) 2013 সালের মোট C ও S বার কর।

(খ) 2013 সালের MPC, APC, MPS ও APS বার কর। ২+২

৬। সঞ্চয় ও বিনিয়োগের তফাৎ বোঝাও। কোন্ অবস্থা বিনিয়োগের? সঞ্চয়ের? বোঝাও।

(ক) 'A' Rs. 1,000 ধার করে ব্যাঙ্ক থেকে গাড়ী কেনার জন্য যেটা সে ব্যবহার করবে তার Pizza delivery ব্যবসার কাজে।

(খ) 'B' তার Rs. 200 বেতন ব্যবহার করে Larsen & Toubro-র stock কিনতে।

(গ) 'C' Rs. 100 রোজগার করে তা জমা রেখেছে নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্টে।

(ঘ) 'D'-র পরিবার mortgage নিয়ে নতুন বাড়ী কেনে। $২+^{১}/_{২}+^{১}/_{২}+^{১}/_{২}+^{১}/_{২}$

৭। প্রমাণ কর যে —

(ক) মোট নিয়োগ N মোট শ্রম L গুণিতক এক থেকে বেকারত্বের হার u-এর বিয়োগফলের সমান।

(খ) কোন বেকারত্বের হারকে কখন স্বাভাবিক বেকারত্বের হার বলা হয়? ২+২

৮। ধরা যাক, XYZ bank-এর T-account হল ঃ

Assets	Rs.	Liabilities	Rs.
Reserves	1,50,000.00	Deposit (জমা)	4,00,000.00
Loans (ঋণ)	2,50,000.00		

(ক) যদি RBI নিয়ম করে ব্যাঙ্ককে তাদের জমার 10% Reserve হিসাবে রাখতে হবে, তাহলে কত অতিরিক্ত Reserve XYZ-এর কাছে এখন আছে?

(খ) ধরা যাক অন্যসব ব্যাঙ্ক শুধু প্রয়োজনীয় পরিমাণ Reserve রাখে। যদি XYZ bank ঠিক করে তার Reserve কমিয়ে শুধু প্রয়োজনের পরিমাণটুকু রাখবে তাহলে অর্থনীতিতে অর্থের যোগান কতটা বাড়বে?

বিভাগ — খ

যে-কোন *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। সমষ্টিগত অর্থনীতির দৃষ্টিকোণ থেকে মোট চাহিদারেখার ঢালের কারণ ব্যাখ্যা কর। ৬

১০। অর্থনীতিবিদ ও প্রশাসনকর্তারা সবসময় GDP deflator ও Consumer price index কে পরিমাপ করে দামবৃদ্ধির ধারাকে দেখার জন্য। কিন্তু দুটি গুরুত্বপূর্ণ তফাৎ দুটির মধ্যে দেখাও যেটা তাদের দুটিকে আলাদা করে দেয়।

১১। (ক) উন্নয়নহীন মূল্যবৃদ্ধি (stagflation)-এর সম্ভাব্য কারণ ও প্রভাবগুলি আলোচনা কর।

(খ) এই stagflation-এর অবস্থা থেকে বেরিয়ে আসার জন্য একটি অর্থনীতিকে কি কি ত্যাগ স্বীকার করতে হয়? ৩+৩

১২। মৌলিক সমষ্টিগত অভেদটি ব্যাখ্যা কর এবং দেখাও অর্থনীতিতে মোট বিনিয়োগ অর্থাৎ আভ্যন্তরীণ ও বৈদেশিক বিনিয়োগের যোগফল সর্বদাই মোট সঞ্চয়ের সমান হবে। ৬

১৩। আয় যদি ভোগের থেকে বেশী পরিবর্তিত হয় তবে ভোগ অপেক্ষকটির বৈশিষ্ট্য কী হবে? MPC এবং MPS-এর ক্ষেত্রে এই বৈশিষ্ট্যগুলির গুরুত্ব কী? ৩+৩

১৪। (ক) সুদের হারের পরিবর্তন কীভাবে বিনিয়োগের সিদ্ধান্তকে প্রভাবিত করে?

(খ) সুদের হার অপরিবর্তিত থাকলেও বিনিয়োগের সিদ্ধান্তটি কীভাবে পরিবর্তিত হতে পারে। ৩+৩

১৫। তুমি কি মনে কর উন্নয়নের পথে (ক) মূলধনের বৃদ্ধি এবং (খ) জনসংখ্যার বৃদ্ধি একইভাবে কাজ করে? ৩+৩

১৬। 'আপেক্ষিক দাম' এবং 'স্বকীয় দাম'-এর মধ্যে পার্থক্য দেখাও। এই দুটি দাম-নির্ধারণে অর্থনীতির কোন্ অংশের কি ধরনের ভূমিকা। ৩+৩

[English Version]

Section — A

Answer *any five* questions

1. Consider an economy where the total sales receipts from wheat, flour, bread and sandwich are 23, 53, 110 and 190 respectively. If the economy produces only those 4 products, prove that the total value added in the economy is equal both to the final sales proceeds and the total factor earnings. 4

2. Below are some data from country A :

Year	*Price per good X (Rs.)*	*Quantity of good X*	*Price per good Y (Rs.)*	*Quantity of good Y*
2005	10	200	8	75
2006	14	200	10	75
2007	14	350	10	125

(a) Compute nominal GDP, real GDP and GDP deflator, using 2005 as the base year.

(b) Compute the percentage change in nominal GDP, real GDP and GDP deflator in 2006 and 2007 from the preceding year. For each year, which variable does not change? why? $1\frac{1}{2}+1\frac{1}{2}+1$

(c) Did economic well-being rise more in 2006 or 2007? Why?

3. Prove the following statement:

"The sum of Private S and Public S is equal to the sum of Private I and Foreign I".

4. In recent decades, women have worked more hours in paid jobs and fewer hours in unpaid housework.

(a) How would this increase in work hours affect GDP?

(b) Explain why this change in measured GDP will overstate the true change in output.

5. Consider the following S function for the year 2013,

$S = 70 + 0.2Y_p$ where Y_p is the weighted average of the income levels in 2011 and 2012. The levels of Y are 3,000 and 4,000 in 2011 and 2012 respectively with 0.75 being the weight attached to 2012's income.

(a) Calculate the C and S for 2013.

(b) Calculate MPC, APC, MPS and APS for 2013.

6. Explain the difference between saving and investment. Which of the following situations represent investment? Saving? Explain.

(a) 'A' borrows Rs. 1,000 from a bank to buy a car to use in his pizza delivery business.

(b) 'B' uses his pay cheque of Rs. 200 to buy Larsen & Toubro stock.

(c) 'C' earns Rs. 100 and deposits it in her account at a bank.

(d) 'D's family takes out a mortgage and buys a new house.

$2 + \frac{1}{2} + \frac{1}{2} + \frac{1}{2} + \frac{1}{2}$

7. (a) Prove that the employment N is equal to the labour force L times one minus the unemployment rate u.

(b) When does an unemployment rate become the natural unemployment rate?

8. Suppose the T-account for XYZ bank is as follows:

Assets	Rs.	Liabilities	Rs.
Reserves	1,50,000.00	Deposit	4,00,000.00
Loans	2,50,000.00		

(a) If RBI requires banks to hold 10% of deposits as reserves, how much in excess reserves does XYZ now hold?

(b) Assume that all other banks hold only the required amount of reserves. If XYZ decides to reduce its reserves to only the required amount, by how much would the economy's money supply increase? 2+2

Section – B

Answer *any five* questions 6×5

9. Discuss the underlying reasons for the downward slope of a macroeconomic AD curve. 6

10. Economists and policymakers monitor both the GDP deflator and Consumer Price Index to gauge how quickly prices are rising. But what are the two important differences that can cause them to diverge? 6

11. (a) Discuss the possible causes and effects of stagflation.

(b) What is the cost to be borne by the economy for coming out from the situation of stagflation? 3+3

12. Explain the basic macroeconomic identity and show why the total investment, domestic and foreign, must always be equal to total saving of an economy. 6

13. When income changes more than consumption along the consumption function what should be the properties of the consumption function? What are the implications for MPC and MPS in this case? 3+3

14. (a) How do the changes in the rate of interest influence the decision to invest?

(b) Even if the rate of interest remains unchanged, how the investment decisions may change? 3+3

15. Do you think that the roles played by (a) increased capital stock and (b) increased population are more or less the same in the process of development? 3+3

16. Distinguish between the 'relative prices' and 'absolute level of prices'. Which parts of the economy contribute to their respective determinations? 3+3

SECOND PAPER – 2013
(Group – A)
(Statistics for Economics)
Full Marks – 50

বিভাগ — ক

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও 8×5

(ক) প্রাথমিক তথ্যরাশি সংগ্রহের পদ্ধতিগুলি কী কী? তুমি কোন পদ্ধতিটি পছন্দ কর এবং কেন? ২+২

(খ) যদি শ্রেণীগুলির অন্তর্বর্তী ব্যবধান অসমান হয় তাহলে কি হিস্টোগ্রাম অঙ্কন করা সম্ভব? তথ্য পরিবেশনের জন্য কোন্ কোন্ ক্ষেত্রে হিস্টোগ্রামকে উপযুক্ত পদ্ধতি হিসাবে ব্যবহার করা যায়? ২+২

(গ) উপযুক্ত কারণসহ বলো নিম্নলিখিত তথ্যগুলির জন্য কোন্ কেন্দ্রীয় প্রবণতার পদ্ধতি ব্যবহার করা যাবে?

(অ) একজন শিক্ষক একটি শিশুশ্রেণীর শিশুদের মোম রং ব্যবহার সংখ্যা ট্যালির মাধ্যমে প্রকাশ করেন? যদি সর্বাপেক্ষা পছন্দের রং নির্ধারণ করতে চান তাহলে কেন্দ্রীয় প্রবণতার কোন্ পদ্ধতি উপযুক্ত?

(আ) অর্থনীতির টেস্ট গ্রেড প্রকাশিত হয়েছে। সকল ছাত্রই 75-এর অধিক নম্বর পেয়েছে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ চারজন ছাত্র অনুপস্থিত থাকার জন্য কম্পিউটার সেখানে '0' দেখিয়েছে। যদি ধরে নেওয়া হয় যে, '0' যতবার দেখানো হয়েছে তার চেয়ে বেশী বার কোনো নম্বরের পুনরাবৃত্তি ঘটেনি তাহলে তথ্য ব্যবহারের জন্য কোন্ কেন্দ্রীয় প্রবণতার পদ্ধতি উপযুক্ত? ২+২

(ঘ) স্থির ভিত্তি (Fixed base) সূচক এবং পরিবর্তনীয় ভিত্তি (Chain base) সূচকের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

(ঙ) কোনো সিমেট্রিক্যাল নিবেশনের সম্যক বিচ্যুতি হলো 9। এই নিবেশনটি প্ল্যাটিকার্টিক হতে হলে এর চতুর্থ বর্গের ভ্রামকের মান কত হবে? ৪

(চ) বেইস উপপাদ্য উল্লেখ করে প্রমাণ কর। ৪

(ছ) কোনো বাইনোমিয়াল নিবেশন যার n = 36, তা সিমেট্রিক। এর গড় ও সম্যক বিচ্যুতি নির্ণয় কর। ৪

(জ) মোট প্রজনন হার (Gross Reproduction Rate) ও নীট প্রজনন হার (Net Reproduction Rate) -এর পার্থক্য কর। ৪

বিভাগ — খ

যে-কোন *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৬×৫

২। (ক) Lorenz রেখা এবং গিনি সহগ (Gini coefficient)-এর সাহায্যে অর্থনৈতিক বৈষম্য কীভাবে পরিমাপ করা যায় আলোচনা কর।

(খ) প্রতিবৈষম্যের সহগাঙ্ক (চতুর্থকের সাপেক্ষে) = 0.5, চতুর্থক চ্যুতি = 8 এবং প্রথম চতুর্থকটি 16 হলে, বিভাজনটির মধ্যমা নির্ণয় কর। ৩+৩

৩। নিম্নলিখিত সারণীটি থেকে ফিশারের আদর্শ দাম সূচক নির্ণয় কর ও দেখাও যে সেটি টাইম রিভার্সাল ও ফাক্টর রিভার্সাল টেস্ট পালন করে:

দ্রব্য	2009		2010	
	দাম (Rs.)	ব্যয় (Rs.)	দাম (Rs.)	ব্যয় (Rs.)
A	8	80	10	120
B	10	120	12	96
C	5	40	5	50
D	4	56	3	60
E	20	100	25	150

৪+২

৪। (ক) একটি জেলের চারটি রাস্তা আছে। একজন বন্দি জেল থেকে পালিয়ে যে কোনো একটি রাস্তা সমসম্ভবভাবে পছন্দ করলো। যদি প্রথম রাস্তা পছন্দ করে তাহলে পালানোর সম্ভাবনা 1/8, দ্বিতীয় রাস্তার ক্ষেত্রে 1/6, তৃতীয় রাস্তার ক্ষেত্রে 1/4 ও চতুর্থ রাস্তার ক্ষেত্রে 9/10। বন্দি পালানোর ক্ষেত্রে সফল হবে তার সম্ভাবনা বার কর।

(খ) যদি $P(B) > 0$, তাহলে কন্ডিশানাল সম্ভাবনা $P(A|B)$ এর সংজ্ঞা দাও। ৪+২

৫। $X = 0, 1$ এবং 2 ছাড়া সমসম্ভব চলকে X-এর সম্ভাবনা ভর অপেক্ষক $f(x)$-এর মান অন্যত্র শূন্য। $f(0) = c$, $f(1) = 2c - 3c^2$, $f(2) = 4c - 1$।

(অ) c-এর মান নির্ণয় কর।

(আ) $P(X > 0 | X < 2)$ নির্ধারণ কর। ২+৪

৬। (ক) একটি পয়শন চলক এমন যেখানে $P(X = 1) = 2P(X = 2)$-এর গড় মধ্যক ও ভেদমান নির্ণয় কর।

(খ) যুক্তিসহ নিচের তথ্যটি সঠিক কি ভুল বলো:

(অ) একটি নিরবচ্ছিন্ন চলকের আশার মান কখনো ঋণাত্মক হতে পারে না।

(আ) যদি $Var(x) = 0$ হয় তাহলে x-এর সকল মান সমান হবে। ৩+৩

৭। (ক) Standard Normal চলক কী? সমাধানের সময় নর্মাল চলককে কেন Standard Normal চলকে পরিবর্তিত করা জরুরী?

(খ) কোন একটি বিষয়ে একদল ছাত্রের প্রাপ্ত মানগুলি স্বাভাবিক নিবেশনে আছে, যার যৌগিক গড় 65 এবং সম্যক চ্যুতি 5। যদি এই ছাত্রদের থেকে তিনজনকে সমসম্ভবভাবে নির্বাচিত করা হয়, তবে তাদের মধ্যে কেবলমাত্র একজনের প্রাপ্ত মান 70 এর বেশি হবে। তার সম্ভাবনা নির্ণয় কর।

$[\Phi(1) = 0.8413]$ ৩+৩

৮। ভ্রামক উৎপাদন অপেক্ষক (Moment Generating Function) কী? কী কী শর্ত সাপেক্ষে বিনোমিয়াল নিবেশন পয়শন নিবেশন-এর সাহায্যে approximate করা যায়?

দুটি বিনোমিয়াল নিবেশন ($n = 50, p = 0.30$) এবং ($n = 50, p = 0.55$ বিবেচনা কর। এর মধ্যে কোন নিবেশনটি বেশি প্রতিসম (Symmetric)? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ২+২+২

৯। (ক) x ও y এই দুই চলরাশির ক্ষেত্রে নির্ভরণ সমীকরণদ্বয় হল $4x + y = 52$ ও $x + y = 32$। x ও y এর সহগতি সহগাঙ্ক নির্ণয় কর।

(খ) দুইটি নির্ভরণাংকের যোগফল = 1.4 এবং সহগতি সহগাঙ্ক = 0.75। এর যথার্থতা বিচার কর। ৩+৩

[English Version]

SECTION – A

4×5

1. Answer *any five* questions:

(a) What are the methods of collecting primary data? Which method do you prefer and why? 2+2

(b) Can you draw Histogram when the class widths are unequal? State the cases when the Histogram is used as an efficient technique for representing the data. 2+2

(c) State with reasons which measure of central tendency will best describe the following cases :

(i) A teacher has made a tally of the number of times each colour of crayon was used by a kindergarten class. She is to decide a suitable measure of central tendency to determine the favourite colour of crayon for the class.

(ii) The test grades on Economics are posted. All students taking the test scored over 75. Unfortunately, 4 students were absent for the test and the computer listed their scores as 0. Assuming that no score is repeated more times than the 0's, what measure of central tendency would give the best representation of the data ? 2+2

(d) Distinguish between the Fixed-base and Chain-base methods of constructing an index number. 4

(e) The standard deviation of a symmetrical distribution is 9. What value can you suggest for the fourth order central moment in order that the distribution is platykurtic ? 4

(f) State and prove Bayes' theorem. 4

(g) A binomial distribution with n = 36 is known to be symmetric. Find its mean and standard deviation. 4

(h) Distinguish between Gross Reproduction Rate and Net Reproduction Rate. 4

SECTION – B

Answer *any five* questions 6×5

2. (a) Discuss the measurement of economic inequality using Lorenz curve and Gini coefficient.

(b) If the coefficient of skewness (in terms of quartiles) is 0.5, quartile deviation is 8 and the first quartile is 16, find the median of the distribution. 3+3

3. Calculate Fisher's ideal index from the following data, and check whether it satisfies both the time reversal and factor reversal tests :

Commodity	2009		2010	
	Price (Rs.)	Expenditure (Rs.)	Price (Rs.)	Expenditure (Rs.)
A	8	80	10	120
B	10	120	12	96
C	5	40	5	50
D	4	56	3	60
E	20	100	25	150

4. (a) Four roads lead away from a jail. A prisoner escaping from the jail and selects a road at random. If road I is selected the probability of escaping is 4/8, for road II it is 1/6, for road III it is 1/4 and if road IV is selected the probability of escaping is 9/10. Find the probability that the prisoner will succeed in escaping.

(b) If $P(B) > 0$, define the conditional probability $P(A|B)$. 4+2

5. The probability mass function $f(x)$ of a random variable X is zero, except at the points $X = 0, 1, 2$ and $f(0) = c$. $f(1) = 2c - 3c^2$, $f(2) = 4c - 1$.

(i) Determine the value of c

(ii) Find $P(X > 0 | X < 2)$. 2+4

6. (a) A Poisson variate is such that $P(X = 1) = 2P(X = 2)$ find its mean and variance.

(b) State with justification whether each of the following is True or False :

(i) The expectation of a random variable cannot be negative.

(ii) If $Var(x) = 0$, then all values of x are equal. 3+3

7. (a) What is a standard normal variable? Why is it necessary to convert a normal variate to standard normal variate while solving problems?

(b) The marks obtained by a group of students for a certain subject are assumed to be normally distributed with mean 65 and standard deviation 5. If 3 students are taken at random from this set, what is the probability that exactly one of them will have marks above 70 ? [Given $\Phi(1) = 0.8413$] 3+3

8. What is a moment generating function? Under what conditions a binomial distribution is approximated by Poisson distribution?

Consider the following two binomial distributions (n = 50, P = 0.30) and (n = 50, p = 0.55), which one would be more symmetric? Give reason in favour of your answer. 2+2+2

9. (a) For the variables x and y, the equations of the two regression lines are $4x + y = 52$ and $x + y = 32$. Find the correlation coefficient between x and y.

(b) The sum of two regression coefficients is 1.4 and the correlation coefficient is 0.75. Do you agree? Justify. 3+3

SECOND PAPER – 2013

GROUP – B

(Mathematics for Economics)

Full Marks – 50

বিভাগ — ক

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও 8×5

১। $f(x) = ax^2 + bx + c$ অপেক্ষকটি বিবেচনা কর।

(ক) যদি $a = 0$ হয়, অপেক্ষকটি কি দ্বিঘাত? (খ) যদি $a = 0$, $c = 0$ হয়, তবে অপেক্ষকটি কি সরলরৈখিক? (গ) যদি $b = c = 0$ হয়, তবে কি এটি দ্বিঘাত অপেক্ষক? (ঘ) যদি $a = 0$, $b = 0$ হয়, তাহলেও কি এটি একটি অপেক্ষক? ১+১+১+১

২। Euler-এর উপপাদ্যটি বিবৃত কর এবং প্রমাণ কর। ১+৩

৩। একটি সরলরৈখিক চাহিদা রেখা থেকে আমরা লক্ষ্য করি যে,

যখন p=15/ একক, তখন q=35 একক

যখন p=12/ একক, তখন q=50 একক

p এবং q-এর অপেক্ষকীয় সম্পর্কটি লেখ। কার্টেসীয়ান সমতলের কোন পাদে (quadrant) এই অপেক্ষকটি থাকবে? ৩+১

৪। একটি মান-বিশিষ্ট অপেক্ষক f (x)-এর ক্ষেত্রে নিম্নলিখিত বক্তব্যগুলিকে সত্যি অথবা মিথ্যে হিসেবে চিহ্নিত কর এবং উদাহরণের সাহায্যে যথার্থতা বিচার কর :

(ক) একটি বিন্দুতে যদি একটি অপেক্ষক f (x) অন্তরকলনযোগ্য না হয় তাহলেও সেই বিন্দুতে অপেক্ষকটির স্থানীয়ভাবে সর্বোচ্চ মান থাকতে পারে।

(খ) একটি অপেক্ষক f (x)-এর একটি প্রত্যয়যুক্ত (inflexional) মান কেবলমাত্র সেই বিন্দুতেই পাওয়া যায় যেখানে $f''(x) = 0$। ২+২

৫। (ক) নীচের তিনটি সমীকরণের সমাধান নির্ণয় করা সম্ভব কি? কেন?

$$x + y = 5$$
$$2x + y = 8$$
$$x + 3y = 10$$

(খ) তৃতীয় সমীকরণটি যদি $x + 3y = 9$ সমীকরণটি দ্বারা প্রতিস্থাপিত করা হয়, তাহলে উত্তর কী হবে? ৩+১

৬। উৎপাদন অপেক্ষক $Y = \log X_1^2 X_2^3$ কি সমাকৃতি বিশিষ্ট অপেক্ষক? ৪

৭। নিম্নলিখিত সময়-পথগুলির প্রকৃতি নির্ধারণ কর :

(ক) $Y_t = 2\left(-\frac{4}{5}\right)^t + 9$ (খ) $Y_t = 3(2)^t + 4$ ২+২

৮। আধিপত্যের (dominance) ধারণাটি ব্যবহার কর এবং নিম্নলিখিত খেলা (game) টির যেটির পে-অফ্ ম্যাট্রিক্সটি খেলোয়াড় A-এর জন্যে নিম্নে দেওয়া আছে, সেটির সমাধান কর।

		খেলোয়াড় B		
		1	2	3
খেলোয়াড় A	1	4	3	6
	2	6	5	8
	3	7	-1	5

8

বিভাগ — খ

যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। ধরা যাক, A = [4, 5, 6], B = [1, 3, 6, 8] এবং C = [1, 2, 8] ; এই তিনটি সেটের জন্য distributivity সূত্রটি প্রমাণ-কর।

(খ) কোন একটি কারখানার দৈনিক মোট ব্যয় C তার দৈনিক উৎপাদন q-এর উপর নির্ভরশীল এবং মোট ব্যয় অপেক্ষকটি নিম্নরূপ—

$$C = 50 + 3_q$$

ঐ কারখানার দৈনিক উৎপাদনের সীমা 60 একক হলে, ব্যয় অপেক্ষকটির অঞ্চল ও বিস্তার নির্ণয় কর। ২+২+২

১০। T = T(x) কে একটি 'মোট' অপেক্ষক হিসাবে বিবেচনা কর।

(ক) প্রান্তিক (M) অপেক্ষক এবং গড় অপেক্ষককে (A) কিভাবে প্রকাশ (express) করবে লেখ। (খ) দেখাও যে, A যখন আপেক্ষিক চরমমানে পৌঁছয়, তখন A এবং M-এর মান অবশ্যই সমান। (গ) যে বিন্দুতে A চরমমানে পৌঁছয়, সেই বিন্দুতে T-অপেক্ষকটির স্থিতিস্থাপকতা নির্ধারণ কর। ২+৩+১

১১। নিম্নলিখিত অপেক্ষক-

$$U = U(x,y) = x^2y^2$$

-টির লেভেল রেখাকে কিভাবে প্রকাশ করবে? এই লেভেল রেখাটির আকৃতি এবং বক্রতা নির্ণয় কর। ২+২+২

১২। একজন মানুষের সু-স্বাস্থ্যের জন্য তিন ধরণের পুষ্টিবিধায়কের প্রয়োজন, যেগুলি হল ক্যালসিয়াম, প্রোটিন এবং ভিটামিন A। তার পথ্য ধরে নেওয়া যায় যে দুই ধরণের খাবার I এবং II দিয়ে তৈরী হয়। নীচের সারণীটিতে এই দুটি খাবারের দাম খাবার দুটিতে পুষ্টিবিধায়কের পরিমাণ এবং প্রতিদিনের ন্যূনতম প্রয়োজনীয় পুষ্টিবিধায়কের পরিমাণ দেওয়া আছে।

সারণী : খাবারের দাম এবং পুষ্টিবিধায়কের পরিমাণ

দাম / একক	খাবার (প্রতি কেজিতে)		প্রতিদিনের ন্যূনতম প্রয়োজন
	I নং	II নং	
	60 পয়সা	1 টাকা	
ক্যালসিয়াম (একক)	10	4	20
প্রোটিন (একক)	5	5	20
ভিটামিন A (একক)	2	6	12

উপরোল্লিখিত তথ্যের ভিত্তিতে একটি সরলরৈখিক প্রোগ্রামিং সমস্যা গঠন করে দেখাও এবং এটির দ্বৈত সমস্যাটিও নির্ণয় কর। ৩+৩

১৩। $Z = Z(x_1, x_2)$ অপেক্ষকটির চরম মান (গুলির) নির্ণয় করার শর্তগুলি লেখ। $Z = Z(x_1, x_2) = 2x_1^2 + x_1x_2 + 4x_2^2 + x_1x_3 + x_3^2 + 2$ অপেক্ষকটির চরমমান (গুলি) নির্ণয় কর। ২+৪

১৪। নিম্নলিখিত অন্তরকলন সমীকরণটির সাধারণ সমাধান নির্ণয় কর :

$$Y''(t) + 6Y'(t) + 9Y(t) = 27$$

এই সমাধানটিকে প্রারম্ভিক শর্তগুলির সাহায্যে নিশ্চিত কর।

$$Y(0) = 5,\ Y'(0) = -5$$ ৪+২

১৫। নীচে একটি উপাদান-সহগ ম্যাট্রিক্স ও অন্তিম ব্যবহারের ভেক্টর দেওয়া আছে,

$$A = \begin{bmatrix} 0.3 & 0.2 \\ 0.2 & 0.2 \end{bmatrix} \text{ এবং } C = \begin{bmatrix} 50 \\ 50 \end{bmatrix}$$

দ্রব্যদু'টির কাম্যতম উৎপাদন কত হবে? ধরা যাক, দ্রব্যদু'টির প্রান্ত-সহগগুলি যথাক্রমে 0.2 ও 0.1। $\bar{L} = 100$ হলে ঐ অর্থনীতিতে বেকারী থাকবে কি? ৪+২

১৬। নিম্নলিখিত দু'জন খেলোয়াড় বিশিষ্ট শূন্য যোগফল খেলাটি বিবেচনা কর, যেখানে খেলোয়াড় A-এর পে-অফ্ ম্যাট্রিক্সটি দেওয়া আছে :

$$A = \begin{bmatrix} 4 & 1 \\ 2 & 3 \end{bmatrix}$$

দেখাও যে শুদ্ধ কৌশলের দ্বারা উপরোক্ত খেলাটি সমাধান করা যায় না। অতএব এটিকে মিশ্র কৌশলের দ্বারা সমাধান কর। ২+৪

[English Version]

Section – A

Answer *any five* questions

1. Consider the function $f(x) = ax^2 + bx + c$
   (a) If $a = 0$, is the function a quadratic?
   (b) If $a = 0$, $c = 0$, is the function linear?
   (c) If $b = c = 0$, is it a quadratic function?
   (d) If $a = 0$, $b = 0$, is it still a function? 1+1+1+1

2. State and prove the Euler's theorem. 1+3

3. From a linear demand curve, we have the following observations:
   at $p = 15$/unit, $q = 35$ units
   at $p = 12$/ unit, $q = 50$ units
   Write down the functional relationship between q and p. In which of the quadrants of the Cartesian Plane does this function lie?

4. Identify the following statements relating to a single-valued function f (x) as TRUE or FALSE and justify with examples:
   (a) A function f (x) may have a local maximum at a point where it is not differentiable.
   (b) An inflexional value of a function f (x) can only occur at a point where $f''(x) = 0$.

5. (a) Is it possible to get a solution to the following system of three equations? Why?

$$x + y = 5$$
$$2x + y = 8$$
$$x + 3y = 10$$

(b) If the third equation is replaced by the equation $x + 3y = 9$, then what will be your answer? 3+1

6. Is the production function $Y = \log X_1^2 X_2^2$ homothetic function? 4

7. Determine the nature of the following time paths :

(a) $Y_t = 2\left(-\frac{4}{5}\right)^t + 9$ (b) $Y_t = 3(2)^t + 4$ 2+2

8. Use the concept of dominance and solve the following game whose pay-off matrix for player A is given below:

		Player B		
		1	2	3
Player A	1	4	3	6
	2	6	5	8
	3	7	1	5

Section-B

Answer *any five* questions

9. (a) For the three-sets A = [4, 5, 6], B = [1, 3, 6, 8] and C = [1, 2, 8]; verify the law of distributivity.

(b) The total cost C of a factory per day is a function of its daily output q given by the equation C = 50 + 3q. The factory has a capacity limit of 60 units of output per day. Find the domain and range of the cost function. 2+2+2

10. Consider T = T(x) to be a Total function.

(a) Write down the expressions for the Marginal function (M) and the Average function (A).

(b) Show that, when A reaches a relative optimum, M and A must have the same value.

(c) Find out the elasticity of the Total function T at the point when A reaches an extreme value? 2+3+1

11. Derive the expression for a level curve corresponding to the following function

$$U = U(x,y) = x^2y^2$$

Hence determine its shape and curvature. 2+2+2

12. A person needs three kinds of nutrients, viz., Calcium, Protein and Vitamin A to maintain good health. His diet is assumed to be consisting of two food items I and II. Prices of these food-nutrient

contents in these foods and minimum daily requirements of the nutrient contents are presented in the Table below :

Table : Prices and Nutrient Contents of Foods

Price per unit	Food-I (per kg)	Food-II (per kg)	Minimum
	60 paise	1 rupee	Daily requirement
Calcium (unit)	10	4	20
Protein (unit)	5	5	20
Vitamin A (unit)	2	6	12

Formulate a linear programming problem on the basis of above information.

Also find out its dual problem.

13. Write down the conditions required for finding out the extreme value(s) of a function $Z = Z(x_1, x_2)$.

Derive the extreme value(s) of the function

$$Z = Z(x_1, x_2) = 2x_1^2 + x_1x_2 + 4x_2^2 + x_1x_3 + x_3^2 + 2$$

14. Find the general solution of the following differential equation

$$Y''(t) + 6y'(t) + 9Y(t) = 27$$

Definitize the solution with the initial conditions

$$Y(0) = 5, y'(0) = -5$$

15. Given the input-coefficient matrix and the final demand vector

$$A = \begin{bmatrix} 0.3 & 0.2 \\ 0.2 & 0.2 \end{bmatrix} \text{ and } C = \begin{bmatrix} 50 \\ 50 \end{bmatrix}$$

find the optimum output levels of the two goods. Suppose that 0.2 and 0.1 are labour coefficients of the two goods respectively. If L = 100, will there be unemployment in the economy? 4+2

16. Consider a two-person zero sum game whose pay-off matrix for player A is given below.

$$A = \begin{bmatrix} 4 & 1 \\ 2 & 3 \end{bmatrix}$$

Show that the above game has no solution in pure strategy. Hence, solve it in mixed strategy. 2+4

PART – II
THIRD PAPER – 2013
(GROUP–A)
Full Marks – 50

বিভাগ — ক

১। যে-কোন *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) রিমা দুই কাল বিশিষ্ট জগতে বাস করে "আজ" ও "আগামীকাল" প্রত্যেক কালের শুরুতেই সে 210 টাকা আয় করে। যদি প্রত্যেক সময়কালের সুদের হার 0.5 হয়, তার সারা জীবনের আয়ের বর্তমান মূল্য কত? রিমার আন্তঃসময় বাজেট-রেখাটি অঙ্কন কর। ১+৩

(খ) $Q = 150\,L$ উৎপাদন অপেক্ষকটিতে Q হল মোট উৎপাদন এবং L হল নিয়োজিত শ্রমের পরিমাণ। মোট উৎপাদনরেখা কেমন দেখতে হবে? সংশ্লিষ্ট গড় উৎপাদনরেখা এবং প্রান্তিক উৎপাদনরেখার বর্ণনা দিতে পার কি? ২+২

(গ) যখন দু'টি দ্রব্য পূর্ণ পরিবর্ত, তখন দ্রব্যের আপেক্ষিক দামের পরিবর্তনের প্রভাবকে আয় প্রভাব ও পরিবর্ত প্রভাবে ভাগ করে দেখাও। ৪

(ঘ) (অ) সরকারী নির্দেশ অনুযায়ী ধরা যাক্ একটি ফার্মকে প্রতি বছর একটি নির্দিষ্ট পরিমাণে কর প্রদান করতে হয়, তা সে উৎপাদন করুক বা না করুক। এক্ষেত্রে ফার্মের স্থির, প্রান্তিক ও গড় মোট ব্যয়ের উপর কি প্রভাব পরিলক্ষিত হবে?

(আ) যদি করটি উৎপাদনের আনুপাতিক হয়, তবে তা ফার্মের স্থির, প্রান্তিক ও গড় মোট ব্যয়কে কিভাবে প্রভাবিত করবে? ২+২

(ঙ) পূর্ণাঙ্গ প্রতিযোগিতামূলক বাজারে দীর্ঘকালে অর্থনৈতিক মুনাফা শূন্য হয়— এতদসত্ত্বেও কেন ফার্ম পূর্ণাঙ্গ প্রতিযোগিতামূলক শিল্পে অনুপ্রবেশ করে? ৪

(চ) একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজারে কখন উদ্বৃত্ত উৎপাদন ক্ষমতার অস্তিত্ব থাকে? ৪

(ছ) প্রতিযোগিতামূলক শ্রমের বাজারে শ্রমের যোগান-রেখা কেন পশ্চাতে হেলানো হয় ব্যাখ্যা কর। ৪

(জ) কল্যাণমূলক অর্থনীতির প্রথম ও দ্বিতীয় মৌলিক উপপাদ্য দুটি বিবৃত কর। ৪

বিভাগ — খ

২। যে-কোন *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) বিভুর সর্বাপেক্ষা ও সর্বপ্রথম পছন্দের দ্রব্যটি হল চা। একটু অতিরিক্ত চায়ের জন্য যেকোন পরিমাণের রুটি সে ত্যাগ করতে প্রস্তুত। কিন্তু চায়ের পরিমাণ যদি স্থির থাকে তাহলে সে রুটির পরিমাণ বেশি হওয়াই পছন্দ করবে। বিভুর এই বিশেষ পছন্দের প্রকার সামনে রেখে বিভুর নিরপেক্ষ রেখাটি কি অঙ্কন করা সম্ভব? যদি সম্ভব হয়, নিরপেক্ষ রেখাটি অঙ্কন কর। যদি সম্ভব না হয়, তবে কেন নয় তা ব্যাখ্যা কর। এই পছন্দের প্রকরণে তুমি কি একটি মসৃণ নিয়ত (continuous) চাহিদা-রেখা নির্ণয় করতে পারবে? ব্যাখ্যা কর। ৬

(খ) অন্তরা প্রতি সপ্তাহে ৯ টাকার (Rs.9) ভাতা পায়, যার পুরোটাই সে চানাচুর আর ভেলপুরি কিনতে খরচ করে। প্রতি একশো গ্রাম (100 gms) চানাচুরের দাম ১ টাকা (Re.1) আর ভেলপুরি এক প্লেট ১ টাকা ৫০ পয়সা (Rs.1.50)। চানাচুরের পরিমাণ X দিয়ে আর ভেলপুরির পরিমাণ Y দিয়ে সূচিত হয়।

(অ) অন্তরার বাজেট সমীকরণটি কী? (আ) চানাচুরের নিরিখে এক প্লেট (one helping) ভেলপুরির সুযোগ ব্যয় নির্ধারণ কর। (ই) অন্তরা যদি তার ভাতার পুরোটাই চানাচুরের উপরে অথবা পুরোটাই ভেলপুরির উপরে খরচ করবার সিদ্ধান্ত নেয়, তবে সে কতখানি চানাচুর অথবা কী পরিমাণ ভেলপুরি ভোগ করবে? (ঈ) অন্তরা যদি প্রতি সপ্তাহে চার প্লেট (4 helpings) ভেলপুরি এবং ৩০০ গ্রাম (300 gms) চানাচুর খায়, তবে কি সে তার বাজেট রেখার উপরে অবস্থান করবে? ১+২+২+১

(গ) ধরা যাক, একজন ভোক্তা X এবং Y-এই দুটি দ্রব্য ভোগ করে এবং দ্রব্যদুটির দাম যথাক্রমে $P_x = 2$ এবং $P_y = 1$। ভোক্তার আয় $M = 8$ এবং প্রাথমিক অবস্থায় তার ভোগদ্রব্য সম্মিলনটি হল $X^* = 2,\ Y^* = 4$। X- দ্রব্যের জন্য ভোক্তার চাহিদা অপেক্ষক হল $X = \frac{M}{2p_X}$। এখন ধরা যাক, দ্রব্যের দাম কমে হল 1।

(অ) বর্তমানে সে কী পরিমাণ X দ্রব্য ভোগ করবে? (আ) দাম হ্রাস পাওয়ার পর Y দ্রব্যের ওপর তার ব্যয় কীভাবে পরিবর্তিত হবে? (ই) দাম হ্রাসের ফলে চাহিদার যে পরিবর্তন হচ্ছে তাকে পরিবর্ত প্রভাব এবং আয় প্রভাব এই দুটি ভাগে ভাগ কর। ১+১+৪

(ঘ) (অ) নিম্নলিখিত উৎপাদন অপেক্ষকটি কি ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদনের বিধি এবং আয়তনজনিত ক্রমহ্রাসমান প্রতিদানের বিধি মেনে চলে?

$$Q = 100\,L^{0.6}K^{0.4}$$

(আ) এমন কোনো পরিস্থিতির কথা ভাবতে পার, যেখানে স্বল্পকালীন প্রান্তিক ব্যয় দীর্ঘকালীন প্রান্তিক ব্যয় অপেক্ষা কম? ৩+৩

(ঙ) একটি প্রতিযোগিতামূলক শিল্প দীর্ঘকালীন ভারসাম্যের অবস্থায় রয়েছে। সেই অবস্থায় শিল্পের অন্তর্ভুক্ত সকল ফার্মের ওপর বিক্রয় কর বসানো হল। এর ফলে দ্রব্যের দাম, শিল্পের মধ্যে ফার্মের সংখ্যা এবং দীর্ঘকালীন সময়ে প্রতিটি ফার্মের উৎপাদনের ওপর কী প্রভাব পড়বে বলে মনে কর? ৬

(চ) (অ) একজন একচেটিয়া কারবারী অপরিবর্তনীয় গড় ব্যয় এবং প্রান্তিক ব্যয় যার পরিমাণ 5 টাকা, তাতে উৎপাদন করতে পারে। সে যে বাজার চাহিদা- রেখার মুখোমুখি হয়, সেটি $Q = 53 - P$।

এই কারবারীর সর্বাধিক মুনাফা অর্জনের জন্য যে দাম এবং উৎপাদনের পরিমাণ কার্যকর, তা নির্ধারণ কর এবং সংশ্লিষ্ট মুনাফার হিসাব কর। উৎপাদনের পরিমাণ এবং মুনাফা কি বদলে যাবে, যদি উৎপাদক একচেটিয়া কারবারের পরিবর্তে পূর্ণাঙ্গ প্রতিযোগিতায় অবস্থান করে?

(আ) উৎপাদকের ক্রিয়াকলাপ যদি পূর্ণাঙ্গ প্রতিযোগিতা থেকে একচেটিয়া কারবারে এসে পড়ে, তবে চিত্রের সাহায্যে মৃতভার ক্ষতি (deadweight loss) শনাক্ত করো এবং সেই ক্ষতির হিসাব করতে পার কি? ২+২+১

(ছ) ধরা যাক্ ডুয়োপলির বাজারে A আর B ফার্ম $P = 100 - Q$ বিপরীতমুখী চাহিদা অপেক্ষকটির মুখোমুখি হয়। এখানে P হচ্ছে বাজারে জিনিসটির দাম ও $Q = Q_A + Q_B$ হচ্ছে A ও B-র মোট উৎপাদন। দুটি প্রতিষ্ঠানেরই অপরিবর্তনীয় প্রান্তিক ব্যয় 10।

(অ) ধরা যাক্, A বিশ্বাস করে যে B মোট Q_B পরিমাণ উৎপাদন করবে। A-র প্রতিক্রিয়া অপেক্ষক (reaction function) নিরূপণ কর। (আ) কুর্নো ভারসাম্যে A ও B -র উৎপাদনের পরিমাণ নির্ণয় কর।

(জ) (অ) পূর্ণপ্রতিযোগিতার পরিমণ্ডলে ধরা যাক্, একজন শ্রমিকের প্রান্তিক উৎপাদন ঘণ্টায় 5 ইউনিট এবং বাজারে প্রতিটি ইউনিট 6 টাকা দামে বিক্রয় হয়। কার্মের মালিককে শ্রমিক নিয়োগের জন্য ঘণ্টায় 40 টাকা দিতে হয়।

মালিক এক্ষেত্রে শ্রমিক নিয়োগ করবে কিনা ব্যাখ্যা কর।

(আ) একটি অর্থনীতিতে শ্রম এবং মূলধনের সাহায্যে বস্ত্র এবং খাদ্য দ্রব্য উৎপন্ন হয়। ধরা যাক্ $w = r = 4$ টাকা (ঘণ্টা প্রতি)। বস্ত্র উৎপাদনের ক্ষেত্রে $\frac{MP_L}{MP_K} = 2$ এবং খাদ্যদ্রব্য উৎপাদনের ক্ষেত্রে $\frac{MP_L}{MP_K} = \frac{1}{2}$। উৎপাদনের ক্ষেত্রে এই অর্থনীতি কী দক্ষ? এখানে কোন্ ক্ষেত্রে শ্রম নিয়োগ বৃদ্ধি করা প্রয়োজন? ২+৪

[English Version]

Section — A

Answer *any five* questions

1. Answer any five questions :

(a) Rima lives in a world of 2 time periods: 'today' and 'tomorrow'. At the beginning of each period she earns Rs. 210/-. If the interest rate in each period is 0.5, what is the present value of her lifetime income? Draw her intertemporal budget line. 1+1

(b) Consider a production function $Q = 150 L$, where Q is total output, and L is the quantity of labour employed. How does the total product-curve look like? Can you describe the corresponding Average Product and Marginal Product Curves? 4

(c) Decompose the effect of change in relative price into income and substitution effects when two goods are perfect substitutes.

(d) (i) By government regulation, suppose a firm must have to pay a fixed amount as tax every year, independent of whether it produces anything or not. How does it affect firm's fixed, marginal and average total cost?

(ii) If that tax is proportional to the quantity of output, the firm produces, how will it affect firm's fixed, marginal and average total cost? 4

(e) In a perfectly competitive market why do firms enter an industry when they know that in the long-run the economic profit will be zero. 4

১২। 'Unionisation'-এর মাধ্যমে অভ্যন্তরীণ ও বহিরাগত দুজনেই লাভ করে'— কী এটি সমর্থন কর? বোঝাও। ৬

১৩। কখনো কখনো গরীব দেশগুলি ধনী দেশগুলির তুলনায় দ্রুততর গতিতে প্রকৃতিক বৃদ্ধিপ্রাপ্ত হয়। বক্তব্যটির ব্যাখ্যা করো। ৬

১৪। অর্থগুণক (নগদ-জমা অনুপাতের বিপ্রতীপ) ও আর্থিক ভিত্তির গুণফল হলো মোট যোগান— ব্যাখ্যা করো এবং প্রমাণ করো যে, এই বক্তব্যটি সঠিক হ'লে কোনো নগদ অর্থ হাতে রাখছে না— এই অনুমান করতে হবে। ৬

১৫। কীভাবে College-এর degree এক ধরনের মূলধন? জনসংখ্যা বৃদ্ধির হার GDP প্রতি ব্যক্তিকে প্রভাবিত করতে পারে? ৩+৩

১৬। চরম মুদ্রাস্ফীতি (hyper-inflation) কী? অর্থনীতিতে এর প্রভাবগুলি কি ৬

[ENGLISH VERSION]

Section – A

Answer *any five* questions

1. Suppose an economy produces 40 loaves of bread and 50 baskets of egg in the year 2000 and 50 loaves of bread and 60 baskets of egg in 2001. If price of one loaf rises from Rs.2 to Rs.3 and price of one basket of egg rises from Rs.3 to Rs.4 between 2000 and 2001, find the nominal GDP and the real GDP for 2001 taking 2000 as base year. 2+2

2. In 2015, the salary of Mr. X was Rs. 6,80,000/- p.a. and in 1980, when he joined the service, his salary was Rs.72,000/- p.a. If the price index has increased from 128 to 400 within this period, is Mr. X better-off in 2015 as compared to 1980? 4

3. Prove that in a closed economy, the sum of the public and private saving is equal to the total private investment in the economy. 4

4. If in a hypothetical economy, job finding is instantaneous, what will be the value of the natural rate of unemployment? What happens to the natural unemployment rate, when workers are not well informed about the right job? 2+2

5. If $C = 100 + 0.7Y$

(i) What happents to APC and MPC, when Y rises? (ii) If the

autonomous consumption level rises to 150, how are APC and MPC affected? 2+2

6. If an investment project is going to pay Rs. 200 (Cr.) in 5 years, what is the present value of the project? (Assume r to be 10%). What is the limit of the present cost upto which this project may be profitably undertaken? 3+1

7. Suppose the balance-sheet for XYZ bank is a follows :

Assets	Rupees	Liabilities	Rupees
Reserves	1,50,000	Deposits	4,00,000
Loans	2,50,000		

(i) If RBI requires banks to hold 10% of deposits as reserves, how much in excess reserves does XYZ now hold?

(ii) Assume that all other banks hold only the required amount of reserves. If XYZ decides to reduce its reserves to only the required amount, by how much would the economy's money supply increase? 2+2

8. Suppose that a U.S. firm builds a factory in Bangladesh. What sort of foreign investment would this represent? What would be the effect of this investment on the Gross National Product (GNP) of Bangladesh? 2+2

Section – B

Answer ***any five*** questions

9. What is meant by stagflation? How can the situation of stagflation be overcome? (Use AD–AS model.) 6

10. Explain the relationship between investment and the rate of interest. In this context, discuss the role of marginal efficiency of capital in the process of decision making for investment. 6

11. Destinguish between : 2+2+2

(i) Final goods and intermediate goods (ii) Flow statistics and stock statistics (iii) Price deflator and consumer price index (CPI).

12. 'Both the insiders and outsiders gain from unionisation'— Do you agree? Explain. 6

13. "Sometimes the poor countries do tend to grow at a faster rate than the rich countries". How do you explain it? 6

14. "The money supply is equal to the money multiplies (inverse of cash reserve ratio) times the monetary base". Explain, and show that for the above statement to be true, we must assume that people are not holding money. 6

15. In what way is a college degree a form of capital? How does a rate of population growth influence the level of GDP per person? 3+3

16. What is hyper-inflation? What are it's effects on the economy? 6

SECOND PAPER – 2015

(Group – A)

(Statistics for Economics)

Full Marks – 50

বিভাগ - ক

(পূর্ণমান - ২০)

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কারণসহ বলো নিম্নলিখিত উক্তিগুলি সঠিক না ভুল ঃ ১×৪

(অ) ১৯৯১ সালে পাঁচটি দেশের জনসংখ্যার বিস্তৃতি দেখাতে হলে চলনপাতিক চিত্র ব্যবহৃত হবে।

(আ) ব্যক্তিসকলের ধর্ম বিস্তৃতি দেখাতে হলে বার চিত্রের সাহায্যে তার ক্রমাঙ্ক নিরেশন দেখাতে হবে।

(ই) কোনো চলরাশির অ্যাবসলিউট পরিবর্তন সময়ের সাপেক্ষে নির্দেশ করতে হলে রেখাচিত্রের মাধ্যমে প্রকাশ করতে হবে।

(ঈ) একটি বিচ্ছিন্ন চলরাশির কেবলমাত্র ইনটিগ্র্যাল মান থাকে।

(খ) উপযুক্ত কারণসহ বলো নিম্নলিখিত তথ্যগুলির জন্য কোন্ কেন্দ্রীয় প্রবণতার পদ্ধতি ব্যবহার করা যাবে? ১×৪

(অ) কোনো পার্কিংয়ে সবচেয়ে বেশী একপ্রকার গাড়ীর সংখ্যা।

(আ) রোগীদের হাসপাতালে থাকার দিনগুলির কেন্দ্রীয় প্রবণতা।

(ই) দোকানদারের বিক্রয় করা জামাকাপড়ের গড় সাইজ।

(ঈ) ধরা যাক কোনো ব্যক্তি একটি অনুষ্ঠান করতে চায় এবং একটি দিন নির্ধারণ করতে চায় যেখানে '1' নির্দেশ করে সোমবার ও '7' রবিবার। কোন কেন্দ্রীয় প্রবণতার সাহায্যে সবচেয়ে পছন্দের দিনটি নির্বাচন করা যাবে? এক্ষেত্রে পছন্দের দিনটি এমন যা সবচেয়ে অধিকসংখ্যক ব্যক্তিকে সন্তুষ্ট করে।

(গ) নিম্নলিখিত তথ্যটি কি যুক্তিসহ মানা যায়? " কোনো একটি লেপ্টোকার্টিক নিরেশনে প্রথম ও দ্বিতীয় ভ্রামক, শূন্যের সাপেক্ষে, 10 ও 116 যথাক্রমে, এবং চতুর্থ বর্গের কেন্দ্রীয় ভ্রামক হলো 624". ৪

(ঘ)(i) একটি সমসম্ভব চলক কেবলমাত্র 0 ও 1 এই দুটি মান গ্রহণ করে যেখানে $P(X=0)=\frac{1}{3}$, এক্ষেত্রে $E\left|X-E(x)\right|$-এর মান কত? (ii) কোনও সমসম্ভব চলকের প্রত্যাশার (expectation) মান ঋণাত্মক হতে পারে না - তুমি কি উক্তিটির সাথে সহমত? যুক্তিসহ উত্তর দাও। ২+২

(ঙ) একটি ব্যাগে 10টি স্বর্ণমুদ্রা ও 8 টি রৌপ্যমুদ্রা আছে। এর মধ্যে থেকে 4 টি করে মুদ্রা একযোগে উপর্যুপরি দুবার চয়ন করা হল প্রতিস্থাপন না করে। প্রথম চয়নে 4 টি স্বর্ণমুদ্রা এবং দ্বিতীয় চয়নে 4টি রৌপ্যমুদ্রা ওঠার সম্ভাবনা নির্ণয় কর। ৪

(চ) $2x + 3y = 7$ ও $3y - 7x + 2 = 0$ দ্বারা নির্দেশিত সমীকরণদ্বয় কি নির্ভরণ সমীকরণ হতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ২

(ছ) লোরেঞ্জ রেখা ও গিনি সহগাঙ্কের ধারণা ব্যাখ্যা কর। ২

(জ) অশোধিত মৃত্যুহার (Crude Death Rate) -এর সংজ্ঞা দাও। এই হার দুটি দেশের মরণশীলতার (mortality) তুলনা করার উপযুক্ত নয় কেন তা যুক্তিসহ দাও। ২+২

বিভাগ - খ
(পূর্ণমান - ৩০)

২। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) নিম্নলিখিত বিন্যস্তিটির মিডিয়ান ও মোডের মান যথাক্রমে 27 ও 26। a ও b-র মান কত হবে?

শ্রেণী বৈষম্য :	0–10	10–20	20–30	30–40	40–50
ক্রমাঙ্ক :	3	a	20	12	b

(খ) (অ) ফিশারের সূচকসংখ্যাকে 'আদর্শ' বলা হয় কেন? (আ) একটি ফার্মে পুরুষ ও নারী কর্মীদের ভেদাঙ্কমান যথাক্রমে 55% ও 70%, সমক বিচ্যুতির মান 22.00 টাকা এবং 15.40 টাকা যথাক্রমে। যদি ফার্মে 40% নারী কর্মী থাকেন তবে সকল কর্মীর মিলিত গড় মজুরি নির্ণয় কর। ২+৪

(গ) নিম্নলিখিত তথ্যটির সহগতি সহগাঙ্ক নির্ধারণ করো ঃ ৬

x :	−6	−4	−2	0	2	4	6
y :	38	18	6	0	6	18	38

ফলাফল ব্যাখ্যা কর। চলরাশিদ্বয় কি স্বাধীন? ৪+২

(ঘ) (অ) কোনো নিম্নবিত্ত শ্রেণীর জীবনযাত্রা সূচকের মান 1968 ও 1972 সালে, কোনো একটি শহরে যথাক্রমে 220 ও 288। ধরা যাক একজন মজুর 1968 সালে প্রতি মাসে 90 টাকা ও 1972 সালে প্রতি মাসে 110 টাকা পায়। তার কি জীবনযাত্রার মান 1968 সালের মত রক্ষা করার জন্য 1972 সালে কোনো অতিরিক্ত ভাতা পাওয়া উচিত? যদি হয় তাহলে কত?

(আ) 1985 সালকে ভিত্তি বছর ধরে 1992 সালে কলকাতার মধ্যবিত্ত শ্রেণীর দাম সূচকের মান যদি 225 হয় তাহলে গড় হিসেবে রিটেল দাম কত বৃদ্ধি পায়?

(ই) কোনো একটি স্থানে সমস্ত দ্রব্যের মূল্য ভিত্তি বৎসরের সাপেক্ষে 35% হ্রাস পায় তাহলে সেই স্থানে দাম সূচক কত হবে? ৪+১+১

(ঙ) (অ) নিম্নলিখিত উক্তিগুলি কি যথার্থ? তোমার উক্তিটির সপক্ষে যুক্তি দাও ঃ

(ক) দুইটি নির্ভরণাংকের যোগফল 1.4 এবং সহগতি সহগাঙ্ক 0.75।

(খ) 5x এবং – 3y-এর সহগতি সহগাঙ্ক এবং x ও y -এর সহগতি সহগাঙ্কের পরমমান সমান।

(আ) কোনও তিনটি চলক x_1, x_2, x_3 অসম্পর্কিত এবং তাদের সমক বিচ্যুতি পরস্পর সমান হলে $(x_1 + x_2)$ এবং $(x_2 + x_3)$ -এর মধ্যে সহগতি সহগাঙ্ক নির্ণয় কর। ৩+৩

(চ) (অ) বেইস-এর নিয়ম কী?

(আ) তিনটি যন্ত্র X, Y, Z -এর একটি যন্ত্রাংশ উৎপাদনের ক্ষমতা সমান। মেশিনগুলির ত্রুটিপূর্ণ যন্ত্রাংশ তৈরীর সম্ভাবনা যথাক্রমে 0.1, 0.2 এবং 0.3। ক্রমভাবে যে কোনো একটি মেশিন থেকে প্রস্তুত যন্ত্রাংশ নেওয়া হল, এবং দেখা গেল যন্ত্রাংশটি ত্রুটিপূর্ণ। যন্ত্রাংশটি Y মেশিন থেকে উৎপাদিত হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩+৩

(ছ) (অ) দেখাও যে কোনো বাইনোমিয়াল নিবেশনের যার প্যারামিটার 3 ও 0.5, সেটি প্রতিসম।

(আ) নিম্নলিখিত সম্ভাবনা ঘনত্ববিশিষ্ট অপেক্ষকটি কোন নিবেশন নির্ধারণ করে।

$$f(x) = \frac{5}{\sqrt{\pi}} e^{-25x^2}, -\infty < x < \infty$$

নিবেশনটির গড় ও ভেদমান কত? ২+৪

(জ) (অ) কোনো পরীক্ষার সম্ভাব্য ফলাফলগুলি e_1, e_2, e_3, e_4 হিসাবে দেখানো হল যা সমানভাবে ঘটতে পারে। ধরা যাক তিনটি ইভেন্ট A, B, C যেখানে $A = \{e_1, e_4\}$, $B = \{e_2, e_4\}$, $C = \{e_3, e_4\}$. এই ঘটনার সাপেক্ষে নিম্নলিখিত উক্তিটির যথার্থ্য পরীক্ষা কর ঃ

"জোড়াভিত্তিক স্বাধীনতা, পারস্পারিক স্বাধীনতা নাও নির্দেশ করতে পারে।"

(আ) নিম্নলিখিত উক্তিটি সম্পর্কে মতামত প্রদান করো ঃ

"কোনো বাইনোমিয়াল নিবেশনের গড় 3 ও ভেদমান 4।" ৪+২

[ENGLISH VERSION]
Section - A
(Marks - 20)

1. Answer ***any five*** questions : 1×4

(a) State with reasons, whether the following statements are 'True' or 'False' :

(i) To exhibit the population of 5 countries in 1991 diagrammatically the suitable diagram is ratio chart.

(ii) Bar diagram is used to exhibit the frequency distribution of religion of persons.

(iii) A line diagram shows the absolute change in the value of the variable with the change in time.

(iv) A discrete variable assumes only integral values.

(b) Giving suitable reasons, state which among : AM, GM, HM, median and mode is the appropriate measure of central tendency for the following situations: 1×4

(i) Finding the most common car in a parking lot.

(ii) The best indicator of Central Tendency in representing length of hospital stays for patients.

(iii) To find out the average size of suits sold by a storeowner.

(iv) Suppose that a person is throwing a party and needs to pick a day where 1 is Monday and 7 is Sunday. The 'best' day would be the option that satisfies the most people. Which measure of Central Tendency will be appropriate in this situation?

(c) Check the consistency of the following facts:

"For a leptokurtic distribution, the first and second order moments about the origin are 10 and 116 respectively and fourth order central moment is 624." 4

(d) (i) A random variable X takes only two values 0 and 1 where $P(X=0)=\frac{1}{3}$. Find $E|X-E(X)|$.

(ii) The expectation of a random variable cannot be negative—Do you agree? Justify your answer. 2+2

(e) A bag contains 10 gold and 8 silver coins. Two successive drawings of 4 coins are made such that the coins are not replaced before the second drawing. Find the probability that the first drawing will give 4 gold and the second 4 silver coins. 4

(f) Can the two lines represented by $2x+3y=7$ and $3y-7x+2=0$ be considered as regression lines? Give reasons. 4

(g) Ellucidate the concepts of Lorenz Curve and Gini's Coefficient. 4

(h) Define Crude Death Rate (CDR). Explain why CDR is not suitable for comparing the mortality situations of two countries. 2+2

Section - B

(Marks - 30)

2. Answer *any five* questions :

(a) The median and mode of the following distribution are respectively 27 and 26. Find a and b. 6

Class-Interval:	0-10	10-20	20-30	30-40	40-50
Frequency:	3	a	20	12	b

(b) (i) Why is Fisher's index number called 'ideal'?

(ii) In a firm the coefficient of variation of wages of male and female workers are 55% and 70% respectively, the standard deviations are Rs. 22.00 and Rs. 15.40 respectively. Calculate the combined average wage for all the workers, if 40% of the workers are female. 2+4

(c) Calculate the correlation coefficient for the following data: 4+2

x:	−6	−4	−2	0	2	4	6
y:	38	18	6	0	6	18	38

Interpret the result. Are the variables independent?

(d) (i) The menial class cost of living index numbers for a certain city in two years 1968 and 1972 are 220 and 288 respectively. Suppose a menial worker was getting Rs 90 per month in 1968 and Rs 110 in 1972. Should he receive an extra allowance in 1972 to maintain his standard of living of 1968; and if so, how much?

(ii) If the consumer price index for middle-class people of Kolkata in 1992 with 1985 as base period is 225, then by how much the retail prices have increased on the average?

(iii) If the prices of all commodities in a place have decreased by 35% over the base period prices, then find the index number of prices for the place. 4+1+1

(e) (i) Are the following statements consistent? Justify your answer with reason.

A. The sum of two regression coefficient is 1.4 and the correlation coefficient is 0.75.

B. The correlation coefficient of 5x and −3y is numerically the same as the correlation coefficient between x and y.

(ii) If three uncorrelated variables x_1, x_2, x_3 have same standard deviation, find the coefficient of correlation between (x_1+x_2) and (x_2+x_3). 3+3

(f) (i) What is Bayes' Rule?

(ii) Three machines X, Y, Z of equal capacities are producing a machine part. The probabilities that the machines produce defective parts are 0.1, 0.2 and 0.3 respectively. An item which is produced by one of the machines is taken at random and found to be defective. What is the probability that it has come from machine Y? 3+3

(g) (i) Show that Binomial Distribution with parameters 3 and 0.5 is symmetric.

(ii) Which kind of distribution is represented by the following probability density function of a random variable x :

$$f(x)=\frac{5}{\sqrt{\pi}}e^{-25x^2}, -\infty<x<\infty$$

Find its mean and variance.

(h) (i) Consider that all the four possible outcomes e_1, e_2, e_3 and e_4 of an experiment are equally likely. Define the events A, B, C as A $= \{e_1, e_4\}$, B $= \{e_2, e_4\}$, C $= \{e_3, e_4\}$. Examine the statement "Pairwise independence may not imply mutual independence of events" in the context of the above events.

(ii) Comment on the consistency of the following statement:

"The mean of a Poisson distribution is 3 and skewness is $\frac{1}{3}$." 4+2

SECOND PAPER – 2015
(Group – B)
(Mathematics for Economics)
Full Marks – 50

বিভাগ - ক

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও

১। নিম্নলিখিত সমীকরণগুলির কোনটি অপেক্ষক ও কোনটি অপেক্ষক নয় তা পরীক্ষা কর : ১+১+১+১

(ক) $y = x^2$, (খ) $y^2 = x$, (গ) $y = 19$, (ঘ) $y = 10x$।

২। (ক) যদি $y = 5 + 3x$ অপেক্ষকটির অঞ্চল হয় সেট $\{x | 1 \le x \le 9\}$, অপেক্ষকটির বিস্তার নির্ণয় কর এবং সেট হিসাবে দেখাও। ১+১

(খ) সেট S = {a, b, c}-এর সবকটি সাবসেট লেখ। ১

(গ) যদি U = {1, 2, 3, 4, 5} এবং U ∈ S যেখানে S হল প্রাকৃতিক রাশির সেট, তবে U-এর কম্প্লিমেন্ট (complement) কী হবে? ১

৩। মনে কর একটি ফার্মের মুনাফা (Π), গবেষণা (R) ও বিজ্ঞাপন (A) ব্যয়ের উপর নীচের সমীকরণ অনুসারে নির্ভরশীল

$$\Pi = R^2 - A^2 + 22R + 18A - 102$$

ঐ ফার্মের মুনাফা সর্বোচ্চকরণের কাম্য গবেষণা ও বিজ্ঞাপন ব্যয় নির্ণয় কর। ৪

৪। ধরা যাক দুটি অপেক্ষক $Z = (L, K) = F(Y)$, যেখানে

$Y = L^{\alpha}K^{1-\alpha}(L, K > 0, 0 < \alpha < 1)$ এবং $F(Y) = \log(Y)$। দেখাও যে Y সরলরৈখিক হোমোজিনিয়স (linearly homogeneous)। F(Y) অপেক্ষকটিও কি হোমোজিনিয়াস? ২+২

৫। Cramer -এর নিয়ম প্রয়োগ করে নীচের সমীকরণগুলি সমাধান কর : ৪

$$4X_1 + 3X_2 - 2X_3 = 7$$
$$X_1 + X_2 = 5$$
$$3X_1 + X_3 = 4$$

৬। নীচের সমীকরণ- সেটটির জন্য দেখাও যে, $x = 1, y = 1, z = 2$ একটি সম্ভাব্য সমাধান কিন্তু মূল সমাধান নয় : ৪

$$x + 2y + 3z = 9$$
$$2x - y + z = 3$$

৭। সমাধান কর : ৩+১

$Y_{t+1} = 0.5Y_t + 10$, $Y_0 = 100$

5^{th} সময়কালে Y-এর মান কত হবে?

৮। একটি দুই-ব্যক্তি শূন্য যোগফল গেমে খেলোয়াড় A -এর পে অফ (Pay off) ম্যাট্রিক্সটি দেওয়া আছে।

		খেলোয়াড় B		
		1	2	3
খেলোয়াড় A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

খেলোয়াড় B-এর সাপেক্ষে একটি সরলরৈখিক প্রোগ্রামিং মডেল (Linear Programing Model) গঠন কর। ৪

বিভাগ - খ

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও

৯। নিম্নলিখিত অপেক্ষকটি বিবেচনা কর :

$$y = x \quad x > 0$$
$$= -x \quad x < 0$$
$$= 0 \quad x = 0$$

(ক) অপেক্ষকটির রেখাচিত্র অঙ্কন কর। ২

(খ) এটি কী অবিচ্ছিন্ন? এটি কী মসৃণ? ১+১

(গ) কোন মধ্যবর্তী স্থানে (interval) এটি অবিরত বাড়ে? অবিরত কমে? ১+১

১০। দেখাও যে, $q = AK^{\alpha}L^{\beta}, A, \alpha, \beta > 0$, উৎপাদন অপেক্ষকটি মূলধন ও শ্রমের ক্রমবৃদ্ধিমান উৎপাদনশীলতার ধর্ম পালন করে যদি $\alpha > 1$ ও $\beta > 1$ হয়।

সমোৎপাদন রেখাটির (উৎপাদন অপেক্ষকের লেভেল রেখা) আকৃতি কেমন হবে? ৪+২

১১। (ক) নিম্নলিখিত অপেক্ষক

$$f(x) = -x^3 + 6x^2 + 15x - 32$$

-এর ক্রিটিক্যাল মানগুলি নির্ণয় কর। ২

(খ) এই ক্রিটিক্যাল মানগুলির সাথে যে স্থির মানগুলি যুক্ত আছে সেগুলির স্থানীয় সর্বোচ্চ বা স্থানীয় সর্বনিম্ন হিসেবে শ্রেণী বিভাগ কর। ২

(গ) তুমি কী আরও কিছু স্থির মান পেতে পারো যেগুলি ইনফ্লেক্সনাল (inflexional)? ২

১২। একটি ইনপুট-আউটপুট মডেলের উৎপাদনের উপাদান-সহগ ম্যাট্রিক্স ও সর্বশেষ ভোগ চাহিদা ভেক্টর দেওয়া আছে

$$A = \begin{pmatrix} 0.3 & 0.2 \\ 0.2 & 0.2 \end{pmatrix} \text{ and } C = \begin{pmatrix} 50 \\ 50 \end{pmatrix}$$

দুটি পণ্যের কাম্য উৎপাদনের পরিমাণ কত হবে? ধরা যাক দুটি পণ্যের শ্রম সহগগুলি যথাক্রমে 0.2 ও 0.1। যদি $\bar{L} = 100$ হয়, তাহলে ঐ অর্থনীতিতে কী বেকারত্ব থাকবে? ৪+২

১৩। একটি মুনাফা সর্বোচ্চায়নকারী ফার্ম দুটি দ্রব্য (x, y) কতটা উৎপাদন করবে যদি তার মুনাফা অপেক্ষকটি

$$\Pi = 80x - 2x^2 - xy - 3y^2 + 100y$$

হয় এবং সর্বাধিক উৎপাদন ক্ষমতা $x + y = 12$ হয়? ৬

১৪। (ক) দেওয়া আছে যে, $A = \begin{bmatrix} -1 & 5 & 7 \\ 0 & -2 & 4 \end{bmatrix}$

দেখাও যে $AI = IA = A$। প্রতিটি ক্ষেত্রে অভেদ (identity) ম্যাট্রিক্সের মাত্রা নির্ণয় কর। ৩

(খ) দেওয়া আছে যে, $B = \begin{bmatrix} 6 & -12 \\ -3 & 6 \end{bmatrix}$ তুমি কী B^{-1} নির্ণয় করতে পার যেখানে B^{-1} হল ম্যাট্রিক্স B -এর ইনভারস (inverse)? না পারলে কেন পার না? ১

(গ) দেওয়া আছে যে, $C = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$ এবং $D = \begin{bmatrix} 0 & -1 \\ 6 & 7 \end{bmatrix}$ দেখাও যে $(CD)' = D'C'$ যেখানে C' হল ম্যাট্রিক্স C -এর ট্রান্সপোজ। ২

১৫। সমাধান কর : $Y'' - 4Y' + 3Y = 6,\ Y(0) = 3,\ Y'(0) = 7$। ৬

১৬। নিম্নলিখিত গেমটির ডমিন্যান্ট কৌশল ভারসাম্য সমাধান নির্ণয় কর : ৪+২

		ছাত্রের কৌশল	
		মনোযোগী হওয়া	মনোযোগী না হওয়া
শিক্ষকের কৌশল	ভালোভাবে পড়ানো	4, 4	3, –1
	ভালভাবে না পড়ানো	1, 2	2, 1

এটি কী ন্যাশ ভারসাম্য সমাধান হবে?

[ENGLISH VERSION]

Section – A

Answer *any five* questions

1. Examine which of the following equations are functions and which are not : 1+1+1+1

(a) $y = x^2$, (b) $y^2 = x$, (c) $y = 19$, (d) $y = 10x$.

2. (a) If the domain of the function

$$y = 5 + 3x$$

is the set $\{x \mid 1 \le x \le 9\}$

find the range of the function and express it as a set. 1+1

(b) Enumerate all the subsets of the set

$$S = \{a, b, c\}.$$ 1

(c) If U={1, 2, 3, 4, 5} what is the complement of U where $U \in S$, S is the set of natural numbers?

3. Suppose that the profit (n) of a firm depends upon research (R) and advertisement (A) expenditures in the following way :

$$\Pi = -R^2 - A^2 + 22R + 18A - 102$$

Find out the optimum research and advertisement expenditures of the firm for profit maximisation. 4

4. Consider the functions $Z = Z(L, K) = F(Y)$ where $Y = L^{\alpha}K^{1-\alpha}$ $(L, K > 0, 0 < \alpha < 1)$ and $F(Y) = \log Y$.

Show that Y is linearly homogeneous function. Is F(Y) too homogeneous? 2+2

5. Solve the following system of linear equations applying the Cramer's rule: 4

$$4X_1 + 3X_2 - 2X_3 = 7$$
$$X_1 + X_2 = 5$$
$$3X_1 + X_3 = 4$$

6. Show that $x=1, y=1, z=2$ is a non-basic feasible solution of the set of equations

$$x+2y+3z=9$$
$$2x-y+z=3.$$

7. Solve: 4

$$Y_{t+1}=0.5Y_t+10,\ Y_0=100.$$

What will be the value of Y in the 5th period? 3+1

8. Below is given the pay-off matrix of player A in a two-person zero-sum game:

		Player B		
		1	2	3
Player A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

Construct a linear programming model with respect to the player B. 4

Section - B

Answer *any five* questions

9. Consider the following function:

$$y=x \quad x>0$$
$$=-x \quad x<0$$
$$=0 \quad x=0$$

(a) Sketch the graph of the function. 2

(b) Is y continuous? Is it smooth? 1+1

(c) Over what interval is y monotonically increasing? Monotonically decreasing? 1+1

10. Show that the production function $q=AK^{\alpha}L^{\beta}$, $A, \alpha, \beta > 0$, has the property of incresing marginal productivity of capital and labour if $\alpha > 1$ and $\beta > 1$. What will be the shape of the isoquant (level curve of the production function)? 3+3

11. (a) Determine the critical values of the following function:

$$f(x)=-x^3+6x^2+15x-32$$

(b) Classify the stationary values associated with these critical values as local maximum or local minimum.

(c) Can you identify any other stationary values(s) which is (are)inflexional in nature? 2+2+2

12. Given the input-coefficient matrix of an input-output model and the final consumption demand vector

$$A=\begin{pmatrix}0.3 & 0.2\\ 0.2 & 0.2\end{pmatrix} \text{ and } C=\begin{pmatrix}50\\ 50\end{pmatrix}$$

Find the optimum output levels of the two goods. Suppose that 0.2 and 0.1 are labour coefficients of the two goods respectively. If $\bar{L}=100$ will there be unemployment in the economy? 4+2

13. What output combination (x, y) should a profit-maximising firm produce when its profit function is

$$\Pi=80x-2x^2-xy-3y^2+100y$$

and its maximum output capacity is

$$x+y=12?$$ 6

14. (a) Given $A=\begin{bmatrix}-1 & 5 & 7\\ 0 & -2 & 4\end{bmatrix}$

Show that $AI=IA=A$. Indicate the dimension of the identity matrix used in each case. 3

(b) Given $B=\begin{bmatrix}6 & -12\\ -3 & 6\end{bmatrix}$ 6

Can you derive B^{-1} where B^{-1} denotes inverse of matrix B? If not, why not?

(c) Given $C=\begin{bmatrix}1 & 2\\ 3 & 4\end{bmatrix}$ and $D=\begin{bmatrix}0 & -1\\ 6 & 7\end{bmatrix}$

show that $(CD)'=D'C'$ where C' denotes transpose of matrix C. 2

15. Solve: $Y''-4Y'+3Y=6,\ Y(0)=3,\ Y'(0)=7$. 6

16. Find the dominant strategy equilibrium solution for the following game: 4+2

		Strategy of Student	
		To be attentive	Not to be attentive
Strategy of Teacher	To teach well	4, 4	3, – 1
	Not to teach well	1, 2	2, 1

Is it the Nash equilibrium solution also?

favour of the policy of import- substitution in Indian economy. (m) Mention any two causes behind implementational failure of planning in India. (n) What was the effect of Green Revolution on income distribution among agriculturists in India? (o) What was the shift in the Strategy of Planning during Fifth Five Year Plan of India?

Section - B

Answer *any three* questions

2. Describe the features of Indian economy on the eve of independence with a reference to the colonial rule. 10

3. "A higher rate of growth of agriculture, other things remaining the same, will exert a favourable influence on the rate of growth of industrial production"– Justify the argument by considering the Indian Planning experience. 10

4. Evaluate the performance of Industrial Licensing system in India. 10

5. What were the objectives behind the price policy in Indian agriculture? Do you think that the outcomes have fulfilled the proposed objectives? 5+5

6. State the basic objectives of land reforms in India. Do you think that 'Second Green Revolution' is more important compared to Land Reforms for raising agricultural productivity in India? 3+7

ব্যয়ভোগের ক্ষেত্রে সে নিরপেক্ষ। x_1 দ্রব্যের '12 আউন্সের কৌটো' -এর দাম P_1। এক্ষেত্রে x_2 দ্রব্যের '12 আউন্সের কৌটো'-এর দাম P_2 -এর তুলনায় কম।

(অ) এখানে, x_1 দ্রব্যের জন্য রাধার আয়-ভোগ-রেখার আকৃতি কেমন হবে? (আ) তার আয়ে কেমন বৃদ্ধি প্রয়োজন হবে যাতে সে x_1 দ্রব্যের অতিরিক্ত এক একক ক্রয় করতে সক্ষম হয়? ৪+২

(খ) ধরা যাক, তুমি চকোলেট ও বিদ্যুতের ভোক্তা। ভোগের স্তর যাই হোক না কেন, চকোলেটের দাম 1 টাকা (Re.1)। কিন্তু বিদ্যুতের দাম 100 একক পর্যন্ত একক প্রতি 2 টাকা (Rs.2), তারপর তা বৃদ্ধি পেয়ে হয় একক প্রতি 3 টাকা (Rs.3), যে দাম 200 একক পর্যন্ত চালু থাকবে। সব শেষে দাম বেড়ে হবে একক প্রতি 4 টাকা (Rs.4)। ভোগের পরিমাণ 200 এককের বেশি হলে ওই 4 টাকা (Rs.4) একক প্রতি দাম প্রাসঙ্গিক হবে। যে- কোনো একটি স্থির মোট আয়স্তরের নিরিখে তোমার বাজেট-রেখা অঙ্কন কর। ৬

(গ)(অ) ঠাণ্ডা পানীয় শিল্প কি একচেটিয়ামূলক প্রতিযোগিতার সঙ্গে তুলনায় বেশি মানানসই? নাকি অলিগোপলির সঙ্গে? (আ) ধরা যাক, চিকলেটের দীর্ঘকালীন নূনতম গড় ব্যয় (LRAC) হ'ল কে.জি.প্রতি 3 টাকা (Rs.3)। চিকলেট শিল্প যদি একচেটিয়া প্রতিযোগিতার অধীন হয়, তবে দেখাও যে, দীর্ঘকালীন ভারসাম্য দাম 3 টাকার (Rs.3) অধিক হবে। ৩+৩

(ঘ) নীচের উৎপাদন অপেক্ষকটি বিবেচনা কর— $Q = 5L + 10K$

যেখানে, Q মোট উৎপাদন, L শ্রমনিয়োগের পরিমাণ এবং K মূলধন নিয়োগের পরিমাণ।

(অ) এখানে সম-উৎপাদনরেখার আকৃতি কেমন হবে? (আ) এখানে কোন্ নীতি লঙ্ঘিত হচ্ছে? (ই) যখন $Q = 100$, তখন সম-উৎপাদনরেখার উপর দু'টি উপাদান সংমিশ্রণ বিন্দু নির্দেশ কর। (ঈ) এই সম-উৎপাদনরেখার ঢাল কেমন হবে? ১+১+২+২

(ঙ) A এবং B প্রতিষ্ঠান দু'টির বিপরীত চাহিদা অপেক্ষকগুলি হ'ল ঃ

$$P_A = 197 - 15.1q_A - 0.3q_B$$

$$P_B = 490 - 10q_B - 6q_A$$

যেখানে P এবং q ওই দু'টি প্রতিষ্ঠানের যথাক্রমে দাম ও পরিমাণ নির্দেশ করে। ধরা যাক, প্রতিটি প্রতিষ্ঠানের ক্ষেত্রেই স্থির প্রান্তিক ব্যয় 40 টাকা। কুর্ণো ভারসাম্যের অবস্থায় পরিমাণ ও দামের পরিমাণ নির্ধারণ কর। ৩+৩

(চ) (অ) প্রতিযোগিতার বাজারে কোনো ফার্ম যখন ঋণাত্মক মুনাফা লাভ করে, তখন ফার্মটি কি উৎপাদন চালাবে? ব্যাখ্যা কর। (আ) সর্বোচ্চ দাম নির্ধারণ কীভাবে ভোক্তাদের লাভবান করে? কি অবস্থায় এর ফলে তাদের অবস্থা খারাপ হবে? ৩+(২+১)

(ছ) (অ) যদি একটি পূর্ণাঙ্গ প্রতিযোগী শিল্পের অন্তর্গত প্রতিটি শিল্পপ্রতিষ্ঠানের উৎপাদন অপেক্ষক শুধুমাত্র মাত্রাজনিত ক্রমবর্ধমান প্রতিদানের বিধি প্রদর্শন করে, তবে এই বাজার এবং ভারসাম্যের দীর্ঘকালীন তাৎপর্য প্রসঙ্গে ধারণা দাও। (আ) যে মালিক একচেটিয়া খরিদ্দার, সে যে মজুরি প্রদান করে, তা কি পূর্ণাঙ্গ প্রতিযোগিতাধীন মালিকের দেওয়া মজুরি অপেক্ষা অধিক? দুই মালিক যত শ্রমিক ভাড়া করে, তাদের সংখ্যা কি সমান? ৩+৩

(জ) প্যারেতো দক্ষতার সংজ্ঞা দাও। জয়ের 16 লিটার কোকো- কোলা ও 4টি স্যাণ্ডুইচ এবং বিতান এর 4 লিটার কোকো-কোলা ও 8 টি স্যাণ্ডুইচ আছে। এই পরিপ্রেক্ষিতে জয়ের কোকো- কোলা ও স্যাণ্ডুইচ-এর প্রান্তিক পরিবর্ততার পরিমাণ হ'ল 2 যা কিনা বিতান এর ক্ষেত্রে এর পরিমাণ হ'ল 1। এজোয়ার্থ বক্স চিত্রের সাহায্যে দেখাও যে বর্তমান অবস্থাটি প্যারেটো দক্ষ কিনা ও ব্যাখ্যা কর। ২+৪

[ENGLISH VERSION]

Section – A

1. Answer ***any five*** questions : 4×5

(a) Your friend consumes lassi and ice cube respectively in the fixed proportion of 1 : 2. Draw his indifference map and direction of preference. Which assumption of standard consumer theory is violated in this case? 1+1+2

(b) State whether the following statements are *true* or *false*. with reasons :

(i) If preferences are transitive, then tangency of indifference curves are ruled out. (ii) If the individual's utility function is $U(W) = \sqrt{w}$, then the person is a risk lover. 2+2

(c) Do you agree with the view that relatively larger fixed costs imply that the minimum average cost occurs at a relatively lower output level? Explain. 4

(d) In a perfect competitive market why, do firms enter an industry when they know that in the long run the economic profit will be zero? 4

(e) A monopolist faces a linear inverse demand function: $P = a - bQ$. Which of the following describes a correct relation between price elasticity of demand and marginal revenue? Explain. 4

(i) Demand is elastic when $Q > a/2b$. (ii) Demand is inelastic when $Q > a/b$. (iii) Demand is unit elastic when $P = a/2b$. (iv) Demand is elastic when $Q < a/2b$.

(f) If a monopsonist's inverse demand for labour is given by $w = 80 - L$, supply of labour is $w = 4L$ and MEC curve is $w = 8L$, what is optimal level of labour employed and what is the wage paid? 2+2

(g) Why does differentiating its product allow an oligopolist to charge a higher price? 4

(h) Explain the difference between adverse selection and moral hazard in insurance markets. Can one exist without the other? 3+1

Section - B

2. Answer ***any five*** questions: 6×5

(a) Radha views x_1 and x_2 as perfect substitutes. She is indifferent as to which one she consumes. The price of a '12 ounce can' of x_1, p_1 is less than the price of a '12 ounce can' of x_2 which is p_2.

(i) What does Radha's income-consumption curve for X_1 look like? (ii) How much does her income have to rise so that she can buy one additional unit of x_1? 4+2

(b) Suppose you consume chocolate and electricity. Price of chocolate is Re.1, no matter how much of it you consume. Price of electricity is Rs.2 till the 100th unit, thereafter it increases to Rs.3 till 200th unit and finally to Rs.4 beyond the 200th unit. Draw your budget line for a constant sum of income. 6

(c) (i) Does the soft drink industry conform more closely to monopolistic competition or oligopoly? (ii) Suppose minimum Long Run Average Cost (LRAC) = Rs.3 per kg. for chicklet. Show that, if the chicklet industry is monopolistically competitive, in the long run equilibrium, the price per kg will exceed Rs.3. 3+3

(d) Consider the production function

$Q = 5L + 10K$,

where Q is the total output, L is the quantity of labour employed, and K is the quantity of Capital employed.

(i) What does the isoquant look like graphically? (ii) What law does it violate? (iii) Find two input bundles on the isoquant for $Q = 100$. (iv) What is the slope of this isoquant? 1+1+2+2

(e) The inverse demand functions for two firms A and B are as follows :

$P_A = 197 - 15.1q_A - 0.3q_B$

$P_B = 490 - 10q_B - 6q_A$

where P and q are the prices and quantities of two firms. Assume each firm faces a constant marginal cost of Rs. 40 per unit. Solve for the quantities and prices under Cournot equilibrium. 3+3

(f) (i)Should a competitive firm ever produce when it is making negative economic profit? Explain. (ii) How can a price ceiling make consumers better off? Under what conditions might it make them worse off ? 3+(2+1)

(g) (i)If the production functions of all the constituent firms of a perfectly competitive industry exhibit increasing returns to scale only, account for the long run implication of the market and its equilibrium. (ii) Is the wage paid by a monopsonistic employer higher than that offered by a competitive employer? Are the numbers of workers hired by them equal? 3+3

(h) Define Pareto efficiency. Joy has 16 litres of coca-cola and 4 sandwiches. Bitan has 4 litres of coca-cola and 8 sandwiches. With these endowments, Joy's MRS of coca-cola for sandwiches is 2 and Bitan's MRS of cola for sandwiches is 1. Draw an Edgeworth box diagram to show whether this allocation is Pareto-efficient. Explain your answer. 2+4

THIRD PAPER – 2015

(Group – B)

Full Marks – 50

বিভাগ - ক

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৪×৫=২০

১। নিম্নলিখিত সমীকরণগুলি একটি অর্থনীতির ক্ষেত্রে প্রযোজ্য। $I = 100$, $G = 75$, $T = 0.5Y$, $C = 25 + 0.5Y_D$। যদি 140 একক কমে যায়, নতুন ভারসাম্য আয়স্তরটি নির্ধারণ কর। ৪

২। ধরা যাক, অভ্যন্তরীণ অর্থ-বাজার থেকে সরকারি ঋণ হঠাৎ বৃদ্ধি পেল। ঋণ-সংগৃহীত অর্থ সম্পূর্ণভাবে হস্তান্তর ব্যয়ের জন্য খরচ করা হল। IS রেখা ও সুদ-হারের ওপর এই রাজস্ব-সংক্রান্ত হস্তক্ষেপের প্রভাব ব্যাখ্যা কর। ৪

৩। ধরা যাক, $C = 10 + 0.9Y$ এবং $I_o = 60$। যখন $Y = 900$, তখন পরিকল্পনা অনুযায়ী অবিক্রীত দ্রব্যসঞ্চয়ের (inventory accumulation) পরিমাণ কত হবে? ৪

৪। অর্থের জন্য ফাটকা-জনিত চাহিদা যদি অনুপস্থিত থাকে, সেক্ষেত্রে IS ও LM রেখার আকৃতি কেমন হবে? দেশে ব্যাপক বেকারত্ব থাকলে, কোন্ নীতির প্রয়োজ্যতা বেশী হবে? ২+২

৫। ধরা যাক, প্রথম বছরের জন্য স্থায়ী আয় (Y_p) হল

$Y_p = \alpha_1 Y_1 + \alpha_2 Y_2 + \alpha_3 Y_3$ এবং $\sum_i \alpha_i = 1$। যদি α_1-এর মান বৃদ্ধি পায়, গুণকের মান কিভাবে পরিবর্তিত হবে? ৪

৬। একটি সরল কেইনসীয় মডেলে যদি $I = I_o + aY$ হয়, তবে সরকারি ব্যয়-গুণকের মান কি হবে? (ধরে নাও করের হার আনুপাতিক)। এক্ষেত্রে রাজস্ব নীতির কার্যকারিতা বিষয়ে সংক্ষেপে মন্তব্য কর। ৪

৭। Solow-র উদ্বৃত্ত (Solow residual) কি? পরিবর্তনের স্থিতিস্থাপকতা স্থির এরকম একটি উৎপাদন-অপেক্ষক ধরে এই উদ্বৃত্তটি চিহ্নিত কর। ২+২

৮। ধরা যাক, কোনো দেশ শতকরা 12 হারে তার মুদ্রার অবমূল্যায়ন ঘটাল। কিন্তু এই সঙ্গে অভ্যন্তরীণ মূল্যস্তর শতকরা 10 হারে বেড়ে গেলে 'প্রকৃত' অবমূল্যায়নের হার কি হবে? ৪

বিভাগ - খ

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। নিম্নলিখিত সমীকরণগুলি একটি অর্থনীতিকে সূচিত করে।

$C = 100 + 0.8\,Y_D$

$\bar{G} = 100, \quad \bar{T} = 100$

G এবং T উভয়েই যদি 60 করে বৃদ্ধি পায়, তবে গুণকের মান নির্ধারণ কর এবং (ক) $I = 100$ এবং (খ) $I = 30 + 0.3Y$, ফলাফলের পার্থক্যটি ব্যাখ্যা কর। ২+২+২

১০। ধরা যাক, সরকার আয়ের ওপর কর হ্রাস -এর নীতি গ্রহণ করল। IS-LM মডেল ব্যবহার করে এই কর-হ্রাসের প্রভাব ব্যাখ্যা কর যখন

(ক) সরকার সামঞ্জস্য বিধানকারী আর্থিক নীতির দ্বারা সুদ-হার অপরিবর্তিত রাখে। (খ) অর্থনীতিতে মোট অর্থের পরিমাণ অপরিবর্তিত থাকে। ৩+৩

১১। ধরা যাক, কোনো ব্যক্তির জীবনকাল দুটি বৎসরে বিভক্ত। এই দুই বৎসরের মধ্যে মোট ভোগব্যয় কাম্যভাবে কিভাবে বিভাজিত হবে— আলোচনা কর। যদি

সুদের হার বৃদ্ধি পায়, তাহলে নীট ঋণ-গ্রহণকারী ভোক্তার অবস্থান কিভাবে পরিবর্তিত হবে? ৩+২

১২। (ক) বাসস্থানজনিত বিনিয়োগ কিভাবে সুদের হারের সঙ্গে সম্পর্কিত— ব্যাখ্যা কর। (খ) কোনো ফার্মের ব্যবসায়িক বিনিয়োগের সিদ্ধান্ত কিভাবে সেই ফার্মের লাভের সম্ভাবনার সঙ্গে সম্পর্কিত হয়? ৩+৩

১৩। অর্থের লেনদেনজনিত চাহিদা এবং সুদের হারের সঙ্গে সঠিক সম্পর্কটি কি? এই সম্পর্কটির মাধ্যমে লেনদেনজনিত চাহিদাটি কীভাবে কাম্য অবস্থা প্রাপ্ত হয় বল। ৪+২

১৪। যদি একটি ক্ষেত্রের ফার্ম অন্যান্য ক্ষেত্রের মূল্যস্তর সম্পর্কে অসম্পূর্ণ তথ্য প্রাপ্ত হয়, সেক্ষেত্রে AS রেখা কিভাবে নির্ধারিত হয়? যদি সময়ের সঙ্গে সঙ্গে এই অসম্পূর্ণতা দূরীভূত হয়— তবে AS রেখায় কি পরিবর্তন হবে তা দেখাও। ৪+২

১৫। স্বল্পকালীন ফিলিপ্‌স্ রেখার মধ্যে দিয়ে সমষ্টিগত অর্থনীতিতে নীতিজনিত সঙ্কট কিভাবে প্রতিফলিত হয়? দীর্ঘকালেও কি এই সঙ্কট দৃশ্যমান হয়? ৩+৩

১৬। সোলো মডেলে ঋজুস্তরে সম্প্রসারণের পথে মূলধন গঠনের হার এবং সোনালী নিয়মের স্তরে মূলধন গঠনের হার-এর মধ্যে পার্থক্য নিরূপণ কর। সোনালী হারে কি ঋজুস্তরের (steady state) মূলধন গঠনের শর্তাবলী প্রযোজ্য? ৪+২

[ENGLSIH VERSION]

Section - A

Answer *any five* questions 4×5

1. The following equations describe an economy: $I = 100$, $G = 75$, $T = 0.5Y$, $C = 25 + 0.5Y_D$.
Find the new level of equilibrium income when I declines by 40. 4

2. Suppose the government borrowing from domestic financial market suddenly increases. The borrowed amount is entirely spent on transfer payments. Explain the impact of this fiscal intervention on the IS curve and the rate of interest. 4

3. If $C = 10 + 0.9Y$, and $I_o = 60$, what is the level of unplanned inventory accumulation at $Y = 900$. 4

4. If there is no speculative demand for money, how do IS and LM curves look like? In case of widespread unemployment, which policy will be effective? 2+2

5. Suppose, permanent income (Y_p) at period 1 is measured as $Y_p = \alpha_1 Y_1 + \alpha_2 Y_2 + \alpha_3 Y_3$ and $\sum_i \alpha_i = 1$, what happens to the value of multiplier if α_1 increases? 4

6. If $I = I_o + aY$, derive the value of the government expenditure multiplier (in the presence of proportional taxes) in a Keynesian cross model. Comment briefly on the effectiveness of fiscal policy. 4

7. What is Solow residual ? Identify it using a production function with constant elasticity of substitution. 2+2

8. Suppose that a country devalues it's currency by 12, but at the same time domestic prices rise by 10%. What is the magnitude of real devaluation ? 4

Section - B

Answer *any five* questions

9. Consider the following economy where

$$C = 100 + 0.8\,Y_D$$
$$\bar{G} = 100, \quad \bar{T} = 100$$

If both G and T rise by 60, find out the value of multiplier (a) when $I = 100$ and when (b) $I = 30 + 0.3Y$.
How do you explain the difference in your answers. 2+2+2

10. Suppose that the government cuts income taxes. Show in the IS-LM model the impact of the tax-cut under two assumptions, (a) the government keeps the interest rate constant through an accommodating monetary policy; (b) the money stock remains unchanged. 3+3

11. If an individual's life-span is divided in two periods, namely period 1 and period 2, how will he decide the optimum levels of consumption in these two periods? What happens if there is a rise in the rate of interest ? (use the case of a net borrower). 3+3

12. (a) How is the residential investment related to the rate of interest ? (b) How is business investment decision related to the profit prospects of the firm? 3+3

13. What is the exact relationship between the transaction demand for money and the rate of interest ? How do you know that the relationship optimises the transaction demand for money? 4+2

14. How will the AS curve be derived if firms in one sector have imperfect information on other sector's prices ? Show the change in the AS curve if this imperfection is corrected over time. 4+2

15. How is the macroeconomic policy-conflict reflected through the short-run Phillips curve? Is this conflict visible in the long-run? 3+3

16. How do you distinguish between steady state rate of capital accumulation and the golden rate of capital accumulation? Is steady state condition fulfilled in the 'golden rate'? 4+2

FOURTH PAPER – 2015

Group – A

Full Marks – 50

বিভাগ - ক

১। যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০

(ক) মানব উন্নয়ন সূচক (HDI) নির্ধারণের ক্ষেত্রে যে তিনটি উপ-সূচক ধরা হয় তা উল্লেখ কর। (খ) কুজনেটস্ অর্থনৈতিক সম্প্রসারণের ক্ষেত্রে ছয়টি বৈশিষ্ট্য নির্দেশ করেছিলেন— এগুলির মধ্যে যে কোন দু'টি বৈশিষ্ট্য উল্লেখ কর। (গ) এমন অবস্থা নির্দেশ কর যেখানে ICOR ক্রমশ ACOR-এর দিকে অগ্রসর হবে। (ঘ) জনসংখ্যাগত পর্যায়ের দ্বিতীয় স্তরের তাৎপর্য কি? (ঙ) উন্নয়নশীল এবং উন্নত দেশগুলির মধ্যে দক্ষতা-মজুরির পার্থক্য অত্যন্ত সামান্য হয় কেন? (চ) তুমি কি লিউইস্ মডেলে এমন এক অবস্থা নির্দেশ করতে পারো, যেখানে কর্মসংস্থান ও মোট মজুরির পরিমানে বৃদ্ধি ছাড়াই মূলধন সঞ্চিতি ঘটবে? (ছ) কুজনেটস্ প্রস্তাবিত উল্টানো U-অনুমানটি উল্লেখ কর। (জ) একটি উদাহরণসহ বিশ্বায়িত সরকারি দ্রব্যের সংজ্ঞা নির্দেশ কর। (ঝ) নার্কস নির্দেশিত যোগানের দিক থেকে দারিদ্র ফাঁদ দেখাও। (ঞ) শিক্ষণ-রেখার তাৎপর্য কি? (ট) অর্থনৈতিক দ্বৈতভাব কাকে বলে? (ঠ) ঠিকা শ্রমিক এবং দীর্ঘকালীন চুক্তিবদ্ধ শ্রমিকের মধ্যে পার্থক্য নির্দেশ কর। (ড) উন্নয়নশীল দেশগুলির জন্য 'জন্মকালীন সময়ে বেঁচে থাকার সম্ভাবনা'-এর তাৎপর্য কি? (ঢ) অর্থনৈতিক প্রসার ও উন্নয়নের মধ্যে পার্থক্য নির্দেশ কর। (ণ) একটি উন্নয়নশীল দেশে পরিবেশের দীর্ঘস্থায়িত্বের জন্য যে কোন দু'টি নীতি উল্লেখ কর।

বিভাগ - খ

যে-কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ১০×৩

২। (ক) অর্থনৈতিক উন্নয়নের তিনটি আকর মূল্যবোধ ব্যাখ্যা কর। ৪

(খ) একটি স্বল্পোন্নত দেশে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে 'সক্ষমতার ধারণার' যথার্থতা ব্যাখ্যা কর। ৬

৩। কোন অর্থনীতিতে শিল্প সম্প্রসারণ, স্থূল জাতীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিকা শক্তি বৃদ্ধির মধ্যে সম্পর্ক স্থাপনা বিষয়ে ক্যালডোরের প্রবৃদ্ধির নিয়মগুলি ব্যাখ্যা কর। ১০

৪। (ক) কখন একটি বৈষম্যপরিমাপক লোরেঞ্জ সামঞ্জস্যপূর্ণ হবে? ৪

(খ) কোনো উন্নয়নশীল অর্থনীতিতে আয়বণ্টনের চরিত্রের বিষয়ে বিচার-বিবেচনার ক্ষেত্রে লোরেঞ্জরেখার ব্যবহার ব্যাখ্যা কর। ৬

৫। (ক) দীর্ঘস্থায়ী উন্নয়নের ধারণাটি সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

(খ) কোন দেশে দীর্ঘস্থায়ী NNP নির্ধারণের ক্ষেত্রে পরিবেশগত হিসাব পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৮

৬। (ক) "প্রকৌশলগত প্রগতি" কথাটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়'— ব্যাখ্যা কর। ৩

(খ) হিক্স প্রদত্ত শ্রেণী-বিভাজন অনুসারে মূলধন-সাশ্রয়কারী, শ্রম-সাশ্রয়কারী এবং নিরপেক্ষ প্রকৌশলগত অগ্রগতির ধারণা ব্যাখ্যা কর। ৭

[ENGLISH VERSION]

Group-A

1. Answer *any ten* questions: 2×100

(a) Mention the three sub-indices which are taken into account for measuring HDI. (b) Kuznets has indicated six characteristic features of economic growth. State any two of these features. (c) Mention a situation when ICOR will approximate to ACOR. (d) What is the relevance of the second stage of demographic transition? (e) Why does efficiency wage differ very little between developing and developed nations? (f) Can you indicate a situation where Lewis' model would show capital accumulation without any growth in employment and total wage payment? (g) State the 'Inverted U-Hypothesis' as suggested by Kuznets. (h) Define global public good with an example. (i) Show the 'poverty trap' from the supply side as indicated by Nurkse. (j) What is the implication of 'learning-curve'? (k) What is economic dualism? (l) Distinguish between casual labour and long-term contract labour. (m) What is the relevance of 'life expectancy at birth' for developing nations? (n) Distinguish between economic growth and economic development. (o) State any two policy measures for ensuring sustainable environment in a developing country.

Group - B

Answer *any three* questions: 10×3

2. (a) Explain three core values of economic development.

(b) Justify the 'Capabilities approach' towards economic development in any less developed country. 6

3. Explain the growth laws as put forward by Kaldor in establishing the relationship between industrial growth, GDP growth and productivity growth in an economy. 10

4. (a) When does an inequality measure become Lorenz consistent? 4

(b) Explain the use of Lorenz curve to make judgements on the pattern of income distribution in any developing economy. 6

5. (a) Explain briefly the concept of sustainable development. 2

(b) Explain the process of environmental accounting in determining sustainable NNP in any country. 8

6. (a) "The term 'Technological Progress' is used in several different senses"–Explain. 3

(b) Explain the concept of capital saving, labour-saving and neutral technological progress based on Hicks' classification. 7

FOURTH PAPER–2015

(Group – B)

Full Marks – 50

বিভাগ - ক

১। যে- কোন *দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০

(ক) ভারতে অর্থনৈতিক পরিকল্পনার দুটি উদ্দেশ্য উল্লেখ কর। (খ) ভারতীয় কৃষিতে অর্থসংস্থানের যে কোন দুটি গুরুত্বপূর্ণ উৎস উল্লেখ কর। (গ) ভারতে খাদ্যশষ্যের বিক্রীত উদ্বৃত্ত ও বিক্রয়যোগ্য উদ্বৃত্তের মধ্যে পার্থক্য কী? (ঘ) MGNREGA বলতে কী বোঝ? (ঙ) MRTP আইন কী? (চ) ভারতে শিল্পরুগ্নতার পশ্চাতে যে কোন দুটি কারণ উল্লেখ কর। (ছ) ভারতে বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ আকর্ষণের পশ্চাতে দুটি প্রধান কারণ উল্লেখ কর। (জ) ভারত সরকারের বিলগ্নীকরণ নীতি বলতে কী বোঝ? (ঝ) ভারতে দারিদ্র দূরীকরণ প্রসঙ্গে 'চুঁইয়ে পড়া' কৌশলটি কী? (ঞ) ভারতে ১৯৮০-র দশকে মুদ্রাস্ফীতির প্রধান দুটি কারণ উল্লেখ কর। (ট) ভারতে নবরত্ন গোত্রের অন্তর্গত যে কোন চারটি শিল্প প্রতিষ্ঠানের নাম উল্লেখ কর। (ঠ) ভারতীয় অর্থনীতিতে আমদানি পরিবর্ততা নীতির পক্ষে যে কোন দুটি যুক্তি

উল্লেখ কর। (ড) ভারতে পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে ব্যর্থতার পশ্চাতে যে কোন দুটি কারণ উল্লেখ কর। (ঢ) ভারতে কৃষকদের মধ্যে আয়-বণ্টনের ক্ষেত্রে সবুজ বিপ্লবের প্রভাব কিরূপ ছিল? (ণ) ভারতের পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে কিরূপ কৌশলগত পরিবর্তন ঘটেছিল।

বিভাগ - খ

যে-কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও

২। ঔপনিবেশিক শাসনের প্রসঙ্গে উল্লেখপূর্বক স্বাধীনতা প্রাপ্তির প্রাক্কালে ভারতীয় অর্থনীতির বৈশিষ্ট্যগুলি বর্ণনা কর। ১০

৩। "কৃষিক্ষেত্রের উচ্চ বৃদ্ধির হার, অন্য সব অবস্থা অপরিবর্তিত থাকলে, শিল্পক্ষেত্রে বৃদ্ধির হারের ব্যাপারে অনুকূল প্রভাব ফেলে" — ভারতীয় পরিকল্পনার অভিজ্ঞতার নিরিখে উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ১০

৪। ভারতের শিল্প লাইসেন্সিং প্রথাটির মূল্যায়ন কর। ১০

৫। ভারতীয় কৃষিতে মূল্যনীতির পশ্চাতে কী কী উদ্দেশ্য ছিল? তুমি কি মনে কর যে অভীপ্সিত উদ্দেশ্যগুলি সফলভাবে রূপায়িত হয়েছিল? ৫+৫

৬। ভারতে ভূমিসংস্কারের মূল উদ্দেশ্যগুলি বিবৃত কর। তুমি কি মনে কর যে ভারতে কৃষিক্ষেত্রে উৎপাদিকা শক্তি বৃদ্ধির জন্য ভূমিসংস্কারের তুলনায় 'দ্বিতীয় সবুজ বিপ্লব' বেশি গুরুত্বপূর্ণ? ৩+৭

[ENGLISH VERSION]

Section-A

1. Answer *any ten* questions : 2×10

(a) Mention any two objectives of Economic Planning in India. (b) Mention any two important sources of agricultural finance in India. (c) Distinguish between marketed surplus and marketable surplus of food grains in India. (d) What is MGNREGA? (e) What is MRTP Act? (f) Mention any two causes behind industrial sickness in India. (g) Mention two major causes behind attracting Foreign Direct Investment in India. (h) What do you mean by the Disinvestment Policy of Government of India? (i) What is the 'trickle-down' strategy in connection with poverty eradication in India? (j) Mention two major causes of inflation in India during the decade of 1980's. (k) Mention names of any four industrial enterprises under the "Navaratna category in India. (l) Mention any two arguments in

PART – II
THIRD PAPER – 2015
(Group – A)
Full Marks – 50
বিভাগ - ক

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৫

(ক) তোমার বন্ধু লস্যি আর বরফের টুকরো যথাক্রমে ১ ঃ ২ স্থির অনুপাতে ব্যবহার করে। তার নিরপেক্ষতার মানচিত্র এবং রুচির অভিমুখ অঙ্কন কর। ভোক্তার আচরণসংক্রান্ত আদর্শ তত্ত্বের কোন্ অনুধারণা এখানে লঙ্ঘিত হয়? ১+১+২

(খ) নীচের বক্তব্যগুলি সত্য না মিথ্যা তা কারণসহ বিবৃত কর ঃ

(অ) যদি পছন্দসমূহ সঞ্চারণশীল হয়, তবে নিরপেক্ষরেখাসমূহের স্পর্শকের সম্ভাবনা বাতিল করা যায়। (আ) যদি কোনো ব্যক্তির উপযোগিতা অপেক্ষকটি $U(W) = \sqrt{w}$ হয়, তবে ওই ব্যক্তি ঝুঁকিগ্রহণে আগ্রহী। ২+২

(গ) তুমি কি এই অভিমতের সাথে সহমত যে অপেক্ষাকৃত বেশি স্থির ব্যয়ের তাৎপর্য হ'ল সর্বনিম্ন গড় ব্যয় অপেক্ষাকৃত কম উৎপাদনের স্তরে ঘটে? ব্যাখ্যা কর। ৪

(ঘ) পূর্ণাঙ্গ প্রতিযোগিতামূলক বাজারে দীর্ঘকালীন পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক শূন্য জানা সত্ত্বেও কেন ফার্ম শিল্পে অনুপ্রবেশ করে ব্যাখ্যা কর। ৪

(ঙ) ধরা যাক্, একজন একচেটিয়া কারবারী একটি সরলরৈখিক চাহিদার সম্মুখীন হয় যা হ'ল $P = a - bQ$. এক্ষেত্রে নিম্নলিখিত বক্তব্যগুলির মধ্যে কোন্‌টি দাম স্থিতিস্থাপকতা ও প্রান্তিক বিক্রয়লব্ধ আয়ের মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৪

(অ) চাহিদা হ'ল স্থিতিস্থাপক যখন $Q > a/2b$. (আ) চাহিদা হ'ল অস্থিতিস্থাপক যখন $Q > a/b$. (ই) চাহিদা হ'ল একক স্থিতিস্থাপক যখন $P = a/2b$. (ঈ) চাহিদা হ'ল স্থিতিস্থাপক যখন $Q < a/2b$.

(চ) একজন মোনোপসনিসটিক কারবারীর শ্রমের জন্য চাহিদা-রেখা হ'ল ঃ $w = 80 - L$, শ্রমের যোগান-রেখা হ'ল ঃ $w = 4L$, এবং MEC রেখা হ'ল ঃ $w = 8L$। শ্রমের কি পরিমাণে নিয়োগ ও কি মজুরি-হার স্থির হবে তা নির্ধারণ কর। ২+২

(ছ) দ্রব্য বিভেদীকরণের মাধ্যমে একজন অলিগোপলি বিক্রেতা কীভাবে বর্ধিত দ্রব্যমূল্য ধার্য করতে পারে? ৪

(জ) বিমা বাজারে 'বিরূপ নির্বাচন' এবং 'মানসিক বিপর্যয়'-এর পার্থক্য ব্যাখ্যা কর। এর একটি কি অপরটি ছাড়া থাকতে পারে? ৩+১

বিভাগ - খ

২। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬×৫

(ক) রাধার কাছে x_1 এবং x_2 দ্রব্যদুটি নিখুঁত পরিবর্ত। এর মধ্যে যে- কোনো

PART – I
FIRST PAPER – 2016
(GROUP – A)
(Microeconomics Principle)
Full Marks – 50
বিভাগ - ক

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৫

(ক) কোন দেশের নীতিনির্ধারক হ'লে তুমি অর্থনীতির কোন্ দৃষ্টিকোণকে তোমার নীতির ভিত্তি করবে? পজিটিভ অথবা নর্মাটিভ? উদাহরণ সহযোগে ব্যাখ্যা কর। (খ) যথাযথ সম্পদ কেন অতিরিক্ত ব্যবহৃত (over-exploited) হয়? সংক্ষেপে এই সমস্যার যে-কোনো একটি সমাধান আলোচনা কর। (গ) তুমি একটি জাদুঘরের তত্ত্বাবধায়ক। জাদুঘরটি পুঁজি স্বল্পতায় ভুগছে। তাই তুমি ঠিক করলে এর আয় বৃদ্ধি করবে। এই আয় বৃদ্ধি করতে তুমি জাদুঘরের প্রবেশমূল্য বাড়াবে না কমাবে? ব্যাখ্যা কর। (ঘ) পরিবেশদূষণ রোধের জন্য অর্থনীতিবিদরা নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাকে সংশোধনকারী করের তুলনায় শ্রেয় মনে করে। এই প্রস্তাবনায় তোমার সম্মতি বা অসম্মতি কারণসহ লেখ। (ঙ) যদি বাজারে বাড়ি ভাড়ার ওপর উর্ধ্বসীমা নির্ধারণ করা হয়, তাহলে এর কী প্রভাব ভাড়াবাড়ীর বাজারের ওপর পড়বে? এইভাবে ভাড়ার উর্ধ্বসীমা নির্ধারণ কি উৎকর্ষতার পরিচায়ক? (চ) এক পিছু কর আরোপ কীভাবে 'মৃতভার সামাজিক ক্ষতি' (dead-weight social loss) তৈরী করতে পারে? (ছ) দু'ধরনের বাজার ব্যবস্থার ব্যর্থতার (market failure) নাম বলো। কেন প্রতি ক্ষেত্রে বাজারের সমাধান অদক্ষ হয় তা ব্যাখ্যা কর। (জ) প্রতিটি প্রতিরিক্ত একক হীরের উপভোগ থেকে অনিতা বর্ধিত উপযোগীতা আহরণ করে। অনিতার হীরের চাহিদা রেখার ঢাল কেমন হবে তা যুক্তি সহকারে বোঝাও।

বিভাগ - খ

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ৬×৫

২। নিম্নলিখিত সরকারি কাজগুলি সমতা না দক্ষতা কী ধরনের প্রেরণা দ্বারা চালিত? ব্যাখ্যা দাও।

(ক) কেবল্ টিভির দাম নিয়ন্ত্রণ করা। (খ) প্রকাশ্য স্থানে ধূমপান নিষিদ্ধ করা। (গ) একটি বড়ো একচেটিয়া কারবারকে বিভিন্ন ছোট কারবারে বিভক্ত করা। ২+২+২

৩। ধরা যাক্ ভারতবর্ষে ১০ মিলিয়ন কর্মী আছে এবং প্রত্যেক কর্মী বছরে হয় দু'টি করে গাড়ি বা ৩০ কুইন্টাল গম উৎপাদন করতে পারে।

(গ) নিম্নে প্রদত্ত মানগুলি যথাক্রমে 20 ও 30টি পর্যবেক্ষণ বিশিষ্ট দুটি দলের ক্ষেত্রে নির্দেশিত হলে 50টি পর্যবেক্ষণ বিশিষ্ট সংযুক্ত দলের ভেদাঙ্ক নির্ণয় করো। ৪

দল

	I	II
$\sum x$	45	55
$\sum x^2$	118	132

(ঘ) অর্থনীতি ও গণিতে 10 জন ছাত্রের র‍্যাংক সহগতি সহগের মান 0.5। পরে লক্ষ্য করা যায় কোনো একজন ছাত্রের দুটি বিষয়ের র‍্যাংক পার্থক্যের মান ভুলবশত 7 এর পরিবর্তে 3 গণ্য করা হয়েছে। সঠিক র‍্যাংক সহগতি সহগ কী হবে? ৪

(ঙ) একজন কম্পিউটার সায়েন্সের স্নাতক X ও Y এই শিল্পে চাকরির আবেদন করেছে। X-শিল্পে নির্বাচিত হওয়ার সম্ভবনা 0.6 এবং Y-শিল্পে নির্বাচিত হওয়ার সম্ভাবনা 0.5। অন্ততপক্ষে কোনো একটি আবেদন খারিজ করার সম্ভাবনা 0.4। দুটি শিল্পের যে-কোনো একটিতে উক্ত স্নাতকের নির্বাচিত হওয়ার সম্ভাবনা নির্ণয় করো। ৪

(চ) একটি সমসম্ভব চালকের সংজ্ঞা দাও। একটি অবিচ্ছিন্ন সমসম্ভব চলকের একটি নির্দিষ্ট মান গ্রহণ করার সম্ভাবনা নির্ণয় করো। ২+২

(ছ) কোনো সিমেট্রিক্যাল নিবেশনের সম্যক বিচ্যুতি হল 9। এই নিবেশনটি প্ল্যাটিকার্টিক হতে হলে এর চতুর্থ বর্গের ভ্রামকের মান কত হবে? ৪

(জ) জীবন সারণী কী? এর দুটি ব্যবহার উল্লেখ করো। ২+২

বিভাগ - খ

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৬×৫

২। নিম্নলিখিত উক্তিগুলি 'সত্য' না 'মিথ্যা' যুক্তিসহ নির্দেশ করো। ২+২+২

(ক) চলকের কোন মান শূন্য (0) হলে গুণোত্তর গড় ও বিবর্ত যৌগিক গড় পরিমাপ

করা যায় না। (খ) যদি সম্যক বিচ্যুতি শূন্য (0) হয়, চলকের সব মান সমান হবে। (গ) একটি সমসম্ভব চলকের আশার মান কখনো ঋণাত্মক হতে পারে না।

৩। (ক) লোরেঞ্জ রেখা ও গিনি সহগ-এর সাহায্যে অর্থনৈতিক বৈষম্য কীভাবে পরিমাপ করা যায় ধারণা দাও। (খ) তোমাকে কেন্দ্রীয় ভ্রামকের মানগুলি দেওয়া হল এরূপ : $\mu_2=1.52$, $\mu_3=-0.75$, $\mu_4=20.15$। উপযুক্ত পরিমাপ পদ্ধতিতে প্রতিবৈষম্য সহগ (skewness) ও কার্টোসিস (kurtosis) নির্ণয় করো। বিস্তৃতিটির আকার সম্পর্কে মন্তব্য করো। ৩+৩

৪। (ক) জীবনধারণের ব্যয়সূচক সংখ্যা কী? (খ) নিম্নলিখিত রাশিতথ্যে 2015 সালে পাঁচটি গ্রুপের জীবনধারণ ব্যয়সূচকগুলি ও কোনো শহরের মধ্যবিত্ত শ্রেণির মোট ব্যয়ের শতাংশ দেওয়া আছে (ভিত্তি 2005 সাল = 100)। সামগ্রিক জীবনধারণের ব্যয়সূচক নির্ণয় করো।

গ্রুপ	খাদ্য	বস্ত্র	আলো ও জ্বালানি	বাড়িভাড়া	অন্যান্য
সূচক সংখ্যা (%)	525	325	240	180	200
মোট ব্যয়ের শতাংশ	40	16	15	20	09

মি. দাস 2005 সালে 7500 টাকা বেতন পেতেন। তাঁর জীবনযাত্রার মান সমান রাখতে গেলে 2015 সালে তাঁর বেতন কত হওয়া উচিত? ২+২+১

৫। (ক) ধরা যাক একটি সমসম্ভব চলরাশির সম্ভাবনা ঘনত্ব : $F(x) = Cx(2-x), 0 \le x \le 2$, C -এর মান কত? $P(\frac{1}{2} \le x \le 1)$ কত হবে? (খ) ধরা যাক এক-তৃতীয়াংশ মানুষ (diabetes) রোগী ইনসুলিন নিয়ে থাকেন। 100 জন পরীক্ষকের প্রত্যেকে উক্ত মানুষ রোগী বিশিষ্ট জনসংখ্যা থেকে 10 জন করে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করেন তার ইনসুলিন গ্রাহক কিনা। কতজন পরীক্ষকের রিপোর্ট থেকে আশা করা যায় যে 10 জন মধুমেহ রোগীর মধ্যে সর্বাধিক 3 জন ইনসুলিন গ্রাহক? (২+১)+৩

৬। (ক) যদি মহিলারা তাদের থেকে তিন বৎসরের বড়ো পুরুষকেই সর্বদা বিয়ে করেন তাহলে স্বামীর বয়স ও স্ত্রী-এর বয়সের সহগতি সহগের (correlation coefficient) মান কত হবে? এক্ষেত্রে নির্ভরক সমীকরণ কী হবে?

(খ) দুটি চলক x ও y এর সহগতি সহগাঙ্ক 0.5 হলে 10x ও -5y -এর সহগতি সহগাঙ্ক নির্ণয় করো। (২+২)+১

৭। (ক) স্ট্যান্ডার্ড স্বাভাবিক চলক কাকে বলে (Standard Normal Variable)? (খ) কোনো স্বাভাবিক নিবেশনের প্রতিবৈষম্য মান 3 হতে পারে কি? যুক্তিসহ নির্দেশ করো। (গ) কোনো কলেজের 500 জন ছাত্রের গড় ওজন 151 পাউন্ড এবং সম্যক বিচ্যুতি ৪

৪ পাউন্ড। যদি ওজনের মান স্বাভাবিক নিবেশনে থাকে তবে কতজন ছাত্রের ওজন 155 পাউন্ডের বেশি তা নির্ণয় করো। দেওয়া আছে $\Phi(0.27) = 0.6064$। ১+২+৩

৮। (ক) বেইস-এর নিয়মটি প্রমাণসহ উল্লেখ করো। (খ) একটি কফির দোকানে A ও B দুজন কফি সেন। A ব্যক্তি 70% খরিদ্দারকে এবং B ব্যক্তি 30% খরিদ্দারকে কফি সেন। A ব্যক্তি 80% ক্ষেত্রে সঠিক সময়ে এবং B ব্যক্তি 50% ক্ষেত্রে সঠিক সময়ে কফি দিতে পারেন। একদিন কোনো একজন B ব্যক্তিকে যথাযথ সময়ে কফি দেওয়া গেল না। তাকে A ব্যক্তি কফি দিয়েছেন এর সম্ভাবনা নির্ণয় করো। ২+৪

৯। ভ্রামক উৎপাদন অপেক্ষক ব্যবহার করে বাইনোমিয়াল নিবেশনের গড় ও সম্যক বিচ্যুতি নির্ণয় করো। ৩+৩

[ENGLISH VERSION]

The figures in the margin indicate full marks.

Section - A

1. Answer ***any five*** questions : 4×5

(a) State whether the following statements are true or false. 4

(i) A line diagram is meant for time series data. (ii) To exhibit the population of five countries in 2001 diagrammatically, the suitable diagram is ratio chart. (iii) In any grouped frequency data class intervals are of equal width. (iv) The vertical axis in case of ogive is cumulative frequency.

(b) Suppose that the least value 5.5 of a set of 50 values changed to 4.5. What would happen to its mean, median, mode? 4

(c) Given the following results relating to two groups containing 20 and 30 observations, calculate the coefficient of variation of all the 50 observations by combining both the groups. 4

Grouop

	I	II
$\sum x$	45	55
$\sum x^2$	118	132

(d) The coefficient of rank correlation of the marks obtained by 10 students in Economics and Mathematics was found to be 0.5. It was then detected that the difference in ranks in the two subjects for one particular student was wrongly taken to be 3 in place of 7. What should be the correct rank correlation coefficient? 4

(e) A graduate of computer science applies for a post in two industries X and Y. The probability of being selected in industry X is 0.6 and that in Y is 0.5. The probability of at least one of his applications being rejected is 0.4. Find the probability that he will be selected in one of the industries. 4

(f) Define a random variable. Find the probability that a continuous random variable assumes a definite value. 2+2

(g) The standard deviation of a symmetrical distribution is 9. What value can you suggest for the fourth order central moment in order that the distribution is platykurtic? 4

(h) What is a life table? Mention two uses of it. 2+2

Section - B

Answer ***any five*** questions : 6×5

2. State with reason whether the following statements are 'true' or 'false' : 2+2+2

(a) G. M. and H. M. cannot be measured for a set of values of a variable that includes zero. (b) If the standard deviation is zero, all the values of the variable are equal. (c) The expectation of a random variable cannot be negative.

3. (a) Discuss the measurement of economic inequality using Lorenz curve and Gini coefficient. (b) You are given the following values of higher order central moments as $\mu_2=1.52$, $\mu_3=-0.75$, $\mu_4=20.15$. Obtain the suitable measures of skewness and kurtosis. Comment on the shape of the distribution. 3+3

4. (a) What is Cost of Living Index number? (b) The following data show the cost of living indices for 5 groups with percentage of total expenditure for middle class people of a certain city in 2015 (Base 2005 = 100). Find the general cost of living index number.

GROUP	FOOD	CLOTHING	LIGHT & FUEL	HOUSE RENT	OTHERS
Index No. (%)	525	325	240	180	200
Percentage of Total Expenditure	40	16	15	20	09

Mr. Das got a salary of (₹ 7500 in 2005. Determine how much salary he would need in 2015 to maintain his standard of living as in 2005. 2+2+2

5. (a) Let the random variable x have the p d f

$F(x) = Cx(2-x),\ 0 \le x \le 2$

Find C. Also obtain $P(\frac{1}{2} \le x \le 1)$.

(b) Suppose that one-third of the diabetic patients in a city are on insulin. Each of 100 investigators collects a sample of 10 individuals from the population of diabetic patients to see if they are on insulin. How many of the investigators are expected to report that at most 3 out of 10 diabetic patients are on insulin? (2+1)+3

6. (a) If women always married men who are 3 years older than themselves, what would be the correlation coefficient between the ages of husband and wife? What would be the regression equations?

(b) The correlation coefficient between x and y is 0·5. Find the correlation coefficient between 10x and −5y. (2+2)+2

7. (a) What is standard normal variable? (b) Can the skewness of a normal distribution be 3? State with reasons. (c) The mean weight of 500 male students at a certain college is 151 lbs and the S.D. is 15 lbs. Assuming that the weights are normally distributed, find how many students have weights more than 155 lbs.

Given $\Phi(0.27) = 0.6064$ 1+2+3

8. (a) State and prove Bayes' rule. (b) In a coffee house two persons A and B supply coffee to the customers. A serves 70% customers and B serves 30% customers of the house. A serves in due time in 80% cases and B serves in due time in 50% cases. One day a person is not served in due time. What is the probability that he is served by B? 2+4

9. Using a moment generating function find out the mean and standard deviation of the Binomial Distribution. 3+3

SECOND PAPER – 2018

GROUP – B

FULL MARKS : 50

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪×৫

১। ধরা যাক একটি কলেজের সমস্ত ছাত্রছাত্রী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ভালো নম্বর পেতে চায়, কিন্তু অল্প কয়েকজন ছাত্রছাত্রীই বিষয়টি শিখতে চায়।

(ক) কলেজের সমস্ত ছাত্রছাত্রীর সেট (S), যে সমস্ত ছাত্রছাত্রী বেশি নম্বর পেতে চায় তাদের সেট (H), যে সমস্ত ছাত্রছাত্রী শিখতে চায় তাদের সেট (L), ছাত্রদের সেট (B) এবং ছাত্রীদের সেট (G)-কে একটি Venn Diagram-এ উপস্থাপিত করো।

(খ) নীচের বক্তব্যগুলির কোনটি সত্য কোনটি মিথ্যা বলো : ২+(১+১)

(১) H হল S-এর প্রপার সাবসেট, (২) L হল H-এর প্রপার সাবসেট

২। Cramer -এর নিয়মের সাহায্যে নীচের সমীকরণ ব্যবস্থাটি সমাধান করো : ৪

$4x_1 + 3x_2 - 2x_3 = 7$

$x_1 + x_2 = 5$

$3x_1 + x_3 = 4$

৩। নীচের অপেক্ষকটি বিবেচনা করো : $y = -2x^3 + 8x^2 + 9x - 15$

(ক) $x = 3$-এর মানে অপেক্ষকটি ঊর্ধ্বগামী না নিম্নগামী? (খ) $x = 3$-এর মানে অপেক্ষকটি উত্তল না অবতল? ২+১

৪। (ক) দেওয়া আছে যে

$A = \begin{bmatrix} -1 & 5 & 7 \\ 0 & -2 & 4 \end{bmatrix}$, দেখাও যে AI = IA = A. প্রতিটি ক্ষেত্রে অভেদ (Identity) ম্যাট্রিক্সের মাত্রা নির্ণয় করো।

(খ) দেওয়া আছে যে $B = \begin{bmatrix} 10 & -20 \\ -5 & 10 \end{bmatrix}$ তুমি কি B^{-1} নির্ণয় করতে পারো? না পারলে কেন পারো না? ২+২

৫। Euler-এর উপপাদ্যটি বিবৃত করো এবং নীচের অপেক্ষকটির ক্ষেত্রে উপপাদ্যটি যাচাই করো : ২+২

$y = Ax_1^{\alpha} x_2^{\beta} (A, x_1 x_2 > 0;\ 0 < \alpha, \beta < 1;\ \alpha + \beta = 1)$

৬। সমাধান করো : $y_{t+1} = 0.2y_t + 4,\ y_0 = 4$. দেখাও যে সমাধানটি সিদ্ধ হয়। ৩+১

৭। একটি দুই-ব্যক্তি শূন্য-যোগফল গেমে খেলোয়াড় A-র পে-অফ (pay-off) ম্যাট্রিক্সটি দেওয়া আছে :

		খেলোয়াড় B		
		1	2	3
খেলোয়াড় A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

খেলোয়াড় B-এর সাপেক্ষে একটি সরলরৈখিক প্রোগামিং সমস্যা (Linear Programming problem) গঠন করো। ৪

৮। নিম্নলিখিত উপযোগ (utility) অপেক্ষকটি বিবেচনা করো :

$U = U(x, y) = x^{\alpha} y^{\beta}\ (x, y > 0;\ \alpha, \beta > 0)$

যেখানে বাজেট বাধাটি হল $xPx + yPy = M\ (M, Px, Py > 0)$.

(ক) উপযোগ অপেক্ষকটির প্রেক্ষিতে চরম মান নির্ধারণের কাজটি করার সময় লগারিদমিক (logarithmic) রূপান্তর কি অনুমানযোগ্য? (খ) ল্যাগ্রাঞ্জিয়ান অপেক্ষক, এর পদের প্রয়োজনীয় শর্তগুলি লেখো এবং x ও y-এর সুস্থিত (equilibrium) মান ক্রমে x^* এবং y^* নির্ণয় করো। ২+২

বিভাগ - খ

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৬×৫

৯। (ক) a, b, c-র মানের উপর কোন কোন শর্ত আরোপ করলে নীচের অপেক্ষকটি যথাযথভাবে অবতল হবে? $ax^2 + bxy + cy^2$

(খ) নীচের অপেক্ষকটি $x = \frac{1}{2}$ বিন্দুতে সন্তত কি না বিচার করো : ৩+৩

$$f(x) = \begin{cases} \frac{1}{2} - x & when\ \ 0 < x < \frac{1}{2} \\ \frac{1}{2} & when\ \ x = \frac{1}{2} \\ \frac{3}{2} - x & when\ \ \frac{1}{2} < x < 1 \end{cases}$$

১০। নীচের সমস্যাটি বিবেচনা করো :

সর্বনিম্ন কর $C = 5x_1 + 12x_2$ বাধ্যস্বরূপ আছে $x_1 + 3x_2 \geq 10$

$x_1 + 2x_2 \geq 20$

$x_1, x_2 \geq 0$

(ক) এটির দ্বৈত চিত্র সমস্যাটি লেখো। (খ) রেখাচিত্রের সাহায্যে সমাধানের পদ্ধতি ব্যবহার করে দ্বৈত সমস্যাটির মূল সম্ভাব্য সমাধানগুলি চিহ্নিত করো। ২+৪

১১। নিম্নলিখিত সমীকরণগুলিকে চিত্রের সাহায্যে প্রকাশ করো এবং তারপর বলো তাদের মধ্যে কোনটি অপেক্ষক এবং কোনটি অপেক্ষক নয় : ১.৫×৪

(ক) $y = 3x + 5$ (খ) $y^2 = x$ (গ) $y = x^2$ (ঘ) $y = 10$

১২। নিম্নলিখিত অপেক্ষকটি বিবেচনা করো :

$f(x) = -x^3 + 6x^2 + 15x - 32$.

(ক) x-এর যে ক্রিটিকাল মান (গুলি)-র জন্য f (x) চরমমানে পৌঁছাতে পারে সেগুলি নির্ণয় করো। (খ) দ্বিতীয় ডেরিভেটিভ (derivative) পরীক্ষার মাধ্যমে চরমমানগুলিকে শ্রেণিবিভাগ করো। (গ) $f(x)$-এর প্রত্যয়যুক্ত (inflexional) মান (গুলি) নির্ণয় করতে পারো কি? যদি পারো, তবে এর বক্রতা (curvature)-র স্বরূপ কেমন হবে বলতে পারো? ১.৫+২.৫+১+১

১৩। একটি দুটিই শিল্পবিশিষ্ট মডেলের জন্য নিম্নলিখিত ইনপুট-আউটপুট সারণি বিবেচনা করো :

শিল্প / চূড়ান্ত চাহিদা	শিল্প ১	শিল্প ২	শ্রম
শিল্প ১ 0.2	0.3	0.3	
শিল্প ২ 0.4	0.2	0.1	
চূড়ান্ত চাহিদা (মিলিয়ন একক)	10	2	0

(ক) দুটি শিল্পের মোট উৎপাদন নির্ণয় করো। (খ) দেখাও যে তারা শ্রমের নিরিখে বাধাটিকে মান্য করে চলে (শ্রমের মোট জোগান সীমিত আছে 7 মিলিয়ন একক-এর মধ্যে)। ৪+২

১৪। দুজন খেলোয়াড় A এবং B একটি গেম খেলে যেখানে প্রত্যেকের কাছে তিনটি করে মুদ্রা (coin) (২০ পয়সা, ২৫ পয়সা এবং ৫০ পয়সা) আছে এবং একজন যখন কোনো একটি মুদ্রা নির্বাচন করে সেটি কিন্তু আর একজন জানতে পারে না। যদি মুদ্রাগুলির মানের যোগফল একটি যুগ্ম (even) সংখ্যা হয় A, B-র মুদ্রাটি জিতে যায়, যদি মুদ্রাগুলির মান-এর যোগফল একটি অযুগ্ম (odd) সংখ্যা হয়, B, A-র মুদ্রাটি জিতে যায়।

(ক) A-র পরিপেক্ষিতে পে-অফ (pay-off) ম্যাট্রিক্সটি গঠন করো। (খ) দুজন খেলোয়াড়ের চরম কৌশল (strategy) নির্ধারণ করো এবং গেমটির মান নির্ণয় করো। ২+(৩+১)

১৫। সমাধান করো : $y''(t) - \frac{1}{4}y(t) = -12,\ y(0) = 20,\ y'(0) = 24$ ৬

১। নিম্নলিখিত বাক্যগুলিকে সত্য অথবা মিথ্যা হিসাবে চিহ্নিত করো। 'মিথ্যা' বলে একটি তুমি মনে করছ তাকে ঠিক করে 'সত্য' বাক্য করো। (১.৫×৪)

(ক) একটি প্রায়-অবতল অপেক্ষক অবতল অপেক্ষক নাও হতে পারে। (খ) q যদি p-এর যথেষ্ট শর্ত হয় তবে p, q-এর প্রয়োজনীয় শর্ত। (গ) একটি উর্ধ্বগামী (অথবা নিম্নগামী) অপেক্ষক-একই সঙ্গে উত্তল এবং অবতল দুটিই হতে পারে। (ঘ) একটি অপেক্ষক x-এর একটি বিন্দুতে কলনযোগ্য না হলেও চরমমান প্রাপ্তি হতে পারে।

[ENGLISH VERSION]

The figures in the margin indicate full marks.

Section - A

Answer *any five* questions. 4×5

1. Suppose that all students of a college want to secure high marks in the University examination, but only some boys and girls want to learn the subject.

(a) Represent the set of all students (S), the set of students who want to secure high marks (H), the set of students who want to learn (L), the set of boy students (B) and the set of girl students (G) in one Venn diagram.

(b) State whether the following statements are True or False: 2+(1+1)
(i) H is a proper subset of S. (ii) L is a proper subset of H.

2. Using Cramer's rule solve the following system of equations: 4

$4x_1 + 3x_2 - 2x_3 = 7$
$x_1 + x_2 = 5$
$3x_1 + x_3 = 4$

3. Consider the function $y = -2x^3 + 8x^2 + 9x - 15$

(a) Is the function increasing or decreasing at $x = 3$? (b) Is the function covex or concave at $x = 3$? 2+2

4. (a) Given $A = \begin{bmatrix} -1 & 5 & 7 \\ 0 & -2 & 4 \end{bmatrix}$, show that AI = IA = A.

Indicate the dimension of identity matrix used in each case.

(b) Given $B = \begin{bmatrix} 10 & -20 \\ -5 & 10 \end{bmatrix}$ can you determme B^{-1}? If not, why not? 2+2

5. State the Euler's theorem and verify it for the function
$y = Ax_1^{\alpha} x_2^{\beta}$ ($A, x_1 x_2 > 0;\ 0 < \alpha, \beta < 1;\ \alpha + \beta = 1$) 2+2

6. Solve the following linear difference equation and verify the solution: $y_{t+1} = 0.2y_t + 4, y_0 = 4$. 3+1

7. Below is given the pay-off matrix of player A in a two-person zero sum game :

		Player B		
		1	2	3
Player A	1	3	1	1
	2	1	1	5
	3	1	4	1

Construct a linear programming problem with respect to player B. 4

8. Consider the utility function. $U = U(x, y) = x^{\alpha}y^{\beta}$ $(x, y > 0 ; \alpha, \beta > 0)$ subject to the budget constraint $xPx + yPy = M$ $(M, Px, Py > 0)$.

(a) Is logarithmic transformation of the given utility function for the optimization exercise permissible? (b) Write down the Lagrangian function, first order necessary conditions and solve for x^*, y^*–the equilibrium values of x and y respectively. 2+2

Section - B

Answer ***any five*** questions. 6×5

9. (a) Under what restrictions on the values of a, b, c the function $ax^2 + bxy + cy^2$ is strictly concave function?

(b) Examine continuity of the following function at x = ½: 3+3

$$f(x) = \begin{cases} \frac{1}{2} - x & when \quad 0 < x < \frac{1}{2} \\ \frac{1}{2} & when \quad x = \frac{1}{2} \\ \frac{3}{2} - x & when \quad \frac{1}{2} < x < 1 \end{cases}$$

10. Consider the following problem :

Minimize $C = 5x_1 + 12x_2$ subject to $x_1 + 3x_2 \geq 10$

$x_1 + 2x_2 \geq 20$

$x_1, x_2 \geq 0$

(a) Write down the dual problem. (b) Using graphical method of solution identify the basic feasible solution(s) of the dual problem. 2+4

11. Graphically represent the following equations and hence state which of them are functions and which are not : 1.5×4

(a) $y = 3x + 5$ (b) $y^2 = x$ (c) $y = x^2$ (d) $y = 10$

12. Consider the function : $f(x) = -x^3 + 6x^2 + 15x - 32$

(a) Find all the critical values of x for which $f(x)$ may be at its extremum level. (b) Try to classify each critical point (s) by using the second derivative test. (c) Can you find out the inflexional point(s) as well? If you can, mention the nature of change in curvature. 1.5+2.5+1+1

13. Consider the folloing input-output table for a two-industry model.

Industry / demand	Industry I Final	Industry II	Industry (L)
Industry I	0.2	0.3	0.3
Industry II	0.4	0.1	0.2
Final Demand (in million)	10	2	0

(a) Determine the gross levels of output of the two industries. (b) Verify that they obey the labour constraint (The labour supply is limited up to an amount of 7 million units). 4+2

14. Players A and B play a game in which each player has three coins (20 p, 25 P and 50 p). Each of them selects a coin without the knowledge of the other person. If the sum of the values of the coins is an even number, A wins B's coin. If the sum is an odd number, B wins A's coin.

(a) Develop a pay-off matrix with respect to player A. (b) Find out the optimal strategies for the players and value of the game. 2+(3+1)

15. Solve $y''(t) - \frac{1}{4}y(t) = -12$, $y(0) = 20$, $y'(0) = 24$ 6

16. Identify the following statements as TRUE or FALSE. Correct the statement if you think it is FALSE. 1.5×4

(a) A quasi-concave function need not be a concave function. (b) If q is a sufficient condition for p then p is a necessary condition for q. (c) An increasing function (or a decreasing function) may be convex as well as concave. (d) A function $f(x)$ may have optimum at a point where it is not differentiable.

PART - II
THIRD PAPER – 2018
(GROUP – A)
FULL MARKS : 50

প্রদত্তনিম্নলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

বিভাগ - ক

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৭

(ক) (অ) 'কেন্দ্র-বিন্দুর দিকে উত্তল নিরপেক্ষ রেখা ভোক্তার পছন্দক্রমে 'অধিক পরিমাণ বেশি পছন্দসই' সত্যে সিদ্ধ (Axiom of more is better)-কেই প্রতিষ্ঠাতা করে'—এই বক্তব্যটি পর্যালোচনা করো। (আ) যখন দুটি দ্রব্য সম্পূর্ণ পরিপূরক তখন আপেক্ষিক দামের পরিবর্তনের প্রভাবকে আয়-প্রভাব ও পরিবর্ত প্রভাবে বিভক্ত করো। ২+২

(খ) ভ্যান দুই কাল বিশিষ্ট জগতে বাস করে : "আজ" ও "আগামীকাল"; প্রত্যেক কালের শুরুতেই সে 210 টাকা আয় করে। যদি প্রত্যেক সময়কালের সুদের হার 0.5 হয়, তার সারা জীবনের আয়ের বর্তমান মূল্য কত? তার আন্তঃসময় বাজেট-রেখাটি অঙ্কন করো। ২+২

(গ) কোনো একটি দ্রব্য উৎপাদন করতে দুটি উপাদানের প্রয়োজন হয় বলে ধরা হলো। যদি উৎপাদনদুটির দাম সমান হয়, তবে কি এমন কথা বলা সঠিক যে উৎপাদকের তরফে কাম্যতম আচরণের জন্য দুটি উপাদানকে সমপরিমাণ ব্যবহার করতে হবে? ৪

(ঘ) যদি ফার্মের গড় ব্যয়রেখাসমূহ U-আকৃতির হয় তবে ফার্মটির গড় পরিবর্তনশীল ব্যয়ের সর্বনিম্ন মান যে উৎপাদনের স্তরে হয় তা কেন গড় মোট ব্যয়ের সর্বনিম্ন স্তরে উৎপাদনের পরিমাণের তুলনায় কম হয়? ৪

(ঙ) একচেটিয়া কারবারে কোনো জোগানরেখা থাকে না কেন? ৪

(চ) ধরা যাক, একটি দ্রব্যের জোগানরেখা সম্পূর্ণ অস্থিতিস্থাপক, এখানে সরকার যদি বাজার-বিমুক্ত স্তরের দামের তুলনায় কম দামের স্তরে সর্বোচ্চ দাম বেঁধে দেয় তবে কি মৃতভার ক্ষতি সৃষ্টি হবে? ব্যাখ্যা করো। ৪

(ছ) একটি নির্দিষ্ট উপাদানের মালিকের নিরিখে কি অর্থনৈতিক খাজনা কখনো পরিবর্তনশীল হতে পারে? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও। ৪

(জ) প্যারেটো-দক্ষ প্রতিস্থাপন কী? সহাবস্থান রেখা (contract curve) কীভাবে ওই প্রতিস্থাপনের সঙ্গে সম্পর্কিত? ২+২

বিভাগ - খ

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) ভোক্তা একটি দ্রব্যের বৈশিষ্ট্য থেকে উপযোগ লাভ করে, ধরা যাক, দ্রব্যের প্রোটিন (P) এবং শর্করা (C) থেকে। ধরা যাক, প্রতি ইউনিট x দ্রব্যে 2 একক 'C' এবং 0.25

একক 'p' এবং প্রতি ইউনিট y দ্রব্যে 0.25 একক 'C' ও 2 একক 'P' রয়েছে। দুটি দ্রব্যের ইউনিট প্রতি দাম, ধরা যাক, 1 টাকা এবং ভোক্তার আয় 8 টাকা। (C, P) পরিসরে ভোক্তার বাজেট রেখা নির্ধারণ করো। (খ) দ্রব্যের আকারে পুরস্কার যে অর্থের আকারে সমপরিমাণ পুরস্কারের তুলনায় ভোগের সুযোগ কম বাড়ায়, তা বাজেট রেখা সহায়ে করে দেখাও। ৪+২

৩। ধরা যাক, 'শেবা'র কাছে মাখন ও মার্জারিন পরিপূর্ণ (Perfect) পরিবর্ত দ্রব্য :

(ক) মাখন ও মার্জারিনের জন্য শেবার নিরপেক্ষ মানচিত্রটি অঙ্কন করো। (খ) এই নিরপেক্ষ রেখাগুলি কি উত্তল? কেন? (গ) ধরা যাক, শেবার মাসিক বাজেট 20 টাকা। মাখনের দাম প্রতি মোড়কে 2 টাকা এবং মার্জারিনের 1 টাকা। তাহলে শেবা কতটা মাখন এবং কতটা মার্জারিন ব্যবহার করবে চিত্রসহকারে ব্যাখ্যা করো। ২+২+২

৪। নিম্নলিখিত উৎপাদন অপেক্ষকটি গণ্য করা যাক :

$Q = 150L$, যেখানে Q = মোট উৎপাদন, L = নিযুক্ত শ্রমের পরিমাণ

(ক) এখানে মোট উৎপাদন রেখার আকৃতি কেমন হবে? (খ) এর সাথে সম্বন্ধযুক্ত AP এবং MP রেখার আকৃতি ব্যাখ্যা করো। (গ) কেন বাস্তবে একটি উৎপাদন অপেক্ষকের রূপ এমন না হওয়ায় সম্ভবনাই বেশি? ১+(২+২)+১

৫। ধরা যাক, তুমি একটি ঘড়ি নির্মাতা প্রতিষ্ঠানের ম্যানেজার যে প্রতিষ্ঠান একটি প্রতিযোতিামূলক বাজারে উৎপাদন চালায়। প্রতিষ্ঠানের মোট ব্যয় অপেক্ষকটি হল : $C = 100 + Q^2$ যেখানে Q= উৎপাদনের পরিমাণ এবং C= মোট ব্যয়।

(ক) যদি ঘড়ির দাম ইউনিট প্রতি 60 টাকা হয়, তবে মুনাফা সর্বোচ্চ করার জন্য তুমি কী পরিমাণ ঘড়ি উৎপাদন করবে? (খ) প্রতিষ্ঠানের মুনাফা কেমন হবে? (গ) কোন সর্বনিম্ন দামে এই প্রতিষ্ঠান ধনাত্মক পরিমাণ উৎপাদন চালাবে? ২+২+২

৬। (ক) একাধিক বাজারে যদি কোনো একচেটিয়া কারবারি বিক্রয়কার্য করতে চায়, তবে যে মূল শর্তগুলির পূর্তি প্রয়োজন সেগুলি উল্লেখ করো। (খ) দুটি বাজারে বিক্রয়রত এক একচেটিয়া কারবারি $p_1 = 164 - 2q_1$ এবং $p_2 = 108 - 5q_2$ শীর্ষক দুটি চাহিদা রেখার সম্মুখীন হয়েছে। কারবারির প্রান্তিক ব্যয় 8 টাকা এবং কোনো স্থির ব্যয় নেই। যদি সে দুটি বাজারে পৃথক পৃথক দাম চাইতে পারে, তবে কোন বাজারে কত দাম চাইবে? ২+৪

৭। পরস্পরের অনুরূপ দুটি উৎপাদন প্রতিষ্ঠান বিশেষ একটি গ্যাজেট বানায় এবং বাজারে তারা দুজনেই ওই গ্যাজেটের একমাত্র প্রস্তুতকারক। তাদের ব্যয় হলো $C_1 =$

$MC_1 = 10Q_1$ এবং $MC_2 = 30Q_2$, যেখানে Q_1 প্রথম উৎপাদন প্রতিষ্ঠানের উৎপাদন এবং Q_2 দ্বিতীয় উৎপাদন প্রতিষ্ঠানের উৎপাদন। নিম্নলিখিত চাহিদা রেখার মাধ্যমে দাম নির্ধারিত হয়: $P = 150 - Q$, যেখানে $Q = Q_1 + Q_2$

(ক) কুর্ণো ভারসাম্য নির্ধারণ করো এবং সেই ভারসাম্য অবস্থায় দুটি উৎপাদন প্রতিষ্ঠানের প্রান্তিক মূল্যমান নির্ণয় করো। (খ) যদি নিজেদের সম্মিলিত মুনাফা সর্বাধিক করার জন্য উৎপাদন প্রতিষ্ঠান দুটি একটি চুক্তিকারী গোষ্ঠী (Cartel) তৈরি করে, তবে কতগুলি পণ্যের উৎপাদন হবে, তা নির্ধারণ করো। তখন এক-একটি উৎপাদন প্রতিষ্ঠানের মূল্যমান কত হবে, তা নির্ণয় করো। ৩+৩

৮। একটি পূর্ণ প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে শ্রমিকের প্রান্তিক উৎপাদন 5 একক (ঘণ্টাপ্রতি)। প্রতিটি একক বাজারে 6 টাকা মূল্যে বিক্রয় হয়। উৎপাদন প্রতিষ্ঠানের মালিককে শ্রমিককে ঘণ্টা পিছু 40 টাকা দিতে হয়।

(ক) মালিক শ্রমিককে নিয়োগ করবে কিনা, তা ব্যাখ্যা করো। (খ) মালিকের নিয়োগ করা-না-করার সিদ্ধান্তের প্রভাবে অতিরিক্ত নিয়োজিত প্রতি শ্রমিকের নিরিখে উৎপাদনে/উৎপাদনশীলতার হ্রাস কী হবে? ৩+৩

৯। একটি দেশে শ্রম এবং মূলধন প্রয়োগ করে বস্ত্র এবং খাদ্য উৎপন্ন হয়। ধরা যাক, $w = r = 4$ টাকা (ঘণ্টা প্রতি)। বস্ত্র-উৎপাদনের ক্ষেত্রে $MP_L^C / MP_K^C = 2$ আর খাদ্য উৎপাদনে $MP_L^F / MP_K^F = 1/2$। এই অর্থনীতি কি উৎপাদনে দক্ষ। যদি দক্ষ না হয়, তবে কীভাবে উৎপাদনের পুনঃপ্রতিস্থাপন হওয়া উচিত? ২+৪

[ENGLISH VERSION]

The figures in the margin indicate full marks.

Section-A

1. Answer ***any five*** questions. 4×5

(a) (i) Examine whether convexity of Indifference curve follows from the axiom of 'more is better' in preference ranking. (ii) Decompose the effect of change in relative price into income and substitution effects when two goods are perfect Complements. 2+2

(b) Dan lives in a world of 2 time periods: 'today' and 'tomorrow'. At the beginning of each period he earns ₹ 210. If the interest rate in each period is 0·5, what is the present value of his lifetime income? Draw his intertemporal budget line. 2+2

(c) Suppose that a product requires two inputs for its production. Is it correct to say that if the prices of the inputs are equal, optimal

behaviour on the part of the producer requires that the two inputs be used in equal amounts? 4

(d) If the firm's average cost curves are U-shaped, why does its average variable cost curve achieve its minimum at a lower level of output than that of the average total cost curve? 4

(e) Why is there no market supply curve under monopoly? 4

(f) Suppose the supply curve for a good was completely inelastic. If the government imposed a price ceiling below the market-clearing level, would a deadweight loss result? Explain. 4

(g) Can economic rent be variable with respect to the owner of a specific resource? Argue in favour of your answer. 4

(h) What is pareto efficient allocation? How is a contract curve related to such allocations? 2+2

Section-B

Answer ***any five*** questions. 6×5

2. (a) A consumer derives utility from the consumption of the characteristics of a commodity, say, protein (P) and carbohydrate (C) content of a commodity. Let the food item x contains 2 units of C and 1·25 unit of P, and the food item y contains 0·25 unit of C and 2 units of P. The prices of x and y per unit are same, say, ₹ 1; and the money income of the consumer is ₹ 8. Prepare the budget line of the consumer in (C, P) plane. (b) Use budget lines to show that a gift in kind increases consumption opportunities less than the equivalent cash gifts. 4+2

3. Suppose Shera views butter and margarine as perfectly substitutable for each other in any of their uses.

(a) Draw a set of indifference curves that describes Shera's preferences for butter and margarine. (b) Are these indifference curves convex? Why? (c) If butter costs ₹ 2 per package, while margarine costs only Rs. 1 and Shera has a ₹ 20 budget to spend for the month, which butter margarine market basket will she choose? Can you show this graphically? 2+2+2

4. Consider the production function $Q = 150L$, where Q is total output, and L is the quantity of labour employed.

(a) What does the total product curve look like? (b) Describe the corresponding AP and MP curves. (c) Why is it unlikely that a true production function would have this form? 1+(2+2)+1

5. Suppose you are the manager of a watchmaking firm operating in a competitive market. Your cost of production is given by $C = 100 + Q^2$, where Q is the level of output and C is total cost.

(a) If the price of watches is ₹ 60 per unit how many watches would you produce to maximize profit? (b) What will be the profit level? (c) At what minimum price will the firm produce a positive output? 2+2+2

6. (a) State the principal conditions which are to be fulfilled for multimarket operations of a monopoly firm. (b) A monopolist selling in two markets faces the demand curves $p_1 = 164 - 2q_1$ and $p_2 = 108 - 5q_2$. His marginal cost is ₹ 8. He has no fixed costs. If the monopolist can charge different prices in two markets, what prices will he charge in each? 2+4

7. Suppose that two identical firms produce widgets and that they are the only firms in the market. Their costs are given by $C_1 = 30Q_1$ and $C_2 = 30Q_2$ where Q_1 is the output of Firm 1 and Q_2 the output of Firm 2. Price is determined by the following demand curve:

$P = 150 - Q$ where $Q = Q_1 + Q_2$.

(a) Find the Cuornt - Nash equilibrium and calculate the profit of each firm at this equilibrium. (b) If Firm 1 and Firm 2 form a cartel to maximize joint profits, determine the number of widgets to be produced by them. Calculate each firm's profit. 3+3

8. Under a perfectly competitive scenario, the marginal product of a worker is 5 units per hour and each unit is sold in the market at ₹ 6. The firm owner has to pay ₹ 40 per hour to the worker.

(a) Explain whether the owner will hire the worker. (b) As a result of the owner's decision, what will happen to the productivity with each additional hired worker? 3+3

9. In an economy, clothing and food are produced with the help of labour and capital. Suppose that $w = r =$ ₹ 4 per hour. In clothing production MP_L^C / MP_K^C is supposed to be 2 and that in food production MP_L^F / MP_K^F is supposed to be 1/2. Is the economy efficient in production? If not, how should it reallocate its resources? 2+4

THIRD PAPER – 2018
(GROUP - B)
FULL MARKS : 50

The figures in the margin indicate full marks.

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ 8×৫=২০

১। ধরা যাক অর্থের বাজারে; অর্থের চাহিদা অপেক্ষক হল $\left(\frac{M}{P}\right)^d = 1000 - 100r$ যেখানে r = সুদের শতকরা হার। অর্থের যোগান M হল 1000 এবং দামস্তর P হল 2 এখানে

(i) ভারসাম্য সুদের হার কত? (ii) যদি কেন্দ্রীয় ব্যাংক সুদের হার বৃদ্ধি করে 7% করে, তবে অর্থের যোগানের পরিমাণ কত ধার্য করবে। ২+২

২। ফিশার সমীকরণ ব্যবহার করে ব্যাখ্যা করো প্রকৃত সুদের হার কখন ঋণাত্মক হতে পারে। এই ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক কি নীতি নেবে? ৩+১

৩। একটি ক্লাসিক্যাল অর্থনীতিতে সরকার 100 টাকা বৃদ্ধি করল। যদি দেশের প্রান্তিক প্রবণতা 0.6 হয়, তবে নিম্নলিখিত বিষয়গুলির কী হবে? এগুলি বাড়বে না কমবে? ও পরিমাণ?

(ক) সরকারি সঞ্চয়, (খ) ব্যক্তিগত সঞ্চয়, (গ) জাতীয় সঞ্চয়, (ঘ) বিনিয়োগ।

৪। নিম্নলিখিত তথ্যসমূহ থেকে IS ও LM রেখার সমীকরণ লেখো, এবং Y ও r-এর সাম্য মান নির্ধারণ করো।

$C = 0.8(1 - T)Y$, $T = 0.25$, $I = 900 - 50r$,

$G = 800$, $M^d = 0.25Y - 62.5r$

$M/P = 500$ ২+২

৫। ধরা যাক কোনো সরকারবিহীন মুক্ত অর্থ ব্যবস্থায় $C = 20 + 0.8Y$, $I = 15$, $X = 8$ এবং $M = 5 + 0.3Y$। যদি (i) X-এর মান হয় 10, এবং (ii) স্বয়ং চালিত আমদানির মান বেড়ে 7 হয়, তবে মোট উৎপন্ন Y, এবং বাণিজ্য উদ্বৃত্ত খাতের কী পরিবর্তন ঘটবে নির্দেশ করো। ২+২

৬। ধরা যাক বাণিজ্যিক ব্যাংকের নগদ জমার অনুপাত 1/5 এবং জনগনের নগদ আমানত অনুপাত ও 1/5 ; এই অবস্থায় যদি সরকার কেন্দ্রীয় ব্যাংক থেকে 100 টাকা ঋণ করে এবং তা ব্যয় করে, তাহলে দেশের অর্থের যোগান কতটা বাড়বে? ২+২

৭। টবিনের 'q' -এর সংজ্ঞা দাও। এটি কি কোনো ফার্মের অর্থনৈতিক স্বাস্থ্য মাপার ভাল উপায়? ২+২

৮। একটি দেশে সঞ্চয়ের হার মোট উৎপন্নের 10% অন্য দেশে তা 20%। উভয় দেশেই মূলধন অবচয় হার 10%। সুস্থিত অবস্থায় দুটি দেশের মাথাপিছু আয় ও মাথাপিছু ভোগের হার কত হবে? ২+২

বিভাগ - খ

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৬×৫ = ৩০

৯। ধরা যাক সরকার তার ব্যয় বৃদ্ধি করল। IS-LM মডেল ব্যবহার করে নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে এর ফলাফল দেখাও ঃ

(ক) সরকার সুদের হার অপরিবর্তিত রাখল। (খ) অর্থের যোগান অপরিবর্তিত

আছে। (খ) মোট চাহিদা স্থির রাখা হল। ২+২+১

১০। সোলো অবশিষ্ট কি? কেন প্রকৌশলগত উন্নয়ন পরিমাপে প্রায়ই সোলো অবশিষ্ট ব্যবহৃত হয়? ২+৪

১১। যদি কোনো ব্যক্তির সম্পূর্ণ জীবন দুটি সময়কালে ভাগ করা হয়, যেমন সময়কাল-১ এবং সময়কাল-২, তবে সে কিভাবে এই দুই সময়কালে কাম্যস্তরের ভোগ নির্ধারণ করবে? যদি সুদের হার বৃদ্ধি পায় তবে কি হবে? (একজন নিট ঋণ গ্রহণকারী অবস্থা ধরে নাও) ৩+৩

১২। প্রায়-অনড় মজুরি তত্ত্বের সাহায্যে মোট জোগান রেখা (AS)-র ঢাল স্বল্পকালে কেন হবে ব্যাখ্যা কর। যদি উৎপাদন আপেক্ষক থেকে ক্রমবর্ধমান আয়তনজনিত প্রতিদান পাওয়া যায়, তবে কি এই তত্ত্বের কিস্তি অনড় থাকবে? ৫+১

১৩। স্থির বিনিময় হারের অধীনে একটি দেশ কীভাবে তার আভ্যন্তরীণ এবং বাহ্যিক ভারসাম্য অর্জন করবে? ৬

১৪। অভিজ্ঞতাভিত্তিক প্রত্যাশা ও মুদ্রাস্ফীতির জাড্য আধুনিক ফিলিপ রেখার সাহায্যে ব্যাখ্যা করো। তুমি কি যুক্তিভিত্তিক প্রত্যাশা তত্ত্বের সঙ্গে একমত যে মুদ্রাস্ফীতি বিপরিবর্তন যন্ত্রণাবিহীন হতে পারে? ২+২+২

১৫। সুদের হার এবং অর্থের লেনদেনের চাহিদার মধ্যে যথাযথ সম্পর্কটি কী? এই সম্পর্কটি যে লেনদেনের চাহিদাকে সর্বাপেক্ষা কাম্যস্তরে পৌঁছে দেয় তা কীভাবে জানা যায়? ৪+২

১৬। লেনদেন ব্যানাঙ্গে মূলধন খাত এবং চলতি খাতের সম্পর্ক কি? লেনদেন ব্যালান্সে চলতি খাতে ঘাটতি দূর করার উপায়গুলি উল্লেখ করো। ৪+২

[ENGLISH VERSION]

Section A

Answer ***any five*** questions. 4×5=20

1. Suppose that in the money market, the money demand function is $\left(\frac{M}{P}\right)^d = 1000 - 100r$, where r is the interest rate in per cent. The money supply M is 1000 and the price level P is, 2.

(i) What is the equilibrium rate of interest? (ii) If the Central Bank wishes to raise the interest rate to 7% what money supply should it set? 2+2

2. Use the Fisher equation to explain when can the real rate of interest become negative. What should the Central Bank do if it happens? 3+1

3. In a classical economy, the government raises taxes by ₹ 100. If marginal propersity to consume is 0.6, what will happen to the followings? Do they rise or fall? By what amount?

(a) Public savings (b) Private savings (c) National savings (d) Investment

4. Derive equations of IS and LM curve and find out the equilibrium levels of Y and r if $C = 0.8(1 - T)Y, T = 0.25, I = 900 - 50r, G = 800, M^d = 0.5Y - 62.5r, (M/P) = 500$. 2+2

5. Consider an open economy without government with $C = 20 + 0.8Y$, $I = 15, X = G$ and $M = 5 + 0.3Y$. Compute the changes in Y and in the trade surplus if

(i) X becomes 10 and (ii) autonomous import rises to 7. 2+2

6. Suppose the cash-reserve ratio of Commercial Bank is 1/5 and the currency-deposit ratio of the public is also 1/5. Under this condition, if the government takes a loan of Rs. 100 from the Central Bank and spends it then by how much will the money supply increase? 4

7. Define Tobin's q. Is it a good indicator of the economic health of a firm? 2+2

8. Find the steady-state levels of income per worker and consumption per worker for an economy which saves 10% of output each year, and another economy which saves 20% of output each year. In both countries 10% of capital stock depreciates each year. 2+2

Group B

Answer ***any five*** questions. 6×5=30

9. Suppose the government increases its expenditure. Show its impact in an IS-LM model in the following three cases

(a) the government keeps the rate of interest constant. (b) the money stock remains unchanged (c) the aggregate demand is kept constant. 2+2+2

10. What is Solow Residual? Why is Solow residual often used as a measure of technological progress? 2+4

11. If an individual's life span is divided in two periods, namely, period 1 and period 2, how will he decide the optimum level of consumption in these two periods? What happens if there is a rise in the rate of interest? (Use the case of a net borrower). 3+3

12. Explain the slope of the AS curve in the short run using the sticky wage model. Will this model hold if the production function exhibits increasing return to scale? 1

13. How does an economy achieve internal and external balance under fixed exchange rate? 6

14. Explain adaptive expectation and inflation inertia with the help of a modem Phillips curve. Do you agree with the rational expectation school that disinflation can be painless? 2+2+2

15. What is the exact relationship between the transaction demand for money and rate of interest? How do you know that the relationship optimises the transaction demand for money? 4+2

16. (a) What is the relation between capital account and current account in Balace of Payments? (b) Mention the ways to finance current account deficit in Balance of Payments. 4+2

FOURTH PAPER – 2018
(GROUP–A)
FULL MARKS : 50

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

বিভাগ - ক

১। যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০

(ক) মানব উন্নয়ন সূচক কীভাবে গঠন করা হয়? (খ) ভারডুর্নের (Verdoom's) নিয়মটি ব্যক্ত করো। (গ) PPP অনুপাত নির্ধারণের সাধারণ পদ্ধতিটি কী? (ঘ) বাণিজ্যের গতিময়তাজনিত লাভ বলতে কী বোঝায়? উদাহরণ দাও। (ঙ) শিশু মৃত্যুহার ও মোট উর্বরতার হারের সংজ্ঞা দাও। (চ) প্রকৌশলগত উন্নতিকে কীভাবে তুমি 'হিক্স নিরপেক্ষ' বলে গণ্য করবে? (ছ) একটি শিক্ষণ রেখা আঁকো এবং এর অর্থনৈতিক তাৎপর্য বিবৃত করো। (জ) উত্তরণের পর্ব ব্যাখ্যার জন্য তুমি কীভাবে বর্ধনশীল মূলধন-উৎপাদনের অনুপাত এবং বিনিয়োগ-আয় অনুপাতের ধারণাগুলি ব্যবহার করবে? (ঝ) ঠিকা শ্রমিক এবং দীর্ঘকালীন চুক্তিবদ্ধ শ্রমিকের মধ্যে পার্থক্য নির্দেশ করো। (ঞ) বিশ্বব্যাংক পরামর্শ অনুসারে দারিদ্র দূরীকরণের ত্রিমুখী রণকৌশল উল্লেখ করো।

(ট) নিম্নে প্রদত্ত তথ্যসমূহ ভিত্তিতে একজন গ্রামীণ শ্রমিকের প্রচরণ সিদ্ধান্ত নির্ধারণ করো ঃ

(অ) গ্রামীণ মজুরি ঃ দৈনিক ১০০ টাকা, (আ) শহরাঞ্চলে মজুরি ঃ দৈনিক ১৮০ টাকা, (ই) অর্থনীতিতে মোট শ্রমশক্তি = ২০০০ জন, (ঈ) গ্রামে কর্মসংস্থান = ১০০০ জন, (উ) শহরাঞ্চলে কর্মসংস্থান = ৫০০ জন, এবং (ঊ) গ্রামে কর্মপ্রাপ্তির সম্ভাবনা = ১।

(ঠ) কুজনেট্স প্রদত্ত উলটানো — 'U' অনুমানটি ব্যাখ্যা করো। (ড) লিউইস মডেলে কেন সমস্ত উদ্‌বৃত্ত শ্রমের জোগান সঙ্গে-সঙ্গে শিল্পক্ষেত্রে সন্নিহিত হয় না? (ঢ) একটি উদাহরণ সহ বিশ্বায়িত সরকারি দ্রব্যের ধারণা সংক্ষেপে ব্যাখ্যা করো। (ণ) অগ্রগামী সংযুক্তি প্রভাব কী? একটি উদাহরণ দাও।

বিভাগ-খ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ১০×৩

২। (ক) অর্থনৈতিক বিকাশের তুলনায় অর্থনৈতিক উন্নয়নের ধারণাটি ব্যাপক — ব্যাখ্যা করো। (খ) একটি দেশের মাথাপিছু বাস্তব আয়কে সেই দেশের অর্থনৈতিক উন্নয়নের যথার্থ সূচক বলে গণ্য করা যাবে না—তুমি কি এই বক্তব্যের সাথে সহমত? যুক্তি প্রদান করো। ৪+৬

৩। (ক) চিরস্থায়ী উন্নয়নের ধারণাটি ব্যাখ্যা করো। (খ) এ প্রসঙ্গে একটি দেশের দীর্ঘস্থায়ী নীট জাতীয় উৎপাদন পরিমাপের ক্ষেত্রে 'সবুজ হিসেব' প্রথা আলোচনা করো। ৩+৭

৪। (ক) সামঞ্জস্য বিধানের সমস্যা co-ordination Failure-র পরিপেক্ষিতে 'জোর ধাক্কা' তত্ত্বটির তাৎপর্য ব্যাখ্যা করো। (খ) স্বল্পোন্নত এবং উন্নত দেশগুলিতে প্রকৌশল মনোনয়নের তফাতের ক্ষেত্রে কোন বিষয়গুলি দায়ী? ৫+৫

৫। (ক) স্বল্পোন্নত দেশগুলিতে কৃষির উন্নয়নে কিছু প্রতিবন্ধকতা উল্লেখ করো। (খ) 'ভূমি-সংস্কার' ব্যবস্থাগুলি কৃষির উৎপাদিকা শক্তি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কিন্তু যথেষ্ট নয়'— ব্যাখ্যা করো। ৪+৬

৬। 'মূলধনের সঞ্চিতি' কীভাবে কৃষিক্ষেত্রে 'ক্রমহ্রাসমান প্রতিদান' এবং 'শূন্য প্রান্তিক উৎপাদন'-এর বেড়াজাল থেকে মুক্তির উপায় হিসাবে বিবেচিত হতে পারে, তা একটি ধ্রুপদী 'দ্বৈত অর্থনীতি, মডেলের সাহায্যে সমালোচনামূলক ব্যাখ্যা করো। ১০

[ENGLISH VERSION]

(Numbers of the margin indicate full marks.)

Section-A

1. Answer ***any ten*** questions: 2×10

(a) How is Human Development Index calculated? (b) State the Verdoom's law. (c) What is the common way of constructing a PPP ratio? (d) What is meant by dynamic gains from trade? Give an example. (e) Define Infant Mortality Rate (IMR) and Total Fertility Rate. (f) How can you consider technological progress to be 'Hicks-neutral'? (g) Draw a Learning Curve and state its economic implication. (h) How can you use the concepts of incremental capital-output ratio and investment-income ratio to explain the 'take-off' stage? (i) Distinguish between casual labour and long-term contract labour. (j) Mention the three-pronged strategy for poverty alleviation as suggested by the World Bank.

(k) Use the following information to determine the migration decision of a rural worker:

(i) Rural wage rate = ₹100 per day (ii) Urban wage rate = ₹ 180 per day, (iii) Total labour force in the Rural

employment = 1000, (v) Urban employment = 500, and (vi) Probability of getting rural job = 1

(l) Explain the inverted – U hypothesis of Kuznets. (m) In Lewis Model, why isn't the entire supply of surplus labour absorbed all at once in the industrial sector? (n) Briefly explain the notion of 'global public goods' with an example. (o) What is forward linkage effect? Give an example.

Section-B

Answer ***any three*** questions: 10×3

2. (a) Economic development is a broader concept than economic growth. – Explain. (b) Per capita real income of a country can not be considered as the true index of economic development of that country. – Do you agree? Give reasons. 4+6

3. (a) Explain the concept of sustainable development. (b) Discuss in this context the process of 'green accounting' for estimating sustainable Net National Product (NNP) of a country. 3+7

4. (a) Explain the relevance of big-push theory in case of co-ordination failure. (b) What factors are responsible for differences in technological choice between less developed and developed countries? 5+5

5. (a) State some of the barriers to agricultural development in less developed countries. (b) 'Land reform measures are necessary but not sufficient for raising agricultural productivity' – Explain. 4+6

6. Critically explain the role of capital accumulation as an escape route for the 'diminishing returns' and 'zero marginal productivity' in agriculture using a classical dual economy model. 10

FOURTH PAPER – 2018

(GROUP – B)

FULL MARKS : 50

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

বিভাগ - ক

১। যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০

(ক) ভারতের অর্থনৈতিক পরিকল্পনার দুটি মূল বৈশিষ্ট্য উল্লেখ করো। (খ) ভারতীয় অর্থনীতিতে পরিকল্পনার শুরুতে কাঠামোগত অনুন্নতির যে-কোনো দুটি কারণ উল্লেখ করো। (গ) ভারতে খাদ্যশস্যের সর্বনিম্ন সহায়ক মূল্য এবং সংগ্রহ মূল্যের পার্থক্য নির্দেশ করো। (ঘ) ভারতে ১৯৯১ সালে নয়া অর্থনৈতিক নীতি প্রবর্তনের পর উন্নয়ন কৌশলে

কীভাবে পরিবর্তন ঘটেছে? (ঙ) ভারতে ভূমি সংস্কারের যে-কোনো দুটি উদ্দেশ্য বিবৃত করো। (চ) ভারতে শিশু শিল্পের সংরক্ষণ প্রয়োজন কেন? (ছ) FERA এবং FEMA এর পার্থক্য দেখাও। (জ) ভারতে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে ভারত সরকার গৃহীত দুটি প্রধান প্রকল্প উল্লেখ করো। (ঝ) ভারতে কৃষি এবং শিল্পের মধ্যে ভোগদান এবং চাহিদার দিক থেকে সংযোগ নির্দেশ করো। (ঞ) ভারতে ১৯৬০-এর দশকীয় দশকে শিল্পোন্নয়ন ধীরগতির দুটি কারণ উল্লেখ করো। (ট) ভারতে বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ উৎসাহিত করার পিছনে মূল কারণগুলি উল্লেখ করো। (ঠ) ১৯৮০-এর দশকে ভারতে মুদ্রাস্ফীতির ওপর নিয়ন্ত্রণের জন্য গৃহীত দুটি প্রধান পদক্ষেপ উল্লেখ করো। (ড) ভারতে গ্রামীণ ঋণের যে-কোনো তিনটি উৎস নির্দেশ করো। (ঢ) ভারতে পরিকল্পনার রূপায়ণজনিত ব্যর্থতার প্রধান কারণগুলি কী কী? (ণ) ভারতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

বিভাগ - খ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩

২। ভারতে আঞ্চলিক বৈষম্যের কারণগুলি ব্যাখ্যা করো এবং এই সমস্যা দূর করার জন্য কিছু উপশমমূলক ব্যবস্থা প্রস্তাব করো। ৬+৪

৩। ভারতে সবুজ বিপ্লবের যে-কোনো দুটি অর্থনৈতিক বৈশিষ্ট্য এবং দুটি প্রযুক্তিগত বৈশিষ্ট্য উল্লেখ করো। ভারতে (ক) আয় বৈষম্য, (খ) কর্মসংস্থান সৃষ্টি, এবং (গ) কৃষি উৎপাদন বৃদ্ধির উপর সবুজ বিপ্লবের প্রভাব পরীক্ষা করো। ২+২+২+২+২

৪। ভারতীয় কৃষিতে দাম-নীতির উদ্দেশ্যগুলি কী ছিল? এক্ষেত্রে সৃষ্ট ফলাফল কি এই উদ্দেশ্যগুলি রূপায়ণে সমর্থ হয়েছে? ব্যাখ্যা করো। ৫+৫

৫। ভারতে পরিকল্পনাকালীন সময়ে আমদানি পরিবর্তন নীতি অনুসরণের ফলে সৃষ্ট প্রধান সমস্যাগুলি আলোচনা করো। ১০

[ENGLISH VERSION]

The figures in the margin indicate full marks.

Section-A

1. Answer ***any ten*** questions. 2×10

(a) Mention two basic characteristics of Indian economic planning. (b) State any two causes of structural backwardness of Indian economy on the eve of planning. (c) Distinguish between minimum support price and procurement price of food grains in India. (d) How did the

development strategy change in India following the adoption of New Economic Policy in 1991? (e) State any two objectives of land reforms in India. (f) Why does an infant industry need protection in India? (g) Distinguish between FERA and FEMA. (h) Mention two major schemes implemented by the Government of India to generate rural employment in India. (i) Indicate the supply-side and demand-side linkage between argiculture and industry in India. (j) Mention two reasons for the slow down of India's industrial growth during mid-1960s. (k) Mention the basic reasons behind promoting foreign direct investment in India. (l) Mention two major steps to control the inflationary pressure in India during 1980s. (m) State any three sources of rural credit in India. (n) What are the main causes behind implementional failure of planning in India"? (o) Mention the basic features of Second Five Year Plan in India.

Section-B

Answer ***any three*** questions. 10×3

2. Explain the causes behind regional inequality in India and suggest some corrective measures to overcome this problem. 6+4

3. State any two economic characterics and two technical characterics of Green Revolution in India. Examine the impact of Green Revolution on (i) income inequality. (ii) employment generation and (iii) output growth in Indian agriculture. 2+2+2+2+2

4. What were the objectives of price policy in Indian agriculture? Have the outcomes fulfilled those objectives? Explain. 5+5

5. Discuss the major problems that developed as a result of the import substitution policy adopted during the plan period in India. 10

C.U.B.A. ECONOMICS HONS. QUES. PAPERS (SEMESTER-I) - 2018

ECONOMICS – HONOURS – 2018

Paper : CC-1

Full Marks : 65

বিভাগ-ক

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০

(ক) "দাম বৃদ্ধির ফলে পেট্রোলের চাহিদা হ্রাস পায়"।

—বাক্যটি ইতিবাচক (positive) না মূল্যবোধভিত্তিক (normative) তা যুক্তিসহ ব্যাখ্যা করো।

(খ) সমতা-দক্ষতার পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত নীতি সিদ্ধান্তটি ব্যাখ্যা করো :

"মধ্যপ্রদেশ সরকার কৃষকদের বকেয়া ঋণ মকুব করেছে, কারণ তারা ক্ষতির সম্মুখীন হয়েছেন।"

(গ) চাহিদা নির্ধারণকারী অন্যান্য বিষয়গুলি অপরিবর্তিত থাকাকালীন তিতলির আয় কমে এবং তার ফলে সে আরো পালং শাক কেনে। পালং শাক কী ধরনের দ্রব্য? আয় কমার ফলে তিতলির পালং শাকের চাহিদা রেখার উপর কী প্রভাব পড়ে?

